১৬ পাতার সংখ্যা

# কর্মসংস্থান

দাম : ৫ টাকা

www.karmosangsthan.com

Vol. 35 ■ Issue No. 52 ■ 31st December 2022 ■ Saturday ■ Kolkata ■ R.N.I. 44167/88

ভর্তি চলছে
কম খরচে ফার্মেসি কোর্স করে
Retail বা Wholesale ওষুধের দোকান খুলুন
D.Pharmacy • B.Pharmacy
HS Science (PCB/M with 50% Marks) | PCI Approved
LLB
LLM
Ph.D.
HALDAR GROUP (সোনারপুর) | 7980447585
GOVT. REG. No. : IV-1903-00118/2022
www.haldargroup.org

## রেলের গ্রুপ 'ডি'র ফল বেরোল

নিজস্ব সংবাদদাতা, কলকাতা : রেলের বিজ্ঞপ্তি নং আর.আর.সি ১/২০১৯ লেভেল-।'এর গ্রুপ 'ডি' পদের যে সি.বি.টি টেস্ট ১৭ আগস্ট থেকে ১১ অক্টোবর পর্যন্ত বিভিন্ন ফেজ'এ হয়েছিল, তার ফল বেরোল। সফলদের তালিকা সংশ্লিষ্ট রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের অফিসের

এরপর ৩ পাতায়

## ইসরোতে ৫২৬ ক্লার্ক, স্টেনো, অ্যাসিস্ট্যান্ট

গ্র্যাজুয়েট ছেলেমেয়ের জন্য

নিজস্ব সংবাদদাতা, শ্রীহরিকোটা : ইন্ডিয়ান স্পেস রিসার্চ অর্গানাইজেশনের ইসরো সেন্ট্রালাইজড রিক্রুটমেন্ট বোর্ড 'অ্যাসিস্ট্যান্ট', 'জুনিয়র পার্সোন্যাল অ্যাসিস্ট্যান্ট', 'আপার ডিভিশন ক্লার্ক' ও 'স্টেনোগ্রাফার' পদে ৫২৬ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

অ্যাসিস্ট্যান্ট: মোট অন্তত ৬০% নম্বর পেয়ে ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। কম্পিউটারে কাজ চালানোর মতো দক্ষতা থাকতে হবে। শূন্যপদ : আহমেদাবাদে ২৬টি (জেনাঃ ১০, ও.বি.সি. ৮, তঃজাঃ ২, তঃউঃজাঃ ৪, ই.ডব্লু.এস. ২)।

এরপর ১৬ পাতায়

## প্রাইমারির ইন্টারভিউ শুরু হল ২৭ ডিসেম্বর থেকে

রঞ্জিৎ ঘোষ, কলকাতা : প্রথম শ্রেণি থেকে পঞ্চম শ্রেণি পর্যন্ত স্কুলে 'প্রাইমারি টিচার' পদে ১১,৭৬৫টি শূন্যপদে 'টেট' পাশ প্রার্থীদের জন্য ২১ অক্টোবর থেকে ২১ নভেম্বর পর্যন্ত যে দরখাস্ত নেওয়া হয়েছিল, তার প্রথম পর্যায়ের ইন্টারভিউ প্রক্রিয়া শুরু হয়েছে ২৭ ডিসেম্বর থেকে। এই পর্যায়ে শুধুমাত্র কলকাতা জেলার জন্য যাঁরা দরখাস্ত করেছিলেন, তাঁদেরই ইন্টারভিউ নেওয়া হবে। প্রথম পর্যায়ে ২০০ জন প্রার্থীকে ইন্টারভিউয়ে ডাকা হয়েছে। কবে, কাদের ইন্টারভিউ হবে তা ওয়েবসাইটে পাবেন। ইন্টারভিউয়ে থাকবে ৫ নম্বর আর অ্যাপ্টিটিউট টেস্টে থাকবে ৫ নম্বর। এবার ইন্টারভিউ হবে কেন্দ্রীয়ভাবে, কড়া নিরাপত্তায়। প্রত্যেক প্রার্থীর ইন্টারভিউ ও অ্যাপ্টিটিউট টেস্টের ভিডিও রেকর্ডিং করা হবে। এবার কোনো জেলার

এরপর ৫ পাতায়

এবারের ইন্টারভিউ ও অ্যাপ্টিটিউড টেস্টে কেমন প্রশ্ন আসতে পারে তা নিয়ে বিস্তারিত আলোচনা ভেতরের পাতায়

কম্বাইন্ড ডিফেন্স সার্ভিস ও ন্যাশনাল ডিফেন্স অ্যাকাডেমি অ্যান্ড ন্যাভাল অ্যাকাডেমি পরীক্ষার মাধ্যমে

## আর্মি, নেভি ও এয়ারফোর্সে ৭৩৬ অফিসার

### ন্যাশনাল ডিফেন্স অ্যাকাডেমিতে ৩৯৫ অফিসার

নিজস্ব সংবাদদাতা, নয়া দিল্লি : স্থলবাহিনী, নৌবাহিনী ও বিমানবাহিনী ৩ বছরের ট্রেনিং দিয়ে অফিসার পদে ৩৯৫ জন অবিবাহিত ছেলেমেয়ে নিচ্ছে।

এরপর ১৬ পাতায়

### কম্বাইন্ড ডিফেন্স সার্ভিসে ৩৪১ অফিসার

নিজস্ব সংবাদদাতা, নয়া দিল্লি : ভারতীয় স্থলবাহিনী, নৌবাহিনী ও বিমানবাহিনী ৯ মাস থেকে ২ বছর ১১ মাস ট্রেনিং দিয়ে অফিসার পদে ৩৪১ জন লোক নিচ্ছে। নেওয়া হবে এইসব বিভাগে : ইন্ডিয়ান মিলিটারি অ্যাকাডেমি, অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমি, ন্যাভাল অ্যাকাডেমি ও এয়ারফোর্স অ্যাকাডেমিতে। কারা

এরপর ৩ পাতায়

কর্মসংস্থান LIVE TM

## মুর্শিদাবাদ জেলায় অঙ্গনওয়াড়ি কর্মী

নিজস্ব সংবাদদাতা, মুর্শিদাবাদ : মুর্শিদাবাদ জেলার অর্ন্তগত সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্পের অধীন বিভিন্ন ব্লকে কাজের জন্য 'অঙ্গনওয়াড়ী কর্মী' ও 'অঙ্গনওয়াড়ী সহায়িকা' পদে

এরপর ১৬ পাতায়

## এয়ারপোর্টে ৩৫৬ এক্সিকিউটিভ

নিজস্ব সংবাদদাতা, নয়া দিল্লি : এয়ারপোর্টস অথরিটি অফ ইন্ডিয়া 'জুনিয়র এক্সিকিউটিভ (এয়ার ট্রাফিক কন্ট্রোল)' পদে ৩৫৬ জন ছেলেমেয়ে নিচ্ছে।

ফিজিক্স ও অঙ্ক বিষয় নিয়ে সায়েন্স

এরপর ২ পাতায়

TV9 বাংলা
Academic Excellence & Education Conclave Award 2022 'Uttaran' প্রাপ্ত প্রতিষ্ঠান
বিবেকানন্দ আশ্রমিক কোচিং সেন্টার
An ISO 9001 : 2015 Certified, Govt.. Regn. No : [MAS-1/471, L-76204], Maslandapur, North 24 Parganas
শংকর দার কোচিং
জীবন যুদ্ধে থাকবো পাশে
২৪ বছর
RPF
ব্যাচ শুরু জানুয়ারির প্রথম সপ্তাহে।
আপার প্রাইমারী
ব্যাচ শুরু 10th January 2023
ক্লাস হবে বারাসাত, সিমলাপাল, সোনারপুর, তমলুক ও হেড অফিসে
SLST ক্লাস চলছে
M: 9091003392
AIRFORCE X&Y
ব্যাচ শুরু 5th January 2023
আর্মি নার্সিং
ক্লাস শুরু 25th January 2023
WBCS
ক্লাস চলছে বারাসাত শাখায়
যোগাযোগ- 9091003392
Rail গ্রুপ C/D
ব্যাচ শুরু 5th January 2023
সমাবর্তন অনুষ্ঠান
26 জানুয়ারি, সবার আমন্ত্রণ রইল
হেড কনস্টেবল-এ যাঁদের Measurements হয়ে গেছে, তাঁদের ক্লাস শুরু 5th January, 2023 থেকে।
সরকারী চাকরী পেতে গেলে চাই কঠোর পরিশ্রম। তাই শুধুমাত্র Serious Student রাই ভর্তি হন
বারুইপুরের পরিবর্তে নতুন ব্রাঞ্চ সোনারপুর
বিবিসিন্ডন্ড, আনন্দ্দম মাঠ, কোল- 150
ভর্তি চলছে স্কুল সার্ভিস SLST / SSC MTS / WBP SI
AIRFORCE X & Y / / R.P.F / সেনাবাহিনী
WBP (MAIN) / ANM / GNM / কলকাতা পুলিশ
BSF Tradesman / স্কুল সার্ভিস গ্রুপ C ও D

| | | |
|---|---|---|
| হেড অফিস M: 9733894444 | বারাসাত M: 9635428886 | বাঁকুড়া M: 8001693133 |
| সিমলাপাল M: 7001867319 | তমলুক M: 8328770363 | বসিরহাট M: 9647303005 |
| সোনারপুর M: 7557050701 | খড়গপুর M: 8670644061 | কোতুলপুর M: 9733894444 |

## বার্ণপুর স্টিল প্লান্টে ১৩৩ টেকনিশিয়ান

নিজস্ব সংবাদদাতা, পশ্চিম বর্ধমান : কেন্দ্রীয় সরকারের অধীন সংস্থা স্টিল অথরিটি অফ ইন্ডিয়ার বার্ণপুর ইসকো স্টিল প্ল্যান্ট 'অপারেটর-কাম-টেকনিশিয়ান-ট্রেনি' ও 'অ্যাটেন্ড্যান্ট কাম টেকনিশিয়ান (ট্রেনি)' পদে ১৩৩ জন ছেলেমেয়ে নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

অপারেটর কাম টেকনিশিয়ান

এরপর ১৫ পাতায়

৮ বাহিনীর
লিখিত পরীক্ষায় সফল পরীক্ষার্থীদের দিয়ে তৈরি করা মডেল প্রশ্নোত্তর (সম্পূর্ণ ব্যাখ্যা সহ) পেতে আজই যোগাযোগ করুন এই নম্বরে :
9830624170

ভেতরের পাতায় : ৮ কেন্দ্রীয় বাহিনীর কনস্টেবল পদের পরীক্ষার সম্ভাব্য প্রশ্নোত্তর ■ কেন্দ্রীয় সংস্থায় ১৮২ চাকরি ■ পোর্ট ট্রাস্টে ৫০

## ১৫৮ ভেটেরিনারি অফিসার রাজ্যে

নিজস্ব সংবাদদাতা, কলকাতা : রাজ্য সরকারের অ্যানিম্যাল রিসোর্সেস ও অ্যানিম্যাল হেলথ দফতরে কাজের জন্য 'ভেটেরিনারি অফিসার' পদে ১৫৮ জন ছেলেমেয়ে নিচ্ছে। ভেটেরিনারি সায়েন্স অ্যান্ড

এরপর ২ পাতায়

## সেনাবাহিনীতে ৭৯ চাকরি

নিজস্ব সংবাদদাতা, জবলপুর : কেন্দ্রীয় সরকারের প্রতিরক্ষা মন্ত্রকের অধীন জবলপুর ক্যান্টনমেন্ট বোর্ড সাফাইওয়ালা, মালি, আয়া, পিওন, অ্যাসিস্ট্যান্ট টিচার ও স্যানিটারি ইন্সপেক্টর পদে ৪৪

এরপর ১৫ পাতায়

## কেন্দ্রীয় 'সি-টেট' পাশরাও রাজ্যের শিক্ষক নিয়োগের পরীক্ষা দিতে পারবে

নিজস্ব সংবাদদাতা, কলকাতা : কেন্দ্রীয় সরকারের সেন্ট্রাল বোর্ড অফ সেকেন্ডারি এডুকেশনের নেওয়া 'সি-টেট' পরীক্ষায় পাশ করা প্রার্থীরা এবার থেকে রাজ্যের প্রাথমিক শিক্ষক পদের জন্য সরাসরি ইন্টারভিউ দিতে পারবেন। কলকাতা হাই কোর্টের বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায় ২২ ডিসেম্বর এক নির্দেশে জানান, 'সি-টেট' পাশ প্রার্থীরা প্রাথমিক শিক্ষক নিয়োগে অংশগ্রহণ করতে পারবেন। তবে তাঁদের চাকরির সুপারিশপত্র দেওয়া হবে কিনা, সে বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত

এরপর ৩ পাতায়

সরকার স্বীকৃত প্যারামেডিকেল কোর্স করে স্বাস্থ্য পরিষেবায় চাকরি পাওয়া যায় সরকারি এবং বেসরকারি ক্ষেত্রে

প্রতি বছর পনেরো থেকে কুড়ি হাজারের মতো দক্ষ মেডিকেল টেকনোলজিস্টের চাহিদা থাকে পশ্চিমবঙ্গ সহ ভারতের বিভিন্ন প্রতিষ্ঠানে, হাসপাতাল এবং বিভিন্ন সরকারি প্রকল্পে, বিশেষ করে covid পরবর্তী সময়ে এর চাহিদা আরো বহুগুণ বেড়ে যায়। ভারত সরকারের Ministry of Skill Development এবং NSDC যৌথ উদ্যোগে ও আর্থিক সহায়তায় সারা ভারতে কিছু Vocational Training Centre অনুমোদন করে, তার মধ্যে পশ্চিমবঙ্গে স্কুল অফ মেডিকেল টেকনোলজি একটি সেরা প্রতিষ্ঠান, এই সংস্থাটি পরিকাঠামো, প্রশিক্ষণ ও গুণগত মানের জন্য NSDC এর পক্ষ থেকে "A" ক্যাটাগরি সংস্থা হিসাবে স্বীকৃতি পেয়েছে। এই প্রতিষ্ঠানটি পশ্চিমবঙ্গ কারিগরি সংসদ অনুমোদিত চারটি প্যারামেডিকেল কোর্স করে ২০০১ সাল থেকে ২০১২ সাল পর্যন্ত। তাছাড়া রবীন্দ্র ভারতী বিশ্ববিদ্যালয় ও আলিয়া বিশ্ববিদ্যালয়ের সাথে যৌথ উদ্যোগে এই সংস্থায় প্যারামেডিকেল ডিপ্লোমা কোর্স করানো হয়। এখান থেকে পাস করা ছাত্রছাত্রীরা পশ্চিমবঙ্গ সহ বিভিন্ন রাজ্যের সরকারি-বেসরকারি হাসপাতালে কর্মরত। যেহেতু এই সংস্থাটি সরকারি সাহায্যপ্রাপ্ত, তাই যে সব কোর্স এখান থেকে করানো হয় তার ফিস খুবই কম এবং ছাত্রছাত্রীরা যে কোর্স ফিস দিয়ে কোর্স করেন তা তাদের OJT / Internship পিরিয়ডে পেয়ে যায়। কোর্স পাস করার পর Campus Interview সংস্থার পক্ষ থেকে আয়োজন করা হয়। এই সংস্থার সাথে নামি দামি হসপিটালের সাথে Internship এবং চাকুরীর নিয়োগের LOI স্বাক্ষরিত আছে।

সরকারি স্বীকৃত যে সব ডিপ্লোমা কোর্স করানো হয় — (১) মেডিকেল ল্যাবরেটরি টেকনোলজি (২) এক্সরে উইথ ইমাজিন টেকনোলজি (CT Scan), (৩) ফিজিওথেরাপি টেকনোলজি, (৪) অপারেশন থিয়েটার টেকনোলজি। এই কোর্সগুলির মেয়াদ ২ বছর এবং Internship ৬ মাসের। প্রতিটি কোর্স ফিস ৪০,০০০-৫০,০০০ এর মধ্যে।

সার্টিফিকেট কোর্স : (১) অ্যাডভান্স জিডিএ- ক্রিটিকাল কেয়ার (নার্সিং), (২) ফ্লেবোতোমী (ব্লাড কালেক্টর)। এই কোর্সগুলির মেয়াদ ৬ মাসের এবং Internship ৩ মাসের, প্রতিটি কোর্স ফিস ১২,০০০-১৫,০০০ এর মধ্যে। ভর্তির শেষ তারিখ ১০ই জানুয়ারী, ২০২৩

যোগাযোগ : স্কুল অফ মেডিক্যাল টেকনোলজি
২৪ গিরিশচন্দ্র বোস রোড, এন্টালি, কোলকাতা- ৭০০০১৪
মোবাইল : ৯২৩১৫২০৪৮০ / ৯৮৭৪৭৬০০১২ / ০৩৩-২২২৭২৩১০
Website : www.samthope.org
বর্ধমান : ৮০০১৫০৮৭১০, পুরুলিয়া : ৯৯৩২৯৬৫৬৩৬
ঝাড়গ্রাম : ৬২৯৪২৮৯৪৭৮, বহরমপুর : ৯৭৩৩৭১২৭৭৩

**কর্মসংস্থান**
সাপ্তাহিক পত্রিকা
প্রধান কার্যালয়
১২/৩/৪ জামির লেন, কলকাতা - ৭০০ ০১৯
হেল্প লাইন
✆ : ৯৮৩০৬২৪১৭০
ফ্যাক্স নং : ২৪৬০ ৮২৩৩
নয়াদিল্লি কার্যালয়
রুম নং - ১০২ অ্যানেক্স, আই.এন.এস বিল্ডিং, রফি মার্গ
নয়াদিল্লি-১১০ ০০১
ফোন : ০৯৮১৮৬৭৫২৮৩

### স্কুল-কলেজ-শিক্ষা

ফিজিওথেরাপী, অপ্টোমেট্রি, নার্সিং, ECG, X-Ray কোর্সে ভর্তি চলছে। CBMC – 8697893849, 32, Surya Sen Street, Kolkata-9

CM

### স্কুল-কলেজ-শিক্ষা

অঙ্ক, ইংরেজি, রিজনিং, SSC, Bank, Rail, WBCS যত্ন সহকারে পড়ানো হয়। দেবাশিস স্যার (বারাসাত) M : 6289478431

SH

**D.El.Ed (2021–23)**
ভর্তি চলছে। কম খরচে, ক্লাস ম্যানেজ, বিনামূল্যে নোটস, সাজেশন। (M) : 9143288787

SH(A)

**2022-23, GNM**
-2,50,000, B.Sc Nursing-3,50,000, Nilachal Institute of Nursing & Health Sciences, বেথুয়াডহরী, নদীয়া। 7363811008, 8906873584

B

### স্কুল-কলেজ-শিক্ষা

গুরুগ্রাম টিউটোরিয়াল- ঘোলা, সোদপুর (গোপাল বাবা আশ্রমের বিপরীতে) এখানে WBCS, WBPSC, WBSSC, CGL, CHSL, Bank সমস্ত প্রকার প্রতিযোগিতা মূলক পরীক্ষার জেনারেল নলেজ পড়ানো হয়। পড়া ধরে প্রতিনিয়ত পড়া মুখস্থ করিয়ে দেওয়া হয়। কন্টাক্ট- 7980063282, 9732752688

MS

**প্যারামেডিকেল ও নার্সিং**
CMS&ED (এলোপ্যাথি), DHMH (হোমিও), DMLT (প্যাথলজি), DPT (ফিজিওথেরাপি), ECG এবং ANM (নার্সিং) কোর্সে ভর্তির শেষ তারিখ ৮ই জানুয়ারি। ক্লাস - শনি ও রবিবার। ক্যারিয়ার একাডেমি অফ মেডিক্যাল সাইন্স, গড়িয়া স্টেশন রোড, ছোট বটতলা, কলি-84, 45A, বাসস্ট্যান্ডের বিপরীতে, 7439213900/8272911322

SA

### কর্মখালি

Ramkanali Purushottam Vidyapith Lachhia, Ramkanali, Purulia (W.B) A English Medium High School, Teacher Recruitment Alert. Subject: Mathematics, Physical Science & History, Master + B.Ed. Interested candidates can mail their resume to-purushottam vidyapith@gmail.com & Contact: 09593783942 / 09647921343 (M)

SH

**প্রাইভেট ব্যাঙ্ক জব স্পট জয়েনিং 2023**
Govt. LC–BDBL-304, নিজের জেলায় যোগ্যতা অনুযায়ী প্রাইভেট ব্যাঙ্কে পার্মানেন্ট চাকরি। মোট 180 জন ছেলে ও মেয়ে প্রয়োজন। বেতন : 21,600–43,300। যোগ্যতা - ৮ম পাশ। বয়স - 17–43, বোনাস, PF, ESI, প্রমোশন। SC, ST, OBC কার্ডসুবিধা। M : 8293482267

SA

**DIRECT JOINING**
Govt.R. No- 63751 এয়ারপোর্ট ও ব্যাঙ্কে (৮ম/স্নাতক) 172 M/F কর্মী চাই। বেতন : 21,700/--52,300/-) থাকা-খাওয়া ফ্রী। Ex-আর্মি স্বাগত - 9474517076

SA

### শিক্ষক-শিক্ষিকা

G.C.S ও A.T.A তে Online Learning-এ All Bengal শিক্ষক-শিক্ষিকা চাই, M/F কর্মী চাই, জেলা/ব্লক সেন্টার চাই। M : 8536970012 /Contact@amartutor.in

SH(A)

### কর্মখালি

L&T - CSTI - Bengalore-এ বিনা খরচে Civil / Mechanical / Electrical-Trade-এ ট্রেনিং দেওয়া হয় ও ট্রেনিং শেষে ১০০% কাজের ব্যবস্থা করা হয়। বয়স : 18–35. যোগ্যতা : মাধ্যমিক/ITI, বেতন : 15-22K. যোগাযোগ : SPGA-KOLKATA / MECHEDA / ALIPURDUAR, Mobile - 8170889208 / 8167258938

SH(A)

**জাহাজে ও ডকে জব**
ভারতবর্ষের বিভিন্ন বন্দরে খিদিরপুর, হলদিয়া হইতে আন্দামান 87 জন M/F নিয়োগ। বেতন: 27,300/—64,700/-. PF, ESI, ছুটি। 9434565153

SA

**JIO ফাইবার / D2H**
কাস্টমার কেয়ারে (10-6 pm) বিভিন্ন জেলা থেকে 173 জন (HS-MA) অভিজ্ঞ/অনভিজ্ঞ M/F নিয়োগ চলছে। বেতন:18700-48700+অন্যান্য সুবিধা উঃদঃ 24পরঃ 9330835785, 9674256755

R

### কর্মখালি

**BANK–AIRPORT**
Govt. Reg.No.-1231; পঃবঙ্গ-সহ উঃবঙ্গের প্রতিটি জেলায় বিনা ডোনেশনে M/F নিয়োগ চলছে। (৮ম-স্নাতক)। বেতন (17000–46000), PF, ESI, BONUS-সহ থাকা-খাওয়া ফ্রি। Ex-Army দের বিশেষ সুবিধা। M : 9433632143

SA

**OM SAI TRAVELS**
দুবাইয়ের বড় কোম্পানির কাজে প্রচুর কার্পেন্টার, ফিটার, হেল্পার চাই। তৎকাল/নরম্যাল পাসপোর্টের জন্য সহায়তা করি। অতি শীঘ্র যোগাযোগ : 9167398970, 8653577628, 9749043861, omsaibhatia@gmail.com

SP

**প্রাঃ ব্যাঙ্কে স্থায়ী জব**
L.C No- WB53K76 পঃ বাংলার 23টি জেলায় Pvt. Bank DSA-তে Back Office এছাড়া যোগ্যতানুযায়ী অন্যান্য পদে ও বিভিন্ন salary-তে 53 জন M/F কে জেলাভিত্তিক নিয়োগ করানো হচ্ছে। বেতন: 17670/--29650/ ছুটি, বোনাস, ESI, PF অন্যান্য। M : 7602853222

SA

### কর্মখালি

**সরাসরি নিয়োগ**
প্রতিটি জেলায় গার্ড, SV, ইনচার্জ, ওয়ার্ডবয়, পিওন, অফিসবয়, ক্লার্ক, ATM গার্ড চাই। বেতন : 13500–22500. M : 8961921488

SA

**এয়ারপোর্ট ও ব্যাঙ্ক**
Govt. লাই সেন্সপ্রাপ্ত Bank, এয়ারপোর্টে অষ্টম-স্নাতক M/F কর্মী চাই। বেতন : 22,000/--45,700/-. PF, ESI, OT, থাকা-খাওয়া ফ্রি। M : 8902859560

SA

**জেলাভিত্তিক স্থায়ী জব**
পঃ বাংলার 23টি জেলায় M/F-দের National, Multinational, Pvt, Ltd, Co.-তে এছাড়া Tower, ATM, Bank, DSA-তে প্রচুর কর্ম প্রার্থীদের Back office, এছাড়া যোগ্যতানুযায়ী বিভিন্ন পদে ও বিভিন্ন বেতনে নিয়োগ করানো হচ্ছে। Age-18–39, Salary : 15,700/--27,300/-, ৮ম -স্নাতক, থাকা-খাওয়া সহ ছুটি, বোনাস, ESI, PF অন্যান্য, HELP - 8167720111

SA

## বর্ধমান ডিস্ট্যান্স এডুকেশন

মাধ্যমিক/HS ফেল? আপনি কি উচ্চশিক্ষা করতে চান? তাহলে কম খরচে কম সময়ে সরকারী বা, বেসরকারী বিশ্ববিদ্যালয় থেকে BA, MA, B.Sc, M.Sc,Polytecnic, LLB, B.Tech, D.El.Ed., B.Ed. সব ধরণের কোর্সের ভর্তির সহযোগিতা করা হয়। ঔষধের দোকানের লাইসেন্সের জন্য D.Pharm করুন। চাকুরীজীবিরা দূরশিক্ষা অনুমোদিত বিশ্ববিদ্যালয় থেকে সহজে পাশ করুন।
ছোটোনীলপুর, বর্ধমান। 9883306657, 9475939484

## চ্যালেঞ্জিং কোচিং

(A) WBCS 23-24
(B) Bank P.O.
(C) Combined
(PSC, SSC, Rail, Bank, Defence etc.)
KMC-Sub-overseer (Gr.-IV) ক্র্যাশ কোর্সে ভর্তি চলছে।
CACES Dum Dum, Kol-74
Mob (Whatsapp)
9062756906

## দোহাই, আর ঠকবেন না

বেকার ছেলেমেয়েরা যাতে না ঠকেন, সেজন্য ট্রেড লাইসেন্স-সহ যাবতীয় তথ্যাদি দেখে নিশ্চিন্ত হয়েই বিজ্ঞাপন নেওয়া হয়। তবু কিছু সংস্থা ড্রেস ও এখনই চাকরি দেওয়ার লোভ দেখিয়ে হাজার-হাজার টাকা নেওয়ার চেষ্টা করছেন বলে অভিযোগ আসছে। লোভে পড়ে টাকা দেবেন না। আর তা সত্ত্বেও টাকা দিলে নিজ দায়িত্বেই দেবেন। তার জন্য আমরা দায়ী নই। বেশি টাকার চাহিদা শুনলেই সংস্থাটি ও ব্যক্তির নাম-ঠিকানা জানিয়ে লিখিত অভিযোগ স্থানীয় থানায় জানাবেন। এছাড়া পাঠাবেন এই ঠিকানায় : সি.আই.ডি. বিভাগ, ভবানী ভবন, আলিপুর, কলকাতা-২৭। কলকাতার সংস্থা হলে এই ঠিকানায় : ডি.সি., ডি.ডি. - ১, লালবাজার, ১৮, লালবাজার স্ট্রিট, কলকাতা-১। নিজ দায়িত্বে টাকা দেওয়ার পর আর ফোনে অভিযোগ জানাবেন না। যাবতীয় যোগাযোগ করতে পারেন টাকা দেওয়ার আগে।

— সম্পাদক, কর্মসংস্থান।

দরখাস্ত পাঠানোর আগে ফর্ম-সহ যাবতীয় প্রমাণপত্রের এক কপি জেরক্স নিজের কাছে রেখে দেবেন।

### নিয়োগ সমাচার

মিটার রিডিং ও অফিসিয়াল পদে জেলাভিত্তিক M/F নিয়োগ চলছে। যোগ্যতা : ৮ম-স্নাতক। বেতন : 16,200– 42,700। Ex-Armyদের বিশেষ সুযোগ। Mob : 8537948389

SA

### বিশেষ বিজ্ঞপ্তি

'কর্মসংস্থান' পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনের বিষয়বস্তু ও যথার্থতার যাবতীয় দায়িত্ব বিজ্ঞাপনদাতাদের। কোনো সংস্থার বিজ্ঞাপন, আইনি সমস্যা সৃষ্টি করলে বা, কারো আর্থিক ক্ষতির জন্য দায়ী হলে, তার যাবতীয় দায়-দায়িত্ব পুরোপুরি বিজ্ঞাপনদাতা সংস্থার ওপরই বর্তাবে। 'কর্মসংস্থান' পত্রিকা বা, 'সংস্থান প্রকাশন প্রাইভেট লিমিটেড' তার জন্য কোনোভাবেই দায়ী নয়।

— সম্পাদক, কর্মসংস্থান।

All disputes regarding sales and advertisement of all publications of Sangsthaan Prakashan Pvt. Ltd. are subject to Kolkata Jurisdiction only.

## ১৫৮ ভেটেরিনারি অফিসার

১ পাতার পর

অ্যানিম্যাল হাজবেন্ড্রির ডিগ্রি কোর্স পাশ হলে যোগ্য। ভেটেরিনারি কাউন্সিলে নাম নথিভুক্ত থাকতে হবে। বয়স হতে হবে ১-১-২০২২'এর হিসাবে ৩৬ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর ও প্রতিবন্ধীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। মূল মাইনে : ৫৬,১০০-১,৪৪,৩০০ টাকা। শূন্যপদ : ১৬৮টি (জেনাঃ ৯০, তঃজাঃ ৩১, তঃউঃজাঃ ৮, ও.বি.সি.-এ ক্যাটেগরি ১৭, ও.বি.সি. -বি ক্যাটেগরি ১২, প্রতিবন্ধী ১৪)। এই পদের বিজ্ঞপ্তি নং : 16/2022.

প্রার্থী বাছাই করবে 'West Bengal Public Service Commission'. এজন্য প্রথমে প্রিলিমিনারি স্ক্রিনিং টেস্ট হবে। পরীক্ষা সংক্রান্ত বিস্তারিত সিলেবাস পি.এস.সি. কর্তৃপক্ষ পরে জানাবে।

দরখাস্ত করবেন অনলাইনে, ২০ ফেব্রুয়ারি পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.pscwbapplication.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার জে.পি.ই.জি. ফর্ম্যাটে ২০ থেকে ৫০ কে.বি.'র মধ্যে স্ক্যান করে নেবেন। ফটো ও সিগনেচার স্ক্যান করবেন ২০০ ডি.পি.আই.'তে। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করবেন। তারপর স্ক্যান করা ফটো ও সিগনেচার আপলোড করে নেবেন। তারপর পরীক্ষা ফী বাবদ ২১০ (তপশিলী ও প্রতিবন্ধীদের ফী লাগবে না) টাকা দিতে হবে। টাকা অনলাইনে বা, অফলাইনে দিতে পারবেন। অফলাইনে টাকা দিতে পারবেন পঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্কের চালানে, ২১ ফেব্রুয়ারির মধ্যে। চালান ওয়েবসাইট থেকে ডাউনলোড করতে পারবেন। অনলাইনে টাকা জমা দিতে চাইলে ক্রেডিট কার্ড, ডেবিট কার্ড ও নেট ব্যাঙ্কিংয়ে দিতে পারবেন। দরখাস্ত এডিট করতে পারবেন ১ মার্চ থেকে ৮ মার্চ পর্যন্ত।

## এয়ারপোর্টে ৩৫৬

১ পাতার পর

শাখার ৩ বছরের ডিগ্রি (বি.এসসি.) কোর্স পাশরা মোট অন্তত ৬০% নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। ইঞ্জিনিয়ারিংয়ের যে কোনো শাখার ডিগ্রি (বি.ই. বা, বি.টেক.) কোর্স পাশরা মোট অন্তত ৬০% নম্বর পেয়ে পাশ হলেও আবেদন করতে পারেন। বয়স হতে হবে ২১-১-২০২৩'র হিসাবে২৭ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর, প্রতিবন্ধীরা ১০ বছর বয়সে ছাড় পাবেন। চাকরি হবে ভারতের যে কোনো জায়গায়। মূল মাইনে : ৪০,০০০-১,৪০,০০০ টাকা। শূন্যপদ : ৩৫৬টি (জেনাঃ ১৪৫, ই.ডব্লু.এস. ৩৫, ও.বি.সি. ৯৬, তঃজাঃ ৫৩, তঃউঃজাঃ ২৭)। পোস্ট কোড : 02. বিজ্ঞপ্তি নং : ০৮/২০২২।

প্রার্থী বাছাই হবে অনলাইন পরীক্ষা ও ইন্টারভিউয়ের মাধ্যমে। পরীক্ষা হবে নয়া দিল্লিতে। কবে হবে তা পরে জানানো হবে। ইন্টারভিউয়ের সময় ভয়েস টেস্ট হবে।

দরখাস্ত করবেন অনলাইনে, ২১ জানুয়ারি পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.aai.aero / www.aai-aero-career

এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও এখনকারা তোলা (তিন মাসের মধ্যে) পাশপোর্ট মাপের রঙিন ফটো (২০-৫০ কেবির মধ্যে, ২০০/২৩০ পিক্সেল) ও সিগনেচার (১০-২০ কেবির মধ্যে, ১৪০/৬০ পিক্সেলে) জে.পি.ই.জি. ফর্ম্যাটে স্ক্যান করে নেবেন।

প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। এরপর পরীক্ষা ফী বাবদ ১,০০০ টাকা (তপশিলী, মহিলাদের ফী লাগবে না) টাকা ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড, নেট ব্যাঙ্কিংয়ে দিতে হবে। এবার ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে ফটো আর সিগনেচার ও ফী ডিটেলস আপলোড করতে পারবেন। সবশেষে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তখন সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নিজের কাছে রেখে দেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## বীরভূম জেলায় ২৩২ আশা কর্মী

**নিজস্ব সংবাদদাতা, বোলপুর :** জাতীয় গ্রামীণ স্বাস্থ্য মিশনের অধীন বীরভূম জেলার বোলপুর ও রামপুরহাট মহকুমার অধীন বিভিন্ন ব্লকের উপস্বাস্থ্য কেন্দ্রে কাজের জন্য 'আশা' কর্মী পদে ২৩২ জন তরুণী নেওয়া হচ্ছে। কারা আবেদনের যোগ্য :

মাধ্যমিক পাশ বা, মাধ্যমিক অনুত্তীর্ণ বিবাহিতা, বিধবা বা, বিবাহবিচ্ছিন্না মহিলারা আবেদন করতে পারেন। উচ্চশিক্ষাগত যোগ্যতার মহিলারা মাধ্যমিকের সার্টিফিকেট দিয়ে দরখাস্ত করতে পারবেন। বয়স হতে হবে সাধারণ প্রার্থীদের বেলায় ৩০ থেকে ৪০ বছরের মধ্যে। তপশিলীদের বেলায় বয়স হতে হবে ২২ থেকে ৪০ বছরের মধ্যে। প্রার্থীকে সংশ্লিষ্ট ব্লকের গ্রাম ও উপস্বাস্থ্য কেন্দ্রের স্থায়ী বাসিন্দা হতে হবে। গ্রেড-। ও গ্রেড-।। স্বনির্ভর গোষ্ঠীর সদস্যা, প্রশিক্ষণপ্রাপ্ত ধাই অথবা লিঙ্ক ওয়ার্কারগণ সংশ্লিষ্ট বিভাগীয় শংসাপত্র থাকলে অগ্রাধিকার পাবেন। শূন্যপদ : রামপুরহাট-। ১৯টি, রামপুরহাট-।। ২১টি, নলহাটী -। ২০টি, ময়ূরেশ্বর-১ ব্লকে ৫টি, মুরারই-। ২৪টি, মুরারই -।। ২৬টি। বোলপুর শ্রীনিকেতন ১১টি, নানুর-৫টি, লাভপুর ৭টি, ইলামবাজার ৬টি, মহম্মদবাজার ২৫টি, রাজনগর ৫টি, খয়রাশোল ৬টি, সিউড়ি-২ ২টি, দুবরাজপুর ৪টি, সাঁইথিয়া -৩০টি, সিউড়ি -১২টি। এছাড়াও কোথায় ক'টি শূন্যপদ তা সংশ্লিষ্ট ব্লক অফিস, গ্রাম পঞ্চায়েত বা, ব্লক প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের অফিসে পাবেন।

দরখাস্ত করার শেষ তারিখ ২০ জানুয়ারি। বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.birbhum.nic.in

## হকিন্স কোম্পানিতে সেলস এক্সিকিউটিভ

**নিজস্ব সংবাদদাতা, কলকাতা :** হকিন্স কোম্পানি সেলস এক্সিকিউটিভ, ট্রেনি সেলসম্যান ও মার্চেন্ডাইজার হিসাবে কিছু লোক নিচ্ছে। চাকরি হবে কলকাতা -সহ বিভিন্ন প্রধান শহরে। যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা ২৮ বছরের মধ্যে বয়স থাকলে যোগ্য। সেলস এক্সিকিউটিভ পদে পারিশ্রমিক বছরে ৫-৭ লাখ টাকা। ট্রেনি সেলসম্যান পদে ৩-৫ লাখ টাকা ও মার্চেন্ডাইজার পদে ২-৩ লাখ টাকা। আগ্রহী প্রার্থীরা দরখাস্ত করবেন পুরো বায়োডাটা দিয়ে। দরখাস্ত পাঠাবেন এই ই-মেল আই.ডি.-তে : admin@elkomworld.com ফোন: ৮৩৩৭০৮৫৪৪০, ৯৮৩১৯৬৮০০০

# সরকার স্বীকৃত স্বাস্থ্য পরিষেবার কোর্সে ভরতি

ইন্ডিয়ান ইন্সটিটিউট ফর হেল্‌থ ট্রেনিং কেন্দ্রীয় সরকার স্বীকৃত স্যানিটরি ইন্সপেক্টরে অ্যাডভান্স ডিপ্লোমা কোর্সে ভরতি নিচ্ছে। যেকোনো শাখার উচ্চমাধ্যমিক বা সমতুল কোর্স পাশ ছেলেমেয়েরা কম্পিউটারে বেসিক ট্রেনিং থাকলে ভরতির জন্য আবেদন করতে পারেন। ১ বছরের কোর্স। থিওরির পাশাপাশি রয়েছে হাতে-কলমে প্র্যাক্টিক্যাল ট্রেনিং। এছাড়াও এখানে মেডিক্যেল ল্যাবরেটরি টেকনোলজির ডিপ্লোমা কোর্স ও অন্যান্য স্বল্পমেয়াদি স্বাস্থ্য পরিষেবার কোর্সে ভরতি নেওয়া হচ্ছে। শিক্ষাগত যোগ্যতা ন্যূনতম মাধ্যমিক পাশ। বয়সের কোনো কড়াকড়ি নেই। ১ বছরের স্যানিটরি ইন্সপেক্টর কোর্স পাশ করার পর রেল, পুরসভা, পোর্ট ও অন্যান্য স্বাস্থ্য পরিষেবা সংক্রান্ত ক্ষেত্রে চাকরি পাওয়া যায়। ডিএমএলটি কোর্স পাশ করার পর সরকারি ও বেসরকারি হাসপাতাল, প্যাথলজিক্যাল ল্যাবে চাকরি হয়। এছাড়াও নিজেরাও ল্যাব খুলে ভালো আয় করতে পারেন। ভরতির জন্য যোগাযোগ করতে হবে এই ঠিকানায় — আইআইএইচটি, ২২৬ বি. বি. গাঙ্গুলী স্ট্রীট, বউবাজার, কলকাতা-৭০০০১২। ফোন (সকাল ১১টা থেকে বিকেল ৪টে) : ৯৮৩৬৩৯৬৭৩৪, ৭০০৩২২৪৪২৭, ৯০৫১২৬০৯২৪। ওয়েবসাইট : www.iiht.in

## কেন্দ্রীয় 'সি-টেট' পাশরাও

১ পাতার পর

নেবে আদালত। ভারতের বেশিরভাগ রাজ্যের শিক্ষক নিয়োগ প্রক্রিয়ায় কেন্দ্রীয় টেট (সি-টেট) উত্তীর্ণ প্রার্থীরা অংশ নিতে পারতেন। পশ্চিমবঙ্গে এতদিন পর্যন্ত 'সি-টেট' পাশ প্রার্থীরা অংশগ্রহণ করতে পারছিলেন না। 'সি-টেট' পাশ একজন প্রার্থী কলকাতা হাই কোর্টে চ্যালেঞ্জ করে মামলা করেন। মামলার আইনজীবী ফিরদৌস শামিম ওই শুনানিতে দাবি করেন, কেন্দ্রীয় 'সি-টেট' পাশরা কেন রাজ্যের শিক্ষক নিয়োগ প্রক্রিয়ায় অংশগ্রহণ করতে পারবে না? আদালত মামলাকারীর বক্তব্য শুনে নিয়োগ প্রক্রিয়ায় অংশগ্রহণের ছাড়পত্র দেয়।

প্রসঙ্গত উল্লেখ্য, এই 'সি-টেট' পরীক্ষা প্রতি বছরই নেওয়া হয়। পরীক্ষা নেয় 'সেন্ট্রাল বোর্ড অফ সেকেন্ডারি এডুকেশন'। সাধারণত 'সি-টেট' পাশ করে কেন্দ্রীয় বিদ্যালয়, নবোদয় বিদ্যালয় ও তিব্বতী স্কুলের প্রথম শ্রেণি থেকে অষ্টম শ্রেণি পর্যন্ত স্তরে 'শিক্ষক' ও 'শিক্ষিকা' পদের নিয়োগ প্রক্রিয়ায় অংশগ্রহণ করা যায়। ২০২২ সালের 'সি-টেট' পরীক্ষার জন্য দরখাস্ত নেওয়া হয়েছিল এবছর ৩১ অক্টোবর থেকে ২৪ নভেম্বর পর্যন্ত। প্রার্থী বাছাইয়ের কম্পিউটার বেসড টেস্ট (সি.বি.টি.) হবে জানুয়ারি মাসের মধ্যে। পরীক্ষা সংক্রান্ত বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.ctet.nic.in

স্টাফ সিলেকশন কমিশনের
কম্বাইন্ড
H.S. পরীক্ষার
মাধ্যমে কেন্দ্রীয় সরকারের বিভিন্ন দফতরে ৪৫০০ ছেলেমেয়ে নেওয়া হচ্ছে। পরীক্ষা হবে ফেব্রুয়ারী / মার্চ মাস নাগাদ।
সিলেবাস ভিত্তিক গত কয়েক বছরে এই পরীক্ষায় আসা প্রশ্নোত্তরের বিশ্লেষণ সহ নতুন কয়েকশো প্রশ্নোত্তর নিয়ে বেরোলো
স্পেশাল সংখ্যা
Appointment & Career News
সাফল্য সাধারণ জ্ঞান
সাফল্য
হেল্পলাইন : 9830624170

## কম্বাইন্ড ডিফেন্স সার্ভিসে ৩৪১

১ পাতার পর

কোন বিভাগের জন্য যোগ্য :

**ইন্ডিয়ান মিলিটারি অ্যাকাডেমি :** যে কোনো শাখার গ্র্যাজুয়েট ছেলেরা লম্বায় অন্তত ১৫৭.৫ সেমি হলে আবেদন করতে পারেন। জন্ম-তারিখ হতে হবে ২-১-২০০০ থেকে ১-১-২০০৫'এর মধ্যে। মোট ১৮ মাসের ট্রেনিং হবে 'জেন্টলম্যান ক্যাডেট'এ। ট্রেনিংয়ের সময় প্রার্থীকে দিতে হবে মোট ৩,৭৫০ টাকা। কোনো প্রার্থী দিতে অক্ষম হলে, তখন সরকারই ওই খরচ বহন করবে। ট্রেনিংয়ে সফল হলে লেফটেন্যান্ট পদে চাকরি। এরপর ধাপে-ধাপে 'কম্যান্ডার' পদ পর্যন্ত পদোন্নতি হবে। ১৫৬তম কোর্সে ট্রেনিং শুরু ২০২৪ সালের জানুয়ারিতে। শূন্যপদ : ১০০টি। এর মধ্যে ১৩টি শূন্যপদ এন.সি.সি.'র 'সি' সার্টিফিকেট পাশদের জন্য সংরক্ষিত।

**অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমি (মেন ও এস.এস.সি. উইমেন নন-টেকনিক্যাল) :** যে কোনো শাখার ডিগ্রি কোর্স পাশ ছেলেরা 'অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমি (ফর মেন)'এ আবেদন করতে পারেন। যে কোনো শাখার ডিগ্রি কোর্স পাশ অবিবাহিতা তরুণীরা 'অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমি (এস.এস.সি. উইমেন নন-টেকনিক্যাল)'এ আবেদন করতে পারেন। জন্ম-তারিখ হতে হবে ২-১-৯৯ থেকে ১-১-২০০৫'এর মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৫৭.৫ সেমি। ট্রেনিং হবে মাদ্রাজের অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমিতে। মোট ৪৯ সপ্তাহের ট্রেনিং হবে 'জেন্টেলম্যান ক্যাডেট'এ। প্রার্থীকে এজন্য দিতে হবে মোট ৪,৬০০ টাকা। এর মধ্যে ২,৪৫০ টাকা পরে ফেরৎ পাবেন। প্রার্থীর অভিভাবকের মাসিক আয় ১,৫০০ টাকার কম হলে সরকার পুরো বা, আংশিক খরচ দেবে। সফল হলে লেফটেন্যান্ট পদে ৬ মাস প্রবেশনে থাকতে হবে। ৫ বছরের জন্য শর্ট সার্ভিস কমিশনে চাকরি করতে হবে। এরপর পার্মানেন্ট কমিশনে চাকরির সুযোগ পেলে ধাপে-ধাপে পদোন্নতি হবে। মূল মাইনে ওপরের মতোই। শূন্যপদ : অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমিতে (মেন) ১৭০টি। ১১৯তম কোর্সে ট্রেনিং শুরু ২০২৪ সালের এপ্রিলে। এস.এস.সি. উইমেন কোর্সে শূন্যপদ : ১৭টি। ৩৩তম এস.এস.সি. উইমেন কোর্সে ট্রেনিং শুরু ২০২৪ সালের এপ্রিলে।

**ন্যাভাল অ্যাকাডেমি :** ইঞ্জিনিয়ারিংয়ের গ্র্যাজুয়েটরা আবেদন করার যোগ্য। বয়স হতে হবে ২-১-২০০০ থেকে ১-১-২০০৫'এর মধ্যে। শুরুতে ৫ মাসের ট্রেনিং হবে গোয়ার ন্যাভাল অ্যাকাডেমিতে, এক্সিকিউটিভ শাখার ক্যাডেট হিসাবে। ট্রেনিং নেওয়ার জন্য প্রার্থীকে দিতে হবে মোট ৩,৫০০ টাকা। প্রার্থীর অভিভাবকের মাসিক আয় ১,৫০০ টাকার কম হলে সরকার থেকে পুরো বা, আংশিক খরচ দেওয়া হবে। এরপর 'ক্যাডেট' হিসাবে আবার আড়াই বছরের ট্রেনিং। সফল হলে নৌবাহিনীর জাহাজে ৬ মাস চাকরি। সফল হলে সাব-লেফটেন্যান্ট পদে চাকরি। মাইনে ওপরের মতোই। ট্রেনিং শুরু ২০২৪ সালের জানুয়ারিতে। শূন্যপদ : ২২টি।

**এয়ারফোর্স অ্যাকাডেমি :** উচ্চমাধ্যমিকে ফিজিক্স ও অঙ্ক অন্যতম বিষয় হিসাবে নিয়ে পাশের পর যে কোনো শাখার গ্র্যাজুয়েট ছেলেরা ২-১-২০০০ থেকে ১-১-২০০৪'এর মধ্যে জন্ম-তারিখ থাকলে 'এয়ারফোর্স অ্যাকাডেমি'তে ট্রেনিং নেওয়ার জন্য আবেদন করতে পারেন। ইঞ্জিনিয়ারিংয়ের গ্র্যাজুয়েটরাও আবেদনের যোগ্য। কমার্শিয়াল পাইলট লাইসেন্স থাকলে জন্মতারিখ হতে হবে ২-১-১৯৯৮ থেকে ১-১-২০০৪'এর মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৬২.৫ সেমি, পায়ের মাপ লম্বায় অন্তত ৯৯-১২০ সেমি, থাই লম্বায় ৬৪-৮১.৫ সেমি ও বসার উচ্চতা ৮১.৫ সেমি থেকে ৯৬ সেমি। শুরুতে ফ্লাইং ব্রাঞ্চের পাইলট হিসাবে ৭৪ সপ্তাহের ট্রেনিং হবে এয়ারফোর্স অ্যাকাডেমিতে। প্রার্থীকে এজন্য দিতে হবে মোট ২,৩৪০ টাকা। এর মধ্যে ৮৪০ টাকা পরে ফেরৎ পাবেন। প্রার্থীর অভিভাবকের মাসিক আয় ৭৫০ টাকার কম হলে এই খরচ সরকার থেকে দেওয়া হবে। ক্যাডেট হিসাবে ট্রেনিংয়ের সময় স্টাইপেন্ড পাবেন মাসে ২১,০০০ টাকা। এছাড়া ফ্লাই-ভাতা পাবেন। ট্রেনিং শুরু ২০২৪ সালের জানুয়ারিতে। শূন্যপদ : ৩২টি।

এই ৫ বিভাগের ট্রেনিং নিতে হলে দৃষ্টিশক্তি হতে হবে দূরের বেলায় ৬/৬ ও কাছের বেলায় প্রতি চোখে 'N-5', ওপরের সব পদের বেলায় এবছরের ডিগ্রি কোর্সের ফাইনাল পরীক্ষার্থীরাও আবেদন করার যোগ্য। ট্রেনিংয়ের সময় মাসে স্টাইপেন্ড পাবেন। সফল হলে মূল মাইনে ৫৬,১০০-১,৭৭,৫০০ টাকা।

প্রার্থী বাছাই হবে ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশনের 'কম্বাইন্ড ডিফেন্স সার্ভিসেস এক্সামিনেশন (I) -২০২৩' পরীক্ষার মাধ্যমে। প্রথমে হবে লিখিত পরীক্ষা ১৬ এপ্রিল। পূর্ব-ভারতে এইসব কেন্দ্রে : কলকাতা, কটক, দিসপুর (গুয়াহাটি), পাটনা, শিলং, রাঁচী, সম্বলপুর, পোর্ট ব্লেয়ার, গ্যাংটক ও আগরতলা।

ইন্ডিয়ান মিলিটারি অ্যাকাডেমি, ন্যাভাল অ্যাকাডেমি ও এয়ারফোর্স অ্যাকাডেমির লিখিত পরীক্ষায় থাকবে এই তিনটি পেপার : (১) ইংরিজি, (২) জেনারেল নলেজ, (৩) এলিমেন্টারি ম্যাথমেটিক্স। প্রতিটি পেপারে থাকবে ১০০ নম্বর ও সময় ২ ঘণ্টা করে।

অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমিতে ট্রেনিং নিতে হলে লিখিত পরীক্ষায় থাকবে এই দু'টি পেপার : (১) ইংরিজি, (২) জেনারেল নলেজ। প্রতিটি পেপারে ১০০ নম্বর ও সময় ২ ঘণ্টা করে। নেগেটিভ মার্কিং আছে। ৩টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা যাবে।

সফল হলে ৩০০ নম্বরের ইন্টারভিউ (অফিসার্স ট্রেনিং অ্যাকাডেমির বেলায় ২০০ নম্বর)। সব পেপারেই প্রশ্ন হবে অবজেক্টিভ টাইপের। ইংরিজিতে থাকবে ইংরিজি গ্রামারের প্রশ্ন। এলিমেন্টারি ম্যাথমেটিক্সে পাটিগণিত, বীজগণিত, জ্যামিতি, পরিমিতি ও রাশিবিজ্ঞানের উচ্চমাধ্যমিক মানের প্রশ্ন হবে। নেগেটিভ মার্কিং আছে। প্রতি প্রশ্নের ভুল উত্তরের জন্য ০.৩৩ নম্বর কাটা হবে। ই-অ্যাডমিট কার্ড ওয়েবসাইট থেকে ডাউনলোড করে নেবেন। এই পদের বিজ্ঞপ্তি নং : 04/2023-CDS-1, Dated: 21/12/2022.

দরখাস্ত করবেন অনলাইনে, ১০ জানুয়ারির মধ্যে। এই ওয়েবসাইটে : http://www.upsconline.nic.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও ফটো ও সিগনেচার জে.পি.জি. ফর্ম্যাটে স্ক্যান করে নেবেন। অনলাইনে দরখাস্ত করলে পরীক্ষা ফী বাবদ ২০০ টাকা স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার কোনো শাখায় নগদে দিতে পারেন কিংবা এস.বি.আই. নেট ব্যাঙ্কিং, ডেবিট কার্ড, ক্রেডিট কার্ডে জমা দিতে পারবেন। একাধিক দরখাস্ত করবেন না। মহিলা ও তপশিলী সম্প্রদায়ের প্রার্থীদের ফী লাগবে না। অনলাইনে দরখাস্ত করার পর রেজিস্ট্রেশন আই.ডি-সহ সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নিজের কাছে রেখে দেবেন।

## রেলের গ্রুপ 'ডি'র

১ পাতার পর

ওয়েবসাইটে পাবেন। কলকাতা রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের অধীনে সফল হয়েছে ২৬,৪৭৬ জন। সফলদের পি.ই.টি টেস্ট হবে জানুয়ারিতে। কবে, কোথায় টেস্ট হবে তা ওয়েবসাইটে পাবেন।

Tobin Road ও Madhyamgram ENT ক্লিনিকের জন্য অনূর্ধ্ব ৩০ বৎসর, HS পাশ স্মার্ট Receptionist চাই।
Rs.: 8000/- Per month
THE KARNA
www.thekarnahearingaids.com
9804555285

কর্মসংস্থান LIVE TM

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পাশের পর স্বাস্থ্য পরিষেবায় কর্মসংস্থানের বিপুল সুযোগ

# কল্যাণী বিশ্ববিদ্যালয় অনুমোদিত প্যারামেডিক্যালের নানান কর্মমুখী কোর্সে ভর্তি চলছে

## কৃষ্ণনগর ও বহরমপুরে

নিজস্ব সংবাদদাতা, কল্যাণী : কল্যাণী বিশ্ববিদ্যালয় স্বীকৃত Susrijo Institute of Paramedical Technology and Optometry-তে নতুন অ্যাকাডেমিক সেশনে এই ১২টি কর্মমুখী প্যারামেডিক্যাল কোর্সে ভর্তি নেওয়া হচ্ছে : (১) ডিপ্লোমা ইন অপ্টোমেট্রিক্যাল সায়েন্স অ্যান্ড অপথ্যালমিক টেকনিক, (২) ডিপ্লোমা ইন মেডিক্যাল ল্যাবরেটরি টেকনিক, (৩) ডিপ্লোমা ইন মেডিক্যাল রেডিওলজি টেকনিক, (৪) ডিপ্লোমা ইন ফিজিওথেরাপি টেকনিক, (৫) ডিপ্লোমা ইন ডেন্টাল টেকনিক অ্যান্ড ওরাল হাইজিন, (৬) ডিপ্লোমা ইন অপারেশন থিয়েটার টেকনোলজি, (৭) ডিপ্লোমা ইন ক্রিটিক্যাল কেয়ার টেকনোলজি। (৮) ডিপ্লোমা ইন ইলেক্ট্রোকার্ডিওগ্রাফি টেকনিক অ্যান্ড পিএফটি, (৯) ডিপ্লোমা ইন ডায়ালিসিস টেকনিশিয়ান। সবক'টি কোর্সের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা দরকার সায়েন্স শাখায় উচ্চমাধ্যমিক বা, সমতুল কোর্স পাশ। তবে কমার্স ও আর্টস শাখার ছেলেমেয়েরাও আবেদন করতে পারবেন, সেক্ষেত্রে তাদের ৬ মাসের একটি ব্রিজ কোর্স 'প্রি অপ্টোমেট্রি অ্যান্ড প্রি টেকনোলজি' মূল কোর্সের সাথে একই সঙ্গে করে নিতে হবে। প্রতিটি কোর্সের মেয়াদ ২ বছর ও ৬ মাসের ইন্টার্ণশিপ।

এখানে মাধ্যমিক যোগ্যতায় ভর্তি নেওয়া হচ্ছে এই কোর্সে : (১) সার্টিফিকেট ইন কমিউনিটি মেডিক্যাল সার্ভিস অ্যান্ড এসেন্সিয়াল ড্রাগ, (২) সার্টিফিকেট ইন স্যানিটরি ইন্সপেকশন। দু'টি কোর্সের মেয়াদ ১ বছর ও ৬ মাসের ইন্টার্ণশিপ। এছাড়াও গ্র্যাজুয়েটদের জন্য চাকরির উপযোগী পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন হসপিটাল ম্যানেজমেন্ট কোর্স পড়ানো হয়। সময়সীমা ১ বছর ও ৬ মাসের ইন্টার্ণশিপ। এই কোর্স করার পর ছাত্রছাত্রীদের বেসরকারি ক্ষেত্র ছাড়াও সরকারি হাসপাতালে অ্যাসিস্ট্যান্ট সুপার পদে চাকরি পাওয়ার সুযোগ আছে। সরকারি পরিকাঠামোয় উন্নত ল্যাবরেটরি ও কল্যাণী বিশ্ববিদ্যালয় নির্বাচিত অভিজ্ঞ শিক্ষকমণ্ডলীর মাধ্যমে মনোরম পরিবেশে আছে ক্লাস করার সুযোগ।

ছাত্রছাত্রীরা এখানে ক্রেডিট কার্ডের মাধ্যমে ব্যাঙ্ক লোনের সুবিধা পাবে। কোর্স করার সময় ছাত্রছাত্রীরা পাবেন সরকারি স্কলারশিপ গ্রহণের সুযোগ। এছাড়াও রয়েছে মাসিক কিস্তিতে কোর্স ফী দেওয়ার সুযোগ। দূরবর্তী ছাত্র-ছাত্রীদের জন্য আলাদা হোস্টেলের ব্যবস্থা আছে। কোর্স শেষে ছাত্রছাত্রীরা The West Bengal Allied-Medical and Para-Medical Council-এ নাম নথিভুক্ত করতে পারবে। এখান থেকে পাশ করার পর ছেলেমেয়েদের পশ্চিমবঙ্গ সরকারের স্বাস্থ্য দপ্তর ছাড়াও বিভিন্ন সরকারি, বেসরকারি হাসপাতালে প্রচুর চাকরির সুযোগ রয়েছে। রয়েছে স্বাধীন ব্যবসার সুযোগ। তাই সময় নষ্ট না করে তাড়াতাড়ি ও কিছুটা অভিনব এইসব চাকরির জন্য ভর্তি হতে পারেন কল্যাণী বিশ্ববিদ্যালয় স্বীকৃত এই প্রতিষ্ঠানে। ভর্তির জন্য যোগাযোগ করতে হবে এই ঠিকানায় : Susrijo Institute of Paramedical Technology and Optometry (SIPTO),

মেইন ক্যাম্পাস কৃষ্ণনগর : Webel IT Park, Krishnagar, Nadia (Near Krishnagar Horticulture Office).
Ph. : 7602656588, 8617590211.

বহরমপুর স্টাডি সেন্টার : 20/1 Madhupur Road, P.O & P.S : Berhampore, Dist. - Murshidabad, WB.
Ph. : 9064922886, 9733523939.

ওয়েবসাইট : www.sipto.org

ই-মেল : www.sipto19@gmail.com

চাকরির পরীক্ষার গাইড

# অ্যারিথমেটিক

1. A cube of lead with edges measuring 6 cm. each is melted and formed in 27 equal cubes. What will be the length of the edges of the new cubes?
(A) 1.5 cm. (B) 0.5 cm. (C) 2 cm. (D) 1 cm.
2. Given that $36^2 - 34^2 = 10$ d. The value of 'd' will be –
(A) 27 (B) 14 (C) 7 (D) 28
3. If A, B and C earn Rs. 150 per day while A and C earn Rs. 94 per day and B and C earn Rs. 76 per day, then C's earning per day is –
(A) Rs. 40 (B) Rs. 20 (C) Rs 90 (D) Rs. 36
4. Six students obtanind 57, 53, 51, 47, 41 and 33 marks in an examination. The teacher however, gave the last three students additional marks just enough to ensure that they had the minimum of 50 marks. In the process, the average score of the students improved by (approx).
(A) 6 (B) 5 (C) 4 (D) 4.5
5. By how much percent must 68 be increased to change it to 85?
(A) 20% (B) $33\frac{1}{3}$% (C) 25% (D) $16\frac{2}{3}$ %
6. After spending $\frac{1}{2}$ of his salary for household expenses, $\frac{1}{4}$ th for rent and $\frac{1}{5}$ th for travel expenses, man deosits the rest in a bank. If his momthly deposits in the bank amount to Ruppes 50. What is his monthly salary?
(A) Rs. 800 (B) Rs. 900 (C) 500 (D) Rs. 1000
7. The population of city increases at the rate of 4% p.a. But there is an additional annual increase of 1% in the population due to influx of job seeders. The Percentage increase in the population after 2 years is –
(A) 10 (B) 10.25 (C) 10.75 (D) 11
8. Which one of the following fractions is the largest?
$\frac{4}{5}, \frac{7}{9}, \frac{11}{13}, \frac{17}{19}$
(A) $\frac{17}{19}$ (B) $\frac{11}{13}$ (3) $\frac{7}{9}$ (4) $\frac{4}{5}$
9. The side of a square is doubled. How many time will the area increase?
(A) 9 (B) 4 (C) 2 (D) 3
10. If A gets 25% more than B and B gets 20% more than C. The share of C out of a sum of Rs 740 is –
(A) Rs. 300 (B) Rs. 200 (C) Rs. 240 (D) Rs. 350
11. The ratio of a man's and a woman's work is 5:3. If3 men and 5 women take 17 days to do a piece of work, how many days will 5 men and 3 women take?
(A) 19 (B) 15 (C) 21 (D) 12
12. What is the smallest number by which 3,600 be divided to make it a perfect cube?
(A) 300 (B) 180 (C) 450 (D) 560
13. If 70% of the students in a school are boys and the number of girls be 504, then what is the number of boys?
(A) 3158 (B) 2167 (C) 1176 (D) 1080
14. 75% of a number, when added to 75 is equal to the number. What is the number?
(A) 380 (B) 300 (C) 226 (D) 215
15. The difference between the digits of a two-digit number is one-twelfth of the number. What is definitely the sum of the digits of that number?
(A) 8 (B) 10 (C) 6 (D) Data inadequate
16. The ratio between the perimeter and the breadth of a rectangle is 5 : 1. If the area of the rectangle is 216 sq. cm, then what is the length of the rectangle?
(A) 24 cm (B) 18 cm (C) 16 cm (D) 12 cm
17. A Man passes through the diagonal of a square ground in 3 seconds at the speed of 6 km/hr. What is the area of the ground?
(A) 1.6 Sq.mt. (B) 13.6 Sq.mt. (C) 12.5 Sq.mt. (D) 15.36 Sq.mt.
18. A train reaches from K station to L station in 45 minutes at the speed of 60 km/hr. If at the time of coming back his speed is decrased by 6 km./hr., then how more time he will take to reach K?
(A) 25 mts (B) 5mts (C) 15mts (D) 3mts
19. If the radius of a circle is reduced to half of its original size, then what is the ratio of circumferance and radius of the new circle?
(A) $2\pi$ (B) 1 (C) $\pi$ (D) $\pi r$
20. The volume of two cylinders are equal. If the ratio of their radius is 2 : 3, then what is the ratio of their heights?
(A) 9 : 3 (B) 2 : 3 (C) 3 : 2 (D) 9 : 4
21. A circular wire, whose radius is 42 cm, Converts to a rectangular form. If the ratio of its length and breadth is 6 : 5, then what is the measurement of its smaller side?
(A) 60 cm (B) 30 cm (C) 75 cm (D) 132 cm
22. Find the length of the bridge which a train 130m long travelling at 45km an hour can cross in 30 seconds.
(A) 125m (B) 120m (C) 230m (D) 245m
23. A and B enter into a partnership investing Rs. 12,000 and Rs.16,000 respectively. After 8 months. C also joins the business with a capital of Rs. 15,000. The share of C in a profit of Rs. 45,600 after 2 years will be.
(A) Rs. 15,000 (B) Rs.14,500 (C) Rs. 12,000 (D) Rs. 20,000
24. The length, breath and thickness of a rectangular coil are as 7:4:3 and its whole surface is 1098 sq.cm. Find the thickness.
(A) 12cm. (B) 14cm. (C) 9cm. (D) 15cm.
25. A sum of Rs. 6.25 paise is made up of 80 coins which are either 10 paise coin or five paise coin. How many are there of each kind?
(A) 38:41 (B) 45:36 (C) 39:41 (D) 37:43
26. How many bricks 20 cm. by 10 cm. will be needed to have the floor of a room 25 m long and 16 m wide?
(A) 15,000 (B) 17,000 (C) 19,000 (D) 20,000
27. The average salary per head of all the workers in a factory is Rs. 95. The average salary of 15 officers is Rs. 525 and the average salary per head of the rest Rs. 85. Find the total number of workers in the factory
(A) 550 (B) 660 (C) 700 (D) 800
28. A bag contains 25 paise, 10 paise and 5 coins in the ratio 1:2:3 if their total value is Rs. 30 what is the number of 5 paise coins?
(A) 50 (B) 150 (C) 125 (D) 175
29. If 664 be divided into three parts such that 4 times the first may be equal to 5 times the second and 7 times the third. What is the first sum?
(A) 280 (B) 270 (C) 340 (D) 250
30. A team losses 8 matches, wins 3 and draws 4. What is the percentage of matches won?
(A) 30% (B) 20% (C) 27% (D) 25%
31. A shopman bought apples at the rate of 7 for rupee and sold them at a profit of 40 percent. How many apples would he sell for a rupees?
(A) 5 (B) 7 (C) 3 (D) 4
32. If the difference between three times and seven times of a number comes to 36, what is that number?
(A) 12 (B) 18 (C) 6 (D) 9
33. A can do a piece of work in 20 days, B in 15 days and C in 12 days. In how many days can A finish the work if he is assisted by B on one day and C on the next day alternately?
(A) 14 (B) 10 (C) 9 (D) 8
34. If 4Y– 24<8 , which of the following would not be the correct value of Y?
(A) 7 (B) 8 (C) 9 (D) 12
35. A cube of lead with edges measuring 6 cm each is melted and formed into 27 equal cubes. What is the length of the edges of the new cubes?
(A) 4 cm. (B) 3 cm. (C) 2 cm. (D) 1 cm.

## সেকেন্ডে উত্তরের কৌশল

**1(C).** 6 সেমি ধার (edge) বিশিষ্ট ঘনকের আয়তন $= 6 \times 6 \times 6$ ঘন সেমি। ধরা যাক, ছোট ঘনগুলির প্রত্যেকটির একদিকের বাহুর দৈর্ঘ্য a সেমি হলে প্রত্যেকটি ঘনকের আয়তন $a^3$. অতএব $27a^3 = 6 \times 6 \times 6$ বা, $a^3 = \frac{6 \times 6 \times 6}{27}$ বা, $\frac{6 \times 6 \times 6}{3 \times 3 \times 3}$ বা, $a^3 = 2 \times 2 \times 2$ বা, a = 2 সেমি. **2(B).** $10d = 36^2 - 34^2$ বা, $10d = (36+34)(36-34)$ বা, $10d = 70 \times 2$ বা, d= 14. **3(B).** A, B ও C তিনজন একসঙ্গে একদিনে আয় করে 150 টাকা। A ও C একদিনে আয় করে 150–94 = 56 টাকা। B ও C একসঙ্গে একদিনে আয় করে 76 টাকা। অতএব C একা একদিনে আয় করে 76–56 = 20 টাকা। **4(B).** প্রথম তিনজন ছাত্র 50'এর বেশি নম্বর পেয়েছে। শেষ তিনজন 50'এর কম নম্বর পেয়েছে। শেষ তিনজন ছাত্রকে 50 নম্বর পাওয়ানোর জন্য যথাক্রমে (50–47) বা, 3, (50–41) বা, 9 ও (50–33) বা, 17 নম্বর বেশি অর্থাৎ, মোট 3+9+17 = 29 নম্বর বেশি দিতে হয়েছে। ফলে গড় নম্বর 29 ÷ 6 = 5 (প্রায়) করে বৃদ্ধি পেয়েছে। **5(C).** 68কে বাড়িয়ে 85 অর্থাৎ, 17 বাড়ানো হয়েছে। অতএব শতকরা বৃদ্ধি $17 \times \frac{100}{68}$ বা, 25. **6(D).** ধরা যাক, ওই ব্যক্তির মাসিক আয় 100 টাকা। পারিবারিক খরচ $\frac{1}{2}$ অংশ বা, 50 টাকা, বাড়ি ভাড়া $\frac{1}{4}$ অংশ বা, 25 টাকা ও যাতায়াত খরচ $\frac{1}{5}$ অংশ বা, 20 টাকা। তাহলে মোট খরচ 50+25+20 = 95 টাকা ও ব্যাঙ্কে জমান 100–95 = 5 টাকা। 5 টাকা ব্যাঙ্কে জমালে মাসিক আয় হয় 100 টাকা। তাহলে 50 টাকা ব্যাঙ্কে জমালে মাসিক আয় হবে 1000 টাকা। **7(B).** শহরের জনসংখ্যা বাড়ে (4 + 1) % বা, 5%. প্রথম বছরে বাড়ে 5% ও দ্বিতীয় বছরে বাড়ে (100 + 5) -এর 5% বা, 5.25% দু'বছরে মোট জনসংখ্যা বাড়ে (5 + 5.25) % বা, 10.25%. **8(A). 9(D).** ধরা যাক, কোনো একটি বর্গক্ষেত্রের একটি বাহুর দৈর্ঘ্য 10 একক। ক্ষেত্রফল $10 \times 10 = 100$ বর্গ একক। বাহুর দৈর্ঘ্য দ্বিগুণ করলে হবে $10 \times 2 = 20$ একক। ক্ষেত্রফল হবে $20 \times 20 = 400$ বর্গ একক। ক্ষেত্রফল বাড়ল 400 – 100 = 300 বর্গ একক বা, তিন গুণ। **10(B).** ধরা যাক, C পায় 100 টাকা। B পায় 120 টাকা। A পায় B অপেক্ষা 25% বেশি অর্থাৎ,120–120-এর 25% = 120+30 =150 টাকা। তিনজনে পায় 100+120+150 = 370 টাকা। তাহলে তিনজনে 740 টাকা পেলে C পায় 200 টাকা। **11(B).** 1 জন পুরুষ ও 1 জন স্ত্রীর কাজের ক্ষমতার অনুপাত 5 : 3 অর্থাৎ, 3 জন পুরুষ 5 জন স্ত্রীর সমান কাজ করে। 5 জন পুরুষ $\frac{5 \times 5}{3}$ বা, $\frac{25}{3}$ জন স্ত্রীর সমান। 5 জন পুরুষ ও 3 জন স্ত্রী $\frac{25}{3} + 3 = \frac{34}{3}$ জন স্ত্রী'র সমান। ওই কাজ 10 জন স্ত্রী করে 17 দিনে। তাহলে $\frac{34}{3}$ জন স্ত্রী করবে $\frac{17 \times 10 \times 3}{34} = 15$ দিনে। **12(C).** সবচেয়ে ছোট ঘন হল 1, কিন্তু এখানে ন্যূনতম কত দিয়ে ভাগ করলে 3,600 পূর্ণঘন হবে তা জানতে চাওয়া হয়েছে। তাই সংখ্যাটি 3,600 হলে হবে না। তারপরই পূর্ণঘন হল 8. সুতরাং 3,600 ÷ 8 = 450 করলে কোনো ভাগশেষ থাকছে না অর্থাৎ, উল্টোভাবে 3,600 কে 450 দিয়ে ভাগ করলেই পূর্ণঘন সংখ্যা পাওয়া যাবে। **13(C).** প্রশ্ন থেকে বোঝা যাচ্ছে ছাত্র-ছাত্রীর 30% হল ছাত্রী ও তার সংখ্যা 504. তাহলে মোট ছাত্রের সংখ্যা হবে $(504 \times 70) \div 30 = (504 \times 7) \div 3 = 168 \times 7 = 1176$. **14(B).** সংখ্যাটি x হলে, প্রশ্ন অনুযায়ী 0.75x + 75 = x বা x – 0.75x = 75 বা 0.25x = 75 বা x = 300. **15(D).** সংখ্যাটি 10x + y হলে, x – y = (10x+y) ÷ 12 বা 12x – 10x = 12y + y বা 2x = 13y. সুতরাং x + y কোন সংখ্যা হবে, তা বের করা সম্ভব নয়। **16(B).** আয়তক্ষেত্রটির দৈর্ঘ্য ও প্রস্থ যথাক্রমে x ও y হলে, 2(x+y) : y = 5 : 1 বা 2x + 2y = 5y বা 3y = 2x আবার প্রশ্নে আছে xy = 216 বা $3y^2 = 432$ বা $y^2 = 144$ বা y = 12. তাহলে দৈর্ঘ্য (x) = 18. **17(A).** ABCD বর্গক্ষেত্রের DB হল কর্ণ। এবার প্রশ্ন অনুযায়ী এই DB পথ পেরোতে ঘন্টায় 6 কিমি. বেগে হাঁটলে 3 সেকেন্ড লাগে। তাহলে 3600 সেকেন্ডে 6000 মিটার গেলে 3 সেকেন্ডে পেরোয়




$3 \times \frac{3}{5} = \frac{9}{5}$ মিটার। এবার বর্গক্ষেত্রের কর্ণ হল $x\sqrt{2}$. তাহলে $x\sqrt{2} = \frac{9}{5}$ বা, $x = \frac{9}{5\sqrt{2}}$ তাহলে ক্ষেত্রফল হবে $x^2 = \frac{81}{50} = 1.6$ বর্গমিটার। **18(B).** ফেরার সময় গতিবেগ হচ্ছে 60–6 = 54 কিমি./ঘন্টায়। এই গতিবেগ মিটারে হচ্ছে $\frac{54 \times 5}{18} = 15$ মিটার প্রতি সেকেন্ডে। তাহলে ফিরতে সময় লাগছে $\left(\frac{60 \times 5}{18 \times 45}\right) \div 15 = 750 \div 15 = 50$ মিনিট। তাহলে সময় বাড়তি লাগবে 50 – 45 = 5 মিনিট। **19(C).** বৃত্তটির ব্যাসার্ধ অর্ধেক হলে নতুন বৃত্তটির পরিধি হবে $2\pi r = \frac{2\pi r}{2} = \pi r$. আর ব্যাস হবে ব্যাসার্ধের দ্বিগুণ বা $\frac{2xr}{2} = r$ তাহলে পরিধি ও ব্যাসের অনুপাত হবে $\pi r : r = \pi$. **20(D).** চোঙার ঘনফল $= \pi r^2 \times h$ ঘন একক। প্রথমটির ঘনফল হবে $\pi\left(\frac{2}{3}\right)^2 \times h$ ঘন একক। ও দ্বিতীয়টির হবে $\pi\left(\frac{3}{5}\right)^2 \times h_2$ ঘন একক। প্রশ্ন অনুযায়ী এই দুই আয়তন পরস্পর সমান। তাহলে $\frac{4}{25}\pi h_1 + \frac{9}{25\pi h_2} = 1$ or $\frac{h_1}{h_2} = \frac{9}{4}$. **21(A).** তারটি লম্বা বৃত্তটির পরিধি বা পরিসীমার সমান। বৃত্তটির পরিধি $= 2 \times \frac{22}{7} \times 42 = 22 \times 12 = 264$ সেমি। তাহলে আয়তক্ষেত্রটির পরিসীমা হবে 264 সেমি ও দৈর্ঘ্য আর প্রস্থের যোগফল হবে 264 ÷ 2 = 132 সেমি। তাহলে আয়তক্ষেত্রটির ছোট বাহুটি হবে : $\frac{5 \times 132}{6+5} = 60$ সেমি.। **22(D).** ট্রেনটির গতি ঘন্টায় 45 কিমি, অর্থাৎ 3600 সেকেন্ড 45000 মিটার বা 360 সেকেন্ড 4,500 মিটার, বা, 30 সেকেন্ডে 375 মিটার। ট্রেনটি লম্বায় 130 মিটার। তাহলে ব্রিজটির দৈর্ঘ্য হবে 375 – 130 = 245 মিটার। **23(C). 24(C).** দৈর্ঘ্য, প্রস্থ ও উচ্চতা 7: 4: 3 অনুপাতে যদি 7a, 4a ও 3a হয়, তবে প্রশ্ন অনুযায়ী $2(7a \times 4a + 4a \times 3a + 3a \times 7a) = 1098$ বা, a = 3. তাহলে উচ্চতা হবে $3a = 3 \times 3 = 9$ সেমি। **25(B). 26(D).** ঘরটির ক্ষেত্রফল $= 25 \times 16 = 400$ বর্গমিটার। ইটের ক্ষেত্রফল $= 20 \times 10 = 200$ বর্গ সেমি = 1\50 বর্গমিটার। ইটের সংখ্যা তাহলে হবে $400 \times 50 = 20,000$. **27(B).** কারখানায় মোট কর্মী সংখ্যা X জন হলে, প্রশ্ন অনুযায়ী $95x = 15 \times 525 + (x-15) \times 85$ বা $10x = 15(525-85)$ বা, $2x = 3 \times 440$ বা x = 660. **28(B), 29(A).** প্রথম সংখ্যাটির 4 গুণ = দ্বিতীয় সংখ্যাটির 5 গুণ = তৃতীয় সংখ্যাটির 7 গুণ। তাহলে অনুপাত হবে : $\frac{1}{4} : \frac{1}{5} : \frac{1}{7} = 35 : 28 : 20$. তাহলে প্রথম অংশ হবে $(664 \div 83) \times 35 = 8 \times 35 = 280$. **30(B). 31(A).** দোকানদার 1 টাকায় 7 টি আপেল কিনেছেন, তাহলে একটি আপেলের দাম $\frac{7}{100}$ পয়সা। এতে 40% লাভ রাখলে বিক্রয়মূল্য বের করার সূত্র প্রয়োগ করুন। **32(D).** প্রশ্নটি দেখেই বুঝতে পারছেন, সংখ্যাটির 4 গুণ 36. তাহলে সংখ্যাটি হবে (36÷4) = 9. **33(D).** 2 দিনে তাহলে A, B ও C করবে কাজটির $\frac{1}{20} \times 2 + \frac{1}{15} + \frac{1}{12} = \frac{1}{10} + \frac{1}{15} + \frac{1}{12} = \frac{1}{4}$ অংশ। তাহলে 8 দিনেই কাজটি শেষ হবে। **34(A). 35(C).**

# SSC CHSL'র প্রস্তুতি ও সাফল্যের দিশা



সম্প্রতি স্টাফ সিলেকশন কমিশনের অন্যতম জনপ্রিয় পরীক্ষা কম্বাইন্ড হায়ার সেকেন্ডারি লেভেল-এর বিজ্ঞপ্তি বেরিয়েছে। শূন্যপদের সংখ্যা প্রায় ৫ হাজার। এছাড়াও সামনেই রয়েছে অনেক সরকারি পরীক্ষা যার শূন্যপদের সম্মিলিত সংখ্যা প্রায় ২ লাখের কাছাকাছি। এই ধরনের পরীক্ষায় ঠিক কীরকম প্রস্তুতি নিলে সাধারণ ছাত্রছাত্রীরাও সরকারি চাকরির সুনিশ্চিত কেরিয়ার তৈরি করতে পারবে তা জানালেন দীর্ঘ ৩৬ বছর ধরে সুনামের সাথে চলতে থাকা, চাকরি পরীক্ষার অন্যতম সেরা প্রতিষ্ঠান RICE-এর শিক্ষক সায়ান সুন্দর লাহিড়ী।

সম্প্রতি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর ঘোষণা অনুযায়ী আগামী ২ বছরের মধ্যে প্রায় ১০ লাখ কর্মী নিয়োগের জন্য বিজ্ঞপ্তি বেরোবে। সেই অনুযায়ী, বিভিন্ন দফতরের কাছে শূন্যপদের সংখ্যাও জানতে চাওয়া হয়েছে। এই নিয়োগের ঘোষণা অনুযায়ী স্টাফ সিলেকশন কমিশন কেন্দ্রীয় সরকারের বিভিন্ন দফতর, মন্ত্রালয়, বিভাগ ও অফিসে কাজের জন্য 'লোয়ার ডিভিশন ক্লার্ক / জুনিয়র সেক্রেটারিয়েট / অ্যাসিস্ট্যান্ট' ও 'ডাটা এন্ট্রি অপারেটর' পদে ৪,৫০০ শূন্যপদ পূরণের বিজ্ঞপ্তি বের করেছে। অন্যতম গুরুত্বপূর্ণ এই পরীক্ষার পোশাকি নাম কম্বাইন্ড HS লেভেল। SSC CHSL-এ পরীক্ষার মূল কাঠামো ও নিয়মকানুনেও বেশ কিছু বদল এসেছে। এই পরীক্ষাকে বেশ কয়েকটি স্তরে বিভক্ত করা হয়েছে। Tier-I-এ আগের মতোই English Language, General Intelligence, Quantitative Aptitude ও General Studies এই ৪টি বিষয় থেকে ২০০ নম্বরের প্রশ্ন বরাদ্দ থাকছে। প্রতিটি বিভাগ থেকে ২৫টি করে অর্থাৎ মোট ১০০টি প্রশ্ন থাকবে Tier-I-এ। প্রতিটি প্রশ্নের মান ২ নম্বর। নেগেটিভ মার্কিং থাকবে ০.৫০ ও সময় ১ ঘণ্টা। এক্ষেত্রে মূল কাঠামোতে বদল বিশেষ না থাকলেও চূড়ান্ত মেধাতালিকায় Tier-I-এর পাওয়া নম্বর যোগ হবে না, অর্থাৎ Tier-I শুধুমাত্র কোয়ালিফাই করতে হবে। তবে সবচেয়ে বড়ো বদল এসেছে Tier-II-এ। নতুন নিয়মে কম্পালসরি পেপারটি বেশ কয়েকটি বিভাগে বিভক্ত। প্রথম বিভাগে Reasoning ও Mathematical Abilities-এর ওপর ৩০টি করে প্রশ্নের উত্তর দিতে হবে ১ ঘণ্টা সময়ের মধ্যে ও প্রতিটি প্রশ্নের মান ৩ নম্বর থাকবে। দ্বিতীয় বিভাগে English Language and Comprehension ও General Awareness-এর ওপর প্রশ্ন থাকবে, English-এর ক্ষেত্রে ৪০টি ও General Studies-এর ক্ষেত্রে ২০টি প্রশ্নের উত্তর দিতে হবে ১ ঘণ্টা সময়ের মধ্যে আর প্রতিটি প্রশ্নের মান ৩ নম্বর থাকবে। তৃতীয় বিভাগে Computer Knowledge-এর ওপর ১৫টি প্রশ্নের উত্তর দিতে হবে ১৫ মিনিটের মধ্যে ও প্রতিটি প্রশ্নের মান ৩ নম্বর থাকবে। Tier-II-এর ক্ষেত্রে প্রতিটি ভুল উত্তরের জন্য নেগেটিভ মার্কিং থাকবে ১ নম্বর ও চূড়ান্ত মেধাতালিকা তৈরি হবে Tier-II-এ পাওয়া নম্বরের ভিত্তিতে। লিখিত পরীক্ষায় পাশ করলে পদ অনুযায়ী ছেলেমেয়েদের Skill Test ও Typing Test-এর পরীক্ষা দিতে হবে। আরো একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয় হল নতুন পরীক্ষা-কাঠামোয় descriptive English (অথবা হিন্দি) পেপারটি আর থাকছে না। পরীক্ষা কাঠামো বিশ্লেষণ করে দেখা গেল Mathematics ও English-এর সঙ্গে Reasoning ও General Studies-এরও গুরুত্ব বাড়ল। CHSL পরীক্ষায় Computer Knowledge ও তার একটি স্বতন্ত্র জায়গা করে নিল। Tier-I-এর পাশাপাশি Tier-II-এ Reasoning ও General Studies যুক্ত হওয়ায় CHSL পরীক্ষায় প্রথম থেকেই Tier-I ও Tier-II-এর জন্য যৌথভাবে প্রস্তুতি নিতে হবে। Hard Work ও Smart Work হল প্রতিযোগিতামূলক পরীক্ষার সাফল্যের মূল চাবিকাঠি। তাই পরীক্ষায় সাফল্যের জন্য ছেলেমেয়েদের প্রত্যেকটি বিষয় খুঁটিয়ে পড়তে হবে ও তার সঙ্গে প্রতিদিন সময় ধরে মকটেস্ট দিয়ে অনুশীলন করতে হবে। সঠিক সিলেবাস অনুযায়ী বিজ্ঞানসম্মত পদ্ধতিতে পড়াশোনা করলে ও বিশেষজ্ঞ শিক্ষক-শিক্ষিকাদের পরামর্শ মেনে চললে সহজেই পরীক্ষায় ভালো ফল পাওয়া যাবে।

কর্মসংস্থান LIVE

## প্রাইমারির ইন্টারভিউ শুরু হল

১ পাতার পর

অফিসে ইন্টারভিউ হবে না।

প্রাথমিক শিক্ষা পর্ষদ সূত্রে জানানো হয়েছে, সব জেলার প্রার্থীদের ইন্টারভিউ শেষ করতে সময় লাগবে। প্রথমে কলকাতা জেলার সব প্রার্থীদের ইন্টারভিউ শেষ করে অন্যান্য জেলার প্রার্থীদের ইন্টারভিউ শুরু হবে। তখন কোন জেলার প্রার্থীদের ইন্টারভিউ হবে তা ওয়েবসাইটে জানানো হবে।

পর্ষদ সূত্রে জানা গেছে, প্রাথমিকে ইন্টারভিউয়ের জন্য প্রায় ৩৪ হাজার দরখাস্ত জমা পড়েছে। প্রত্যেকেরই 'টেট' পাশ ও ডি.এড. বা, বি.এড. যোগ্যতা আছে। যাঁরা দরখাস্ত করেছেন, তাঁদের দরখাস্ত বাতিল না হলে প্রত্যেককেই ইন্টারভিউয়ের জন্য ডাকা হবে। ইন্টারভিউয়ের দিনই প্রার্থীদের ডকুমেন্ট ভেরিফিকেশন হবে। ইন্টারভিউয়ের দিন সঙ্গে নিয়ে যেতে হবে এইসব প্রমাণপত্রের মূল ও স্ব-প্রত্যয়িত জেরক্স : (ক) 'টেট' পাশের অ্যাডমিট কার্ড, (খ) 'টেট' যোগ্যতার প্রমাণপত্র, (গ) বয়সের প্রমাণপত্র হিসাবে মাধ্যমিকের অ্যাডমিট কার্ড বা, সার্টিফিকেট, (ঘ) মাধ্যমিক পাশের মার্কশীট ও সার্টিফিকেট, (ঙ) উচ্চমাধ্যমিক পাশের মার্কশীট ও সার্টিফিকেট, (চ) ডি.এড., ডি.এল.এড. বা, বি.এড. পাশের মার্কশীট ও সার্টিফিকেট, (ছ) ডিগ্রি কোর্স পাশের মার্কশীট ও সার্টিফিকেট (যদি থাকে), (জ) কাস্ট সার্টিফিকেট, (ঝ) প্রতিবন্ধী সার্টিফিকেট (যদি থাকে), (ঞ) এক্সেমটেড ক্যাটেগরির সার্টিফিকেট, (ট) প্রাক্তন সমরকর্মীর সার্টিফিকেট (যদি থাকে), (ঠ) প্যারা টিচারদের বেলায় সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দেওয়া প্রথম এনগেজমেন্ট লেটার, (ড) প্যারা টিচারদের অভিজ্ঞতার প্রমাণপত্র হিসাবে ডি.পি.ও. /এস.ডি.ও.-এর দেওয়া সার্ভিস কাউন্টিং ও বয়স ছাড়ের প্রমাণপত্র, (ঢ) অতিরিক্ত যোগ্যতা হিসাবে যা যা প্রমাণপত্র আছে, নিয়োগ বিধি অনুযায়ী সেগুলি, (ণ) ভোটার /আধার কার্ড, (ত) ১ কপি পাশপোর্ট মাপের ফটো। ইন্টারভিউয়ের কল লেটার প্রার্থীর ই-মেল আই.ডি.-তে পাঠানো হয়েছে। এছাড়া প্রার্থীরা সরাসরি ওয়েবসাইট থেকে ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন।

হাই কোর্টের নির্দেশে ২০১৪ ও ২০১৭ সালের 'টেট'এ ৮২ নম্বর পাওয়া সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীদের 'টেট' উত্তীর্ণ ঘোষণা করা হয়েছিল। ওইসব প্রার্থীদের অনলাইনে রেজিস্ট্রেশনের পর আলাদাভাবে ইন্টারভিউ নেওয়া হবে। বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.wbbpe.org, www.wbbprimaryeducation.org

## পোর্ট ট্রাস্টে ৫০ অ্যাপ্রেন্টিস

নিজস্ব সংবাদদাতা, মুম্বই : মুম্বই পোর্ট অথরিটি 'কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট' ট্রেডে অ্যাপ্রেন্টিস হিসাবে ৫০ জন লোক নিচ্ছে।

মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। বয়স হতে হবে ১৪ থেকে ১৮ বছরের মধ্যে। ১২ মাসের ট্রেনিং। স্টাইপেন্ড মাসে ৭,৭০০ টাকা। সীট ৫০টি।

প্রার্থী বাছাই হবে মেধার ভিত্তিতে। মেধা তালিকা প্রকাশিত হবে ওয়েবসাইটে।

আগ্রহী প্রার্থীদের প্রথমে নাম রেজিস্ট্রেশন করতে হবে এই ওয়েবসাইটে : www.apprenticeshipindia.org নাম রেজিস্ট্রেশন করার পর এনরোলমেন্ট বা, রেজিস্ট্রেশন নম্বর প্রিন্ট করে নেবেন। এবার মুম্বই পোর্ট অথিরিটির ওয়েবসাইটে গিয়ে দরখাস্তের ফর্ম ডাউনলোড করে নেবেন। তারপর ওই দরখাস্ত পূরণ করে ডাকে পাঠাতে হবে ১০ জানুয়ারির মধ্যে। তখন পরীক্ষা ফী বাবদ ১০০ টাকা জমা দিতে হবে। তখন সঙ্গে দেবেন যাবতীয় প্রমাণপত্রের প্রত্যয়িত নকল, টাকা জমা দেওয়ার রিসিপ্ট ইত্যাদি। দরখাস্ত পাঠাবেন এই ঠিকানায় : Apprentice Training Centre (ATC), 3rd Floor, Bhandar Bhavan, N.V. Nakhwa Marg, Mazgaon (East), Mumbai-400010. আরো বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.mumbaiport.gov.in


সরকারি চাকরির জন্য নিজেকে প্রস্তুত রেখে ভবিষ্যৎ সুনিশ্চিত করুন

নিউ জেনারেশন কোচিং সেন্টার

Govt. Regd. No- L- 75797 • An ISO 9001:2015 Certified • www.ngcc.in

SSC-GD 2023 ভর্তি চলছে

BSF, CRPF, CISF, SSB, ITBP, AR, NIA, SSF, ARMY, RPF, WBP, KP এবং সেনাবাহিনী

কম্বাইন্ড কোর্সে ভর্তি চলছে

SSC (CGL, CHSL, MTS)
PSC (Gr. C & D), Railway Gr-D
WBP-SI & Other Exam

Head Office- সুমতি প্যালেস

দেবীপুর, পোঃ- চাঁদপাড়া, গাইঘাটা, উত্তর ২৪ পরগনা

9836306785

পথ নির্দেশ : শিয়ালদহ থেকে ট্রেনে বনগাঁ লোকাল ধরে চাঁদপাড়া Station-এ নেমে টোটো বা ভ্যানে করে দেবীপুর বাসস্ট্যান্ড অথবা বনগাঁ থেকে DN44 বা অটো ধরে দেবীপুর।

গঙ্গারামপুর এবং রায়গঞ্জ ব্রাঞ্চে নতুন ব্যাচে ভর্তি চলছে

গঙ্গারামপুর ব্রাঞ্চ

হাইস্কুল রোড, (ফায়ার ব্রিগেডের পাশে), দক্ষিণ দিনাজপুর

(গঙ্গারামপুর ব্রাঞ্চে Physical করানো হয়)

M- 9073360106

রায়গঞ্জ ব্রাঞ্চ

BBD মোড়, রায়গঞ্জ, উত্তর দিনাজপুর

ফোন : 9051149723

# সাধারণ জ্ঞান

...নান সব রকমের চাকরির পরীক্ষায় সাধারণ জ্ঞান বিষয়ে প্রশ্ন আসবেই। সুতরাং কথা এ নিয়ে কাউকে গুরুত্ব দেওয়া উচিত ছেলেমেয়েরা তাকেও দেয় না। কেন? কারণ হিসাবে তারা বলছে একেবারে সিলেবাসে, কোথা থেকে কী প্রশ্ন আসবে? কী ধরনের প্রস্তুতি নিলে সাধারণ জ্ঞান বিষয়েও কমন পাওয়া যাবে তা বুঝে ওঠা প্রায় অসম্ভব। এই সমস্যা সমাধানে এবার থেকে সাধারণ জ্ঞানের বিষয়ভিত্তিক ব্যাপারে জোর দিয়ে চাকরির উপযোগী পুরোপুরি নতুন ধরনের সম্ভার প্রশ্নোত্তরের সেট দেওয়া হচ্ছে।

## সাধারণ বিজ্ঞান

...। ...নুষের কার্যনীতি কোন নীতির ...র ভিত্তিতে — আর্কিমিডিসের নীতি।

...। কোন [illegible] প্রথম [illegible] ...কে কাজে লাগিয়ে বায়ু নিষ্কাশন ...ক করেন — [illegible] ...ন্তে গেরিক।

...। টেলিফোনের গ্রাহক যন্ত্রে কোন ...শক্তি কোন শক্তিতে রূপান্তরিত হয় — ...বিদ্যুৎশক্তি শব্দশক্তিতে।

...। বায়ুমণ্ডলের কোন গ্যাস দহনের ...ধারক — অক্সিজেন।

...। কোন উভচর প্রাণী উড়তে পারে — র‍্যাকোফোরাস।

...। কোনো বস্তুকে ওপর দিকে ছুঁড়লে ...সে কেন তা আবার নীচে নেমে আসে — পৃথিবীর অভিকর্ষ বলের জন্য।

...। ফটোগ্রাফিতে কোন রাসায়নিক দ্রব্য ...ব্যবহৃত হয় — সিলভার ব্রোমাইড।

## ইতিহাস

...। দয়ারাম সাহনি কোন শহরের



...সোপানের আবিষ্কার করেন — হরপ্পা (১৯২১ সালে)।

...। কোন ভাইসরয়ের আমলে 'সিমলা ...ক' স্বাক্ষরিত হয় — লর্ড ...ভেল।

...। কোন বছর থেকে 'শকাব্দ' প্রচলিত — ৭৮ সাল (কুষাণ বংশের রাজা ...ষ্ক এই 'শকাব্দ' প্রচলন করেন)।

...। গৌতম বুদ্ধের ধর্মমত প্রচারের ...না বৌদ্ধশাস্ত্রে কোন নামে পরিচিত — ধর্মচক্র প্রবর্তন।

...। কোন পত্রিকা বিশেষভাবে 'নীল ...বিদ্রোহ'এর কথা তুলে ধরেছিল — হিন্দু ...প্যাট্রিয়ট।

...। শাহজাহানের আমলে তৈরি ...সৌধগুলিতে ভারতীয় রীতির সঙ্গে ...ন স্থাপত্যরীতির মিশ্রণ দেখা যায় — পারসিক।

...৪। রাইটার্সে 'অলিন্দ যুদ্ধ' কোন সালে হয় — ১৯৩০।

১৫। 'হান্টার কমিশন' কোন ঘটনার তদন্তের উদ্দেশ্যে গঠিত হয়েছিল — জালিয়ানওয়ালাবাগের হত্যাকাণ্ড।

১৬। ১৮৭৭ সালে ভারতের প্রথম শ্রমিক ধর্মঘট কোথায় হয়েছিল — নাগপুর।

১৭। কোন অধিবেশনে 'পূর্ণ স্বরাজ' প্রস্তাব গৃহীত হয় — লাহোর।

## ভূগোল

১৮। [illegible] জেলার কোন জায়গায় [illegible] তৈরি হয় — [illegible]।

১৯। সিকিম কোন বছরে ভারতের অঙ্গরাজ্যে পরিণত হয় — ১৯৭৫ সালে।

২০। বিজয়নগর রাজ্যের ধ্বংসাবশেষ কোন নদীর তীরে দেখতে পাওয়া যায় — তুঙ্গভদ্রা।

২১। বোকারো কারখানাতে কোন নদীর জল ব্যবহৃত হয় — দামোদর।

২২। কোন শিল্পকে 'সব শিল্পের মেরুদণ্ড' বলে — লৌহ ও ইস্পাত শিল্প।

২৩। কোন দেশের বৃহত্তম উপকূল আছে — কানাডা (২,০২,০৮০ কিলোমিটার)।

২৪। কোন দেশে সবথেকে বেশি সোনার খনি আছে — চিন।

২৫। কোন দেশে সবথেকে বেশি ইউরেনিয়াম পাওয়া যায় — কানাডা।

২৬। পশ্চিমবঙ্গের কোন শহরকে 'ভারতের গ্লাসগো' বলে — হাওড়া।

২৭। পশ্চিমবঙ্গের সবথেকে ছোট প্রতিবেশী দেশ কোনটি — ভুটান।

## অর্থনীতি

২৮। সম্প্রতি ২ মহিলার স্বাক্ষর-সহ প্রথম ব্যাংক নোট (কারেন্সি নোট) ছাপালো কোন দেশ — মার্কিন যুক্তরাষ্ট্র (১ ডলার ও ৫ ডলার মূল্যের এই নতুন নোটে ট্রেজারি সেক্রেটারি (মার্কিনি অর্থমন্ত্রী) জ্যানেট ইয়েলেন ও লিন মালেরবা'র স্বাক্ষর রয়েছে)।

২৯। এবছর ৪৮ তম জিএসটি কাউন্সিল মিটিং কোথায় হয়েছে — নয়াদিল্লি।

৩০। 'ডব্লিউটিও'এর রিপোর্ট অনুযায়ী, ২০২২ সালে বিশ্বব্যাপী বাণিজ্য কত ট্রিলিয়ন ডলার রেকর্ড গড়বে — ৩২ ট্রিলিয়ন ডলার।

৩১। 'এয়ার ইন্ডিয়া'র কম খরচের এয়ারলাইন ব্যবসার প্রধান কে — অলোক সিং (১ জানুয়ারি থেকে দায়িত্ব নেবেন তিনি)।

## সাম্প্রতিক ঘটনা

৩২। ভারতের কোন রাজ্যে 'মোপা আন্তর্জাতিক বিমানবন্দর'এর উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী — গোয়া।

৩৩। ভারতের কোন রাজ্য/কেন্দ্রশাসিত অঞ্চল 'আয়ুষ্মান ভারত স্বাস্থ্য অ্যাকাউন্ট আইডি জেনারেশন' বিভাগে প্রথম পুরস্কার পেল — জম্মু ও কাশ্মীর।

৩৪। 'জাতীয় শক্তি সংরক্ষণ দিবস' কবে পালিত হয় — ১৪ ডিসেম্বর।

৩৫। গুজরাতের মুখ্যমন্ত্রী এখন কে —



ভূপেন্দ্র প্যাটেল।

৩৬। 'এশিয়া প্যাসিফিক ব্রডকাস্টিং ইউনিয়ন'এর ভাইস প্রেসিডেন্ট কে — সুনীল।

৩৭। ভারতের কোন রাজ্যের বন বিভাগ '[illegible]' (অভিযান) প্রকল্প চালু করল — কেরালা (আক্রমণাত্মক গাছপালা (বিশেষত 'সেন্না স্পেক্টাবিলিস') নির্মূল করতে ও প্রাকৃতিক বন পুনরুদ্ধার করতে এই প্রকল্পটি চালু করা হয়েছে)।

৩৮। সম্প্রতি কে 'সুপ্রিম কোর্ট'এর বিচারপতি হিসাবে শপথ নিলেন — দীপঙ্কর দত্ত।

৩৯। ভারতে বিজয় দিবস কবে পালিত হয় — ১৬ ডিসেম্বর (১৯৭১ সালে পাকিস্তানের সঙ্গে যুদ্ধে ভারতীয় সেনার জয়কে স্মরণ করতে এই দিনটি পালিত হয়)।

৪০। কোন মহাকাশ গবেষণা সংস্থা সম্প্রতি হাইপারসনিক ভেহিক্যাল টেস্ট রান করল — ইসরো।

৪১। ভারতের কোন রাজ্যের 'গামছা' (আঞ্চলিক ভাষায় 'গামোসা' নামে পরিচিত) জিওগ্রাফিক্যাল ইন্ডিকেশন ট্যাগ পেল — অসম।

৪২। বিশ্বের প্রথম দেশ হিসাবে, স্যাটেলাইট যোগাযোগ ব্যবস্থায় ব্যবহৃত স্পেকট্রামের নিলাম করবে কোন দেশ — ভারত।

৪৩। গুজরাত বিধানসভার অধ্যক্ষ পদে কে নিযুক্ত হলেন — শঙ্কর চৌধুরি।

৪৪। এবছর নভেম্বরে, ইরাক ও সৌদি আরবকে অতিক্রম করে ভারতের শীর্ষ তেল সরবরাহকারী দেশে পরিণত হল কোন দেশ — রাশিয়া।

৪৫। বিশ্বের প্রথম দেশ হিসাবে, ভবিষ্যৎ প্রজন্মের জন্য সিগারেট নিষিদ্ধ করে আইন পাস করল কারা — নিউজিল্যান্ড।

৪৬। ২০২৩-'২৪ সালের জন্য, 'কার্ডিওলজিক্যাল সোসাইটি অফ ইন্ডিয়া'র প্রেসিডেন্ট হিসাবে কে নিযুক্ত হলেন — ডা. প্রতাপ চন্দ্র রথ।

৪৭। 'বিশ্ব স্বাস্থ্য সংস্থা'র প্রধান বিজ্ঞানী কে — ড. জেরেমি ফেরার।

৪৮। ২০২২ সালে অষ্টম 'ভারতীয় আন্তর্জাতিক বিজ্ঞান উৎসব' কোথায় হবে — ভোপাল।

৪৯। কোন এয়ারলাইন কোম্পানি '[illegible] সিভিল বিমানচলাচল পুরস্কার'এ, 'সর্বসেরা সেফটি পারফর্মার' পুরস্কার পেল — স্পাইসজেট।

৫০। ভারত কোন দেশের সঙ্গে 'সূর্য কিরণ' নামে যৌথ সামরিক প্রশিক্ষণ মহড়া করছে — নেপাল।

৫১। 'রাষ্ট্রসংঘ'এর বিচারে, প্রাকৃতিক বিশ্বকে পুনরুজ্জীবিত করার জন্য, বিশ্বের শীর্ষ ১০টি পুনরুদ্ধার প্রকল্পগুলির মধ্যে একটি হিসাবে স্থান পেল ভারতের কোন প্রকল্প — নমামি গঙ্গে।

৫২। বিশ্বের কোন শহর ২০২৫ সালের এপ্রিলের পর তৈরি হওয়া প্রতিটি বাড়িতে সোলার প্যানেল বসানো বাধ্যতামূলক করল — জাপানের রাজধানী শহর টোকিও।

৫৩। 'রক্তসি কার্পো এপ্রিকট' জিওগ্রাফিক্যাল ইন্ডিকেশন ট্যাগ পেল। এটি ভারতের কোন রাজ্য/কেন্দ্রশাসিত অঞ্চলের পণ্য — লাদাখ।

৫৪। ফ্রান্স থেকে ভারতে এল শেষতম তথা ৩৬ তম রাফাল যুদ্ধবিমান। এটিকে কোথায় রাখা হয়েছে — পশ্চিমবঙ্গের আলিপুরদুয়ার জেলার হাসিমারা এয়ারবেসে।

৫৫। ডেনমার্কের প্রধানমন্ত্রী এখন কে — মেট ফ্রেডেরিকসেন।

৫৬। ২০৩১ সালের মধ্যে মোট কটি নতুন পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র চালু করার পরিকল্পনা নিল ভারত — ২০টি।

৫৭। কলম্বিয়ার বোগোতায়, ১৬ তম 'আন্তর্জাতিক জুনিয়র বিজ্ঞান অলিম্পিয়াড'এ মোট কটি সোনার পদক পেল ভারত — ৬টি।

৫৮। ভারতের কোন রাজ্যের গোন্ড সম্প্রদায়কে তফশিলি উপজাতি তালিকায় অন্তর্ভুক্ত করতে বিধেয়ক পাস করল রাজ্যসভা — উত্তর প্রদেশ।

৫৯। 'অগ্নি-৫' নামে ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্রের পরীক্ষা করল কোন দেশ — ভারত।

৬০। ভারতের কোন রাজ্য সরকার দেশীয় বাছুর গরুর জিনগত উন্নতি ঘটানোর সিদ্ধান্ত নিল — উত্তরাখণ্ড।

৬১। 'আন্তর্জাতিক অভিবাসী দিবস' কবে পালিত হয় — ১৮ ডিসেম্বর।

৬২। আয়ারল্যান্ড প্রজাতন্ত্রের প্রধানমন্ত্রী এখন কে — ভারতীয় বংশোদ্ভূত আইরিশ নেতা লিও ভারাদকর।

৬৩। মার্কিন যুক্তরাষ্ট্রের 'ন্যাশনাল সায়েন্স ফাউন্ডেশন'এর তরফ থেকে প্রকাশিত এক রিপোর্ট অনুযায়ী, বৈজ্ঞানিক গবেষণাপত্র প্রকাশের নিরিখে বিশ্বে কততম স্থান পেল ভারত — তৃতীয়।

৬৪। কোন প্রতিষ্ঠানকে 'তামাকমুক্ত অঞ্চল' হিসাবে ঘোষণা করা হয়েছে — 'অল ইন্ডিয়া ইনস্টিটিউট অফ মেডিক্যাল সায়েন্সেস' নয়াদিল্লি।

৬৫। কোন অভিধান 'উওম্যান' ও 'ম্যান' শব্দের সংজ্ঞায় নতুন সংযোজন করল — কেমব্রিজ।

৬৬। 'জাতীয় সংখ্যালঘু অধিকার দিবস' কবে পালিত হয় — ১৮ ডিসেম্বর।

৬৭। [illegible] বিক্ষোভ [illegible], কোন দেশ ৬০ দিনের জাতীয় জরুরি অবস্থা ঘোষণা করল — পেরু।

৬৮। এবছর ১৫ থেকে ২২ ডিসেম্বর, 'কলকাতা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব'এর কততম সংস্করণ হয়েছে — ২৮ তম।

৬৯। কোন দেশকে রাষ্ট্রসংঘের নারী অধিকার সংস্থা থেকে বহিষ্কার করা হল — ইরান।

৭০। 'আন্তর্জাতিক মানব সংহতি দিবস' কবে পালিত হয় — ২০ ডিসেম্বর।

৭১। 'হার্ভার্ড বিশ্ববিদ্যালয়'এর প্রথম কৃষ্ণাঙ্গ প্রেসিডেন্ট কে — ক্লডিন গে।

৭২। 'গতি শক্তি বিশ্ববিদ্যালয়'এর প্রথম চ্যান্সেলর কে — কেন্দ্রীয় রেল মন্ত্রী অশ্বিনী বৈষ্ণব।

৭৩। এবছর 'গ্লোবাল ফুড সিকিউরিটি ইনডেক্স' রিপোর্ট অনুযায়ী, ভারতের স্থান কত — ৬৮।

৭৪। এবছর 'আন্তর্জাতিক অর্গান উৎসব' কোথায় হয়েছে — দিল্লি।

৭৫। রাজ্যের সব প্রকল্পগুলির সুবিধা পেতে, আধার কার্ড থাকা বাধ্যতামূলক (অপ্রাপ্তবয়স্ক শিশু ছাড়া) করল কারা — তামিলনাড়ু।

৭৬। কোন দেশ ২০২৮-'২৯ মেয়াদের জন্য, রাষ্ট্রসংঘের নিরাপত্তা পরিষদের অস্থায়ী সদস্য পদের জন্য প্রার্থী ঘোষণা করল — ভারত।

৭৭। কে ২,৫০০ বছরের পুরনো সংস্কৃত ব্যাকরণের জটিল সূত্র সমাধান করে নজির গড়লেন — ভারতীয় গবেষক তথা ছাত্র ঋষি রাজপোপাট।

৭৮। কোথায় ভারতের দীর্ঘতম এসকেপ টানেল চালু করল 'ভারতীয় রেলওয়ে' — জম্মু ও কাশ্মীর।

৭৯। 'জাতীয় কৃষক দিবস' কবে পালিত হয় — ২৩ ডিসেম্বর (ভারতের পঞ্চম প্রধানমন্ত্রী চৌধুরি চরণ সিং'এর জন্মবার্ষিকী উপলক্ষ্যে এই দিনটি পালিত হয়)।

৮০। ২০২২ সালে কে 'মিসেস



ওয়ার্ল্ড' খেতাব জিতলেন — ভারতের সরগম কৌশল।

৮১। 'নিউ দিল্লি ইন্টারন্যাশনাল আরবিট্রেশন সেন্টার'এর চেয়ারপার্সন কে — 'সুপ্রিম কোর্ট'এর প্রাক্তন বিচারপতি হেমন্ত গুপ্তা।

৮২। এবছর 'সোশ্যাল প্রোগ্রেস ইনডেক্স'এ ভারতের স্থান কত — ১১০।

৮৩। 'পুমা ইন্ডিয়া'র প্রচারদূত এখন কে — বলিউড অভিনেত্রী অনুষ্কা শর্মা।

## খেলাধুলা

৮৪। 'আন্তর্জাতিক ক্রিকেট কাউন্সিল'এর বিচারে, কে 'নভেম্বরের সেরা পুরুষ খেলোয়াড়'এর স্বীকৃতি পেলেন — ইংল্যান্ডের ক্রিকেটার জস বাটলার।

৮৫। 'আন্তর্জাতিক ক্রিকেট কাউন্সিল'এর বিচারে, কে 'নভেম্বরের সেরা মহিলা খেলোয়াড়'এর স্বীকৃতি পেলেন — পাকিস্তানের ক্রিকেটার সিদ্রা আমিন।

৮৬। ভোপালে, 'জাতীয় শুটিং চ্যাম্পিয়নশিপ'এ মহিলাদের ১০ মিটার এয়ার পিস্তল বিভাগে কে সোনার পদক পেলেন — কর্ণাটকের শুটার দিব্যা টি.এস (উত্তর প্রদেশের শুটার সংস্কৃতি বানাকে ১৬-১৪ ব্যবধানে হারিয়েছেন তিনি)।

৮৭। টেস্ট ক্রিকেটের ইতিহাসে দ্বিতীয় ক্রিকেটার হিসাবে কে একইসঙ্গে ১০,০০০ রান ও ৫০টি উইকেট নেওয়ার নজির গড়লেন — ইংল্যান্ডের



তারকা ক্রিকেটার জো রুট (দেশের হয়ে ১২৬টি টেস্টে ১০,৬২৯ রান ও ৫০টি উইকেট নিয়েছেন তিনি)।

৮৮। আর্জেন্টিনার কিংবদন্তি ফুটবলার গ্যাব্রিয়েল বাতিস্তুতাকে টপকে, কে ১১ তম গোল করে আর্জেন্টিনা ফুটবল বিশ্বকাপের ইতিহাসে সর্বোচ্চ গোলদাতার শিরোপা পেলেন — লিওনেল মেসি (কাতার ফুটবল বিশ্বকাপে, সেমিফাইনালে ক্রোয়েশিয়াকে ৩-০ ব্যবধানে হারিয়ে, বিশ্বকাপের ফাইনালে ওঠার পথে এই নজির গড়লেন তিনি)।

৮৯। 'বিশ্ব অ্যাথলেটিক্স'এর মতে, এবছর ট্র্যাক অ্যান্ড ফিল্ড অ্যাথলিটদের মধ্যে কাকে নিয়ে সবথেকে বেশি লেখালেখি হয়েছে — 'টোকিও অলিম্পিক'এ জ্যাভলিন থ্রোয়ে সোনার পদকজয়ী তারকা নীরজ চোপড়া।

৯০। এবছর কে পুরুষদের বিভাগে 'আন্তর্জাতিক টেনিস ফেডারেশন' বিশ্ব চ্যাম্পিয়নের পুরস্কার পেলেন — স্প্যানিশ টেনিস তারকা রাফায়েল নাদাল।

৯১। এবছর কে মহিলাদের বিভাগে 'আন্তর্জাতিক টেনিস ফেডারেশন' বিশ্ব চ্যাম্পিয়নের পুরস্কার পেলেন — পোলিশ টেনিস তারকা ইগা সুইয়াটেক।

৯২। ব্রিসবেন ২০৩২ অলিম্পিক ও প্যারালিম্পিক গেমস অর্গানাইজিং কমিটি'র চিফ এক্সিকিউটিভ অফিসার কে — মার্কিনি এক্সিকিউটিভ সিন্ডি হুক।

৯৩। ইংল্যান্ডের সবথেকে কম বয়সি টেস্ট ক্রিকেটার কে — রেহান আহমেদ (রেহানের বয়স এখন ১৮ বছর ১২৬ দিন)।

সংকলক : পলি দেওয়ান



## টেট ইন্টারভিউ ও অ্যাপ্টিটিউড টেস্ট

# কীভাবে ইন্টারভিউতে সফল হবেন



২৭শে ডিসেম্বর কলকাতা জেলার জন্য টেট ২০২২ ইন্টারভিউ শুরু হচ্ছে। পরবর্তী পর্যায়ে শীঘ্রই ধাপে ধাপে রাজ্যের বাকি সব জেলার ইন্টারভিউ হবে। এখন এই অতি গুরুত্বপূর্ণ ইন্টারভিউয়ে কীভাবে যাওয়া উচিত, কীভাবে কথা বলা উচিত, ঠিক কী কী বিষয়ে প্রস্তুতি থাকা উচিত, কোন কোন বিষয় থেকে প্রশ্ন আসতে পারে — এরকমই অতি প্রয়োজনীয় কিছু টিপস শেয়ার করলেন চাকরি পরীক্ষার বিশেষজ্ঞ ও সরকারি আধিকারিক **সামিম সরকার**। **এছাড়াও দেওয়া হল টেটের ইন্টারভিউয়ে আসতে পারে এমন সম্ভাব্য ১২৪টি গুরুত্বপূর্ণ প্রশ্ন।**

### টেট ইন্টারভিউ কী

টেট অর্থাৎ টিচার্স এলিজিবিলিটি টেস্ট বা শিক্ষক যোগ্যতা পরীক্ষায় বসার জন্য একটি নির্দিষ্ট অ্যাকাডেমিক ব্যাকগ্রাউন্ডের প্রয়োজন যার মধ্যে ডি.এল.এড একটি গুরুত্বপূর্ণ অংশ। এই প্রশিক্ষণের মাধ্যমে একজন প্রার্থীকে কিছু শিক্ষা দেওয়া হয় যা শিশু মনোবিজ্ঞান, শিশু আচরণ, জ্ঞান প্রদানের শিল্প ও শিক্ষাদানের উপর এমনভাবে ফোকাস করে যাতে বিষয়ের প্রাথমিক জ্ঞান শিশুদের মনে গেঁথে যায়। এটি একটি সাধারণ ঘটনা যে শুধুমাত্র শিক্ষাগত যোগ্যতাই একজন ভালো শিক্ষক হওয়ার জন্য যথেষ্ট নয়। শিক্ষকতা একটি দক্ষতা যার দ্বারা শিক্ষার্থীরা পড়াশোনা সঠিক ভাবে বুঝতে পারে। ফলে তারা পড়াশোনা করতে আগ্রহ পায়।

টেট-এর মাধ্যমে একজন প্রার্থীর জ্ঞানের গভীরতা, শিক্ষাদানের যোগ্যতা ও শেখানোর দক্ষতা ইত্যাদি মূল্যায়ন করা হয়। সুতরাং, একজন প্রার্থীকে অবশ্যই ডি.এল.এড -এর পাঠক্রমের ওপর ভালো দখল থাকতে হবে। উপরন্তু, ওয়েস্টবেঙ্গল বোর্ডের-এর পাঠ্যক্রম ও 'বিশেযত' ব্যাকরণগত অংশ অনুযায়ী অষ্টম থেকে দশম-এর বিষয়গুলি পুঙ্খানুপুঙ্খভাবে পড়তে হবে। এটি, বাংলা/উর্দু/হিন্দি/নেপালি ভাষার ক্ষেত্রেও প্রযোজ্য। জীবন বিজ্ঞান-এর ক্ষেত্রে, পরিবেশগত দিক সম্পর্কে জ্ঞান থাকা জরুরি। নবম ও দশম শ্রেণীর ইংরিজি আর বাংলার ব্যাকরণগত অংশ অত্যন্ত গুরুত্বপূর্ণ।

একজনকে অবশ্যই 'বিশেষ' বিষয়টির যত্ন নিতে হবে, যেটি সে স্বাচ্ছন্দ্য বোধ করে, যাতে যতটা সম্ভব সেই সব বিষয়ে ভালো নম্বর পাওয়া যায়।

### অ্যাপ্টিটিউড টেস্ট

প্রাথমিক শিক্ষক নিয়োগের শেষ পর্যায়ে ইন্টারভিউয়ের সঙ্গে রয়েছে ৫ নম্বরের অ্যাপ্টিটিউড টেস্ট। অ্যাপ্টিটিউড টেস্ট ব্যাপারটি একটি নতুন কনসেপ্ট। সাক্ষাৎকারের সময় অল্প সময়ে এই টেস্টটি নেওয়া বেশ কঠিন। অ্যাপ্টিটিউড টেস্ট বিষয়টি কী অনেক পরীক্ষার্থীরই অজানা। ইন্টারভিউ দিতে যাওয়ার আগে অতি অবশ্যই অ্যাপ্টিটিউড টেস্ট সম্পর্কে ধারণা থাকা ভালো। এই টেস্টের উদ্দেশ্য, সারবত্তা ও মাধ্যম সম্পর্কে জেনে রাখা দরকার। উক্ত জ্ঞানের আলোকে নিজেকে উদ্ভাসিত করে ইন্টারভিউ বোর্ডের সামনে হাজির হলে সাফল্য লাভ করা অবশ্যই সম্ভব।

'নিউ এডুকেশন পলিসি -২০২০'তে বলা হয়েছে বিদ্যালয়ে ছাত্রছাত্রীদের থিওরিটিক্যাল নলেজের পাশাপাশি প্র্যাকটিক্যাল নলেজের প্রতিও গুরুত্ব প্রদান করা হবে। পড়াশুনার পাশাপাশি ছাত্রছাত্রীদের বিভিন্ন বিষয়ে স্কিল বা দক্ষতা বৃদ্ধিরও বন্দোবস্ত করা হবে, যা ছাত্রছাত্রীদের সর্বাঙ্গীন বিকাশে অনেকটাই সাহায্য করবে।

প্রার্থীদের মেন্টাল এবিলিটি ও স্কিল পরিমাপের মাধ্যম হল অ্যাপ্টিটিউড। অ্যাপ্টিটিউডে কোন থিওরিটিক্যাল প্রশ্ন জিজ্ঞাসা করা হয় না, মেন্টাল এবিলিটি বা মানসিক দক্ষতার প্রশ্ন করা হয়। যেমন ম্যাথ রিজনিং, লজিক্যাল রিজনিং, ভার্বাল রিজনিং ইত্যাদি। বর্তমান সময়ে অ্যাপ্টিটিউড-এর গুরুত্ব উত্তরোত্তর বৃদ্ধি পেয়ে চলেছে। যে কোন চাকরী পরীক্ষার ক্ষেত্রে অ্যাপ্টিটিউড টেস্ট অপরিহার্য অঙ্গ হয়ে উঠেছে। সরকারী বা বহুজাতিক কোম্পানীতে নিয়োগের ক্ষেত্রে হোক কিংবা শিক্ষক নিয়োগের পরীক্ষা এমনকি স্কুল কলেজ -ইউনিভার্সিটিতে ভর্তির জন্যও অ্যাপ্টিটিউড টেস্ট নেওয়া হয়। অ্যাপ্টিটিউড এর মাধ্যমে প্রার্থীর দক্ষতা, সক্ষমতা, যোগ্যতা যাচাই করা হয়। এখানে সাধারণত এমন প্রশ্ন করা হয় যা হয়তো সকলেরই জানা, কিন্তু প্রার্থী অন্যদের চেয়ে কত তাড়াতাড়ি উত্তর দিচ্ছে তাই বিবেচ্য। এমনও হতে পারে প্রার্থী অ্যাপ্টিটিউড এর কোন প্রশ্নের উত্তর দিতে পারল না, কিন্তু কীভাবে সে উত্তর করছে তা লক্ষ্য করা হয়।

অ্যাপ্টিটিউড টেস্টের বিভিন্ন পদ্ধতি:

১। স্প্যাটিয়াল রিজনিং - এই পদ্ধতির মাধ্যমে ছাত্রছাত্রীদের স্থানিক ধারণা সংক্রান্ত কল্পনাশক্তি যাচাই করা হয়। কোন ইমেজ বা চিত্রকে নিজের আভ্যন্তরীণ মানসিক শক্তি দ্বারা বিশ্লেষণ করে দ্রুত উত্তর দিতে হয় এই ধরনের টেস্টে। নিজের মৌলিক চিন্তাশক্তির ক্ষিপ্রতার অভাব থাকলে এই ধরনের প্রশ্নের উত্তর দিতে অসুবিধা হবে। এটি ছাত্রছাত্রীদের কোন এক পরিস্থিতিতে ঘটনা পরম্পরায় প্রসেসিং-এর মাধ্যমে মস্তিকের কার্যকারীতাও যাচাই করে। পরিবর্তনশীল পরিবেশে মানসিক অভিযোজনের চিত্রটিও সঠিকভাবে ফুটে ওঠে এই টেস্টের মাধ্যমে। ত্রিমাত্রিক চিত্র, মিরর ইমেজ, চিত্রের কম্বিনেশন সংক্রান্ত প্রশ্ন সচরাচর করা হয় এই ধরনের পদ্ধতিতে। এই ধরনের প্রশ্নের চটজলদি উত্তর দেওয়ার জন্য দরকার চিন্তার মৌলিকত্ব, ধৈর্য্য ও বিশ্লেষণী ক্ষমতা। তাছাড়া দরকার প্রশ্নগুলিকে গভীর মনোযোগ দিয়ে শেষ পর্যন্ত শোনা।

২। অ্যাবস্ট্রাক্ট রিজনিং - অ্যাপ্টিটিউড টেস্টের একটি অন্যতম পদ্ধতি হল অ্যাবস্ট্রাক্ট রিজনিং। এটির মাধ্যমে প্রার্থীর নিজস্বতা বা স্বকীয়তা, সৃজনশীলতা বা উদ্ভাবনী ক্ষমতা পরিমাপ করা হয়। সেই সঙ্গে দেখে নেওয়া হয় দ্রুত সমস্যা সমাধানের ক্ষমতা। ফলে এর মাধ্যমে দক্ষ প্রার্থীরা সমস্যা সমাধানের মৌলিক উপায় খুঁজে নিতে সক্ষম হয়, পুরনো বিষয়বস্তুকে প্রয়োজনমাফিক নতুনভাবে দেখানো হয়।

৩। সাইকোমেট্রিক টেস্ট - এই টেস্টকে সিচ্যুয়েশনাল জাজমেন্ট টেস্টও বলা হয়। এটির মাধ্যমে বিভিন্ন দৃশ্যকল্প বা অবস্থাকে বুঝে নিয়ে সিদ্ধান্ত নেওয়ার ক্ষমতাকে যাচাই করা হয়। এটি প্রার্থীর 'প্রেজেন্স অব মাইন্ড' বা উপস্থিত বুদ্ধি যাচাই করে। সমস্যা সমাধানের ক্ষেত্রে এই দক্ষতা বেশী থাকলে, সেইমতো মার্কসও বেশী উঠবে। ইন্টারভিউয়ে 'সিচ্যুয়েশনাল জাজমেন্ট টেস্টের' মাধ্যমে দেখে নেওয়া হয় প্রার্থী কতটা দ্রুততার সাথে সমস্যা সমাধানে সক্ষম। এই টেস্টের মাধ্যমে কর্মক্ষেত্রে প্রার্থী কিভাবে টাফ সিচ্যুয়েশনকে হ্যান্ডেল করেন — তা দেখে নেওয়া হয়।

৪। ভার্বাল রিজনিং - অ্যাপ্টিটিউড টেস্টের অন্যতম মাধ্যম হল ভার্বাল রিজনিং। এটির মাধ্যমে প্রার্থীর বোধশক্তি এবং কমিউনিকেশন স্কিল যাচাই করা হয়। একটি প্যাসেজ উদ্ধৃত করে বিভিন্ন ধরনের প্রশ্ন করা হতে পারে। এর দ্বারা একদিকে যেমন প্রার্থীর মস্তিষ্কের ধারণক্ষমতা ও চট করে বুঝে নেওয়ার ক্ষমতা বোঝা যায়, অপরদিকে তেমন বিশ্লেষনী ক্ষমতার প্রয়োগে বাস্তবসম্মত সিদ্ধান্ত নেওয়ার দক্ষতারও পরিচয় পাওয়া যায়।

অ্যাপ্টিটিউড টেস্টের আরও কয়েকটি প্রক্রিয়া আছে, যেমন- নিউমেরিক্যাল রিজনিং, জেনারেল রিজনিং, লজিক্যাল রিজনিং ইত্যাদি। পড়াশুনা, ডিগ্রি-উপাধির বাইরে একজন প্রার্থীর স্বাভাবিক প্রবণতা বা মানসিক দক্ষতা তাকে অন্যদের চেয়ে আলাদা করে দেয়।

কর্মসংস্থান LIVE TM

### ক্লাস ডেমনস্ট্রেশন

প্রাথমিক শিক্ষক নিয়োগের একটি গুরুত্বপূর্ণ অংশ হল টিচিং ডেমনস্ট্রেশন এই বিষয়ের জন্য আলাদাভাবে মার্কস বরাদ্দ না থাকলেও ইন্টারভিউ বোর্ডের সামনে ডেমনস্ট্রেশন গুরুত্ব অপরিসীম। প্রার্থীরা তাঁদের প্রশিক্ষণে এই ধাপ অতিক্রম করে এসেছেন। শিখন সামগ্রী (TLM) পরিমিত ও সঠিক ব্যবহার এই বিভাগে সাফল্য এনে দেবে। আপনাকে মাথায় রাখতে হবে আপনি শিক্ষক হতে চলেছেন। সেক্ষেত্রে আপনার প্রাইভেট টিউশনের ইচ্ছেগুলো টিচিং ডেমনস্ট্রেশনে প্রকাশ পেলে চাকরির আশা ছেড়ে দেওয়া ছাড়া উপায় নেই। কারণ, প্রাইভেট টিউশনে আমরা বেশির ভাগ শিক্ষকতার শর্ত মানতে পারি না। যেগুলি হলো — চক-ডাস্টারের ব্যবহার, বোর্ডে লেখার ধরন, চার্টের ব্যবহার, নিজের শরীর ভঙ্গিমার ব্যবহার, গলার আওয়াজ, প্রশ্ন করার ধরন, নিজের সীমাবদ্ধতার সম্বন্ধে জ্ঞান প্রভৃতি। এগুলি সম্পর্কে নিজের ধারণা স্পষ্ট করা দরকার। এই বিভাগটাই অন্য সমস্ত পরীক্ষার থেকে অন্যরকম। ব্যাঙ্ক, রেল, স্টাফ সিলেকশন কমিশন, ডব্লুবিসিএস পরীক্ষায় এই বিভাগটির পরীক্ষা দিতে হয় না। বলা বাহুল্য, প্রাথমিক শিক্ষক নিয়োগে এটিই পার্থক্য গড়ে দেবে কে চাকরি পাবে আর কে পাবে না।

প্রাথমিক শিক্ষক নিয়োগের এই পর্যায়ে প্রার্থীদের একটু বাড়তি চাপ থাকবেই। তাঁরা ভাবছেন যে কী থাকবে। আগে ভালোভাবে পড়ে নিতে হবে প্রাইমারী স্তরের সিলেবাসগুলি। যথাক্রমে — বাংলা, ইংরিজি, অঙ্ক ও পরিবেশ। এগুলি থেকেই মূলত প্রশ্ন আসবে। এছাড়া সৃজনশীল কর্মক্ষমতা থেকেও প্রশ্ন আসার সম্ভাবনা থাকে।

ক্লাস ডেমনস্ট্রেশন হল একটি সম্পূর্ণ ক্লাস সংক্ষিপ্ত রূপ মাত্র। বিদ্যালয়ের একটি সম্পূর্ণ ক্লাসের জন্য বরাদ্দ সময় ৪০-৪৫ মিঃ কিন্তু ক্লাস ডেমনস্ট্রেশন এর জন্য সময় পাবেন মাত্র ৩-৫ মিঃ। সে কারণেই ক্লাস ডেমনস্ট্রেশন দেওয়ার সময় একটি সম্পূর্ণ ক্লাসকেই আনুপাতিক ভাবে সঙ্কুচিত করতে হবে কিন্তু যার মধ্যে একটি সম্পূর্ণ ক্লাসের সমূহ উপাদান গুলি বজায় থাকবে।

ক্লাস ডেমনস্ট্রেশন প্রকৃতপক্ষে সংক্ষিপ্ত শিক্ষাদানের প্রক্রিয়া যা একটি কৃত্রিম পরিবেশে কিছুটা অভিনয় করে দেখাতে হয়। যাই হোক না কেন এক্ষেত্রে শিক্ষাবিজ্ঞানের কিছু মৌলিক জ্ঞান থাকা প্রয়োজন ও কিছু মৌলিক নীতি প্রয়োগ করা প্রয়োজন। ক্লাস ডেমনস্ট্রেশন এর ক্ষেত্রে সেই মৌলিক নীতিগুলি প্রযুক্ত হচ্ছে কিনা সেটাই ইন্টারভিউ বোর্ড খেয়াল রাখে।

ডেমনস্ট্রেশন কেন গুরুত্বপূর্ণ? শিক্ষক-শিক্ষিকাদের প্রধান ও অন্যতম কাজই হল পড়ানো অর্থাৎ ক্লাস নেওয়া। পার্সোন্যালিটি টেস্টে একজন ভাবী শিক্ষক -শিক্ষিকার সাথে কথা বলে, তার বিষয়ের জ্ঞান, কথোপকথনের দক্ষতা বোঝা গেলেও তিনি শ্রেণীকক্ষে ছেলেমেয়েদের কতটা পড়াতে সক্ষম, তা জানা সম্ভব নয়। তাই আপনার শিক্ষকতার দক্ষতা যাচাই করার জন্যই এই ডেমনস্ট্রেশন।

ডেমো ক্লাস আপনাকে নিতে বললে, প্রথমেই আপনাকে দেখে নিতে হবে, সেই ঘরে কোনো ব্ল্যাকবোর্ড ও চকের ব্যবস্থা আছে কিনা। ব্ল্যাকবোর্ড থাকলে আপনাকে বোর্ডের বাঁ দিকে উপরে লিখতে হবে বিষয়। বিষয় লিখে আপনি কী বিষয় পড়াবেন সেটি লিখবেন। তার নীচে শ্রেণী অর্থাৎ কোন শ্রেণীর জন্য আপনি পড়াচ্ছেন। ডান দিকের উপরে তারিখ, তার নীচে আজকের পাঠ লিখে বিষয়ের কোন ভাগটি আপনি পড়াচ্ছেন তা নীচে দেখানো হল

| | |
|---|---|
| বিষয় - সংস্কৃত | তারিখ : ২৪/০৯/২০১৬ |
| শ্রেণী - অষ্টম | আজকের পাঠ — কারক |
| | (এটি পড়ানোর সময় পর লিখবেন) |

ব্ল্যাকবোর্ডের কাজ সম্পন্ন করে পড়ানোর পর্যায়গুলি আমাদের ঠিকঠাক করতে হবে। আপনাকে দেওয়া ওই সামান্য সময়ের মধ্যেই।

**ক্লাস ডেমনস্ট্রেশনের পাঁচটি ধাপ নীচে বিস্তারিত ব্যাখ্যা করা হল —**

**১। পাঠ অবতারণা :** পড়ানো শুরু করার পূর্বে আপনাকে পাঠের অবতারণা করতে হবে। অর্থাৎ সরাসরি আপনি কী পড়াবেন, সেটা না বলে সেই প্রসঙ্গে দু-এক কথা বলে, তারপর কী পড়াবেন সেটা

১ জানুয়ারি থেকে ৩১ ডিসেম্বর
আর মাত্র কয়েকদিন
সাফল্য
আপনার হাতের মুঠোয়
কীভাবে? যোগাযোগ করুন 9830624170

বলবেন ও সাথে সাথে বোর্ডে লেখা আজকের পাঠের পাশে লিখবেন। উদাহরণ হিসাবে বলা যায়, আপনি অষ্টম শ্রেণীর 'মুনি মূষিক : কথা' গল্পটি পড়াবেন। সেখানে কী পড়াবেন সেটা বলার পূর্বে মুনি কাকে বলে, মূষিক কাকে বলে, বলে নিয়ে বলবেন আজ আপনি 'মুনি মূষিক: কথা' গল্পটি পড়াবেন।

২। **ব্যাখ্যাকরণ :** এবার যে পাঠটি পড়াবেন তার যথার্থ ব্যাখ্যা করুন, যেন আপনার ব্যাখ্যার ভাষা সরল, স্পষ্ট হয়। যা বলবেন সংক্ষেপে সহজবোধ্য করে বলবেন। উদাহরণ দিয়ে বোঝান।

৩। **ব্ল্যাকবোর্ড ব্যবহার :** ব্যাখ্যা করার সময় ব্ল্যাকবোর্ডে লিখে বোঝান, যে কোন কিছু, বোর্ডের লেখা যেন পরিষ্কার, মাঝারি অক্ষরের হয়। পূর্বের বিষয়, শ্রেণী ও তারিখ আজকের পাঠের মাঝের ফাঁকা অংশ ব্যাখ্যা বোঝানোর জন্য ব্যবহার করুন, ইন্টারভিউ যাঁরা নিচ্ছেন, তাঁদের দিকে সম্পূর্ণ পিছন ফিরে নয়, এক পাশ ফিরে বোর্ডে লিখুন।

৪। **প্রশ্ন করণ :** এই পর্যায়টি ও পরের পর্যায়টি আপনার পরিবেশের ওপর নির্ভরশীল। আপনি ইন্টারভিউয়ারের কাছে অনুমতি নিতে পারেন, যে আপনি কি সামনে কাল্পনিক ছাত্র আছে ভেবে পড়াবেন, না তাঁদেরকে ছাত্র মনে করে পড়াবেন। যদি কাল্পনিক ছাত্র মনে করতে বলেন, তবে বাকি পর্যায় দুটোর প্রয়োজন নেই। আর ইন্টারভিউয়ারকেই ছাত্র মনে করতে বললে, আপনি আপনার পড়ানো বিষয় থেকে একটি প্রশ্ন ধরতেই পারেন।

৫। **উৎসাহ প্রদান করা :** এটি পূর্বের পর্যায়ের উপর নির্ভরশীল। আপনি বলতে পারেন যে, সে ভালো বলেছে।

এই পাঁচটি পর্যায়কে আপনি আপনার পরিবেশ পরিস্থিতি অনুযায়ী সাজিয়ে নেবেন। কারণ স্কুলে আপনি কীভাবে পড়াবেন — তা আপনাকে ডেমনস্ট্রেশনের মাধ্যমে বোঝাতে হবে। বাড়ি থেকে নিজের পছন্দের কোনো বিষয়ে তৈরি হয়ে যান। আর যদি ইন্টারভিউয়াররা তাঁদের মনোনীত কোনো বিষয়ে আপনাকে পড়াতে বলেন, তবে নিজের মনে বিষয়টিকে সাজিয়ে সুন্দর ভাবে বোঝাতে হবে।

## প্রাথমিকে শিক্ষক নিয়োগের নম্বর বিভাজন

পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা পর্ষদ আয়োজিত প্রাথমিকে শিক্ষক নিয়োগ যোগ্যতা নির্ধারণ পরীক্ষা বা টেট-এ ন্যূনতম ৬০ শতাংশ নম্বর পেয়ে পাশ করতে হবে। শিক্ষাদপ্তরের সঙ্গে আলোচনার সাপেক্ষে পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা পর্ষদ শূন্যপদের ওপর ভিত্তি করে ইন্টারভিউ ও অ্যাপ্টিটিউট টেস্টের জন্য বিজ্ঞপ্তি প্রকাশ করে। ইন্টারভিউ ও অ্যাপ্টিটিউট টেস্ট মোট ১০ নম্বরের হয়ে থাকে। এটি-ই হলো চূড়ান্ত ধাপ। এই পরীক্ষায় ফলের উপরে চাকরির ভবিষ্যৎ নির্ভর করবে। এই নম্বরের বিভাজন নিচে দেওয়া হলো :

| | | |
|---|---|---|
| ১। | মাধ্যমিক | ০৫ |
| ২। | উচ্চ মাধ্যমিক | ১০ |
| ৩। | প্রশিক্ষণ | ১৫ |
| ৪। | টেট | ০৫ |
| ৫। | এক্সট্রা কারিকুলার অ্যাক্টিভিটি | ০৫ |
| ৬। | ইন্টারভিউ | ০৫ |
| ৭। | ক) অ্যাপ্টিটিউড টেস্ট<br>খ) প্যারা টিচারের অভিজ্ঞতা | ০৫ |
| | মোট — | ৫০ |

উপরে নম্বর বিভাজনটি নিয়ে একটু বিস্তারিত আলোচনা করা যাক। প্রাথমিক শিক্ষক নিয়োগের ক্ষেত্রে মাধ্যমিকে এবং উচ্চমাধ্যমিকের জন্য বরাদ্দ নম্বর যথাক্রমে ০৫ ও ১০ অর্থাৎ মাধ্যমিকে ১০০% নম্বর পেলে প্রার্থী পাবে ৫ আর ৮০% নম্বর পেলে পাবে ৪ নম্বর। একইরকম ভাবে উচ্চমাধ্যমিকে ১০০% নম্বর পেলে পাবে ১০ অর্থাৎ মাধ্যমিক / উচ্চমাধ্যমিকের প্রাপ্ত শতকরা হার অনুযায়ী প্রাপ্ত ওই দুটি পরীক্ষার ওয়েটেজ নম্বর নির্ধারিত হবে। যেমন — উচ্চমাধ্যমিকে কেউ যদি ৭৫% নম্বর পেয়ে থাকেন তবে সে এক্ষেত্রে নম্বর পাবেন = (৭৫% × ১০) = ৭.৫। 'টেট' পরীক্ষার জন্য বরাদ্দ ০৫ নম্বরের বিভাজনটিও একই রকম।

প্রাথমিক শিক্ষক নিয়োগের ক্ষেত্রে একটি অতিরিক্ত বিষয়ের সংযোজন ঘটেছে। সেটি হল 'অতিরিক্ত যোগ্যতা' গেমস্, এন.সি.সি., রাজ্য বা জাতীয় স্তরের প্রতিযোগিতা ইত্যাদিকে এর অন্তর্ভুক্ত করা হয়েছে।

■ এক্সট্রা কারিকুলার অ্যাক্টিভিটির ক্ষেত্রে নম্বরের বিভাজন –

| | | | |
|---|---|---|---|
| ১। | গেমস এবং খেলাধুলা | ০১ | |
| ২। | NCC | ০১ | |
| ৩। | শিল্প ও সাহিত্য | ০১ | |
| ৪। | ড্রামা বা নাটক | ০১ | |
| ৫। | মিউজিক | ০১ | |
| | মোট — | ০৫ | |

■ অ্যাপ্টিটিউট টেস্টের ক্ষেত্রে প্যারা টিচারের অভিজ্ঞতার নিরিখে নম্বরের বিভাজন –

| | | |
|---|---|---|
| ১। | ১০ বছরের বেশী অভিজ্ঞতা | ০৫ |
| ২। | ৮ বছরের বেশি থেকে ১০ বছরের অভিজ্ঞতা | ০৪ |
| ৩। | ৬ বছরের বেশি থেকে ৮ বছরের অভিজ্ঞতা | ০৩ |
| ৪। | ৪ বছরের বেশি থেকে ৬ বছরের অভিজ্ঞতা | ০২ |
| ৫। | ৪ বছরের নীচে অভিজ্ঞতা | ০১ |

## ইন্টারভিউয়ের সম্ভাব্য প্রশ্ন

১. নিজের নামের অর্থ।
২. নিজের জেলার বিবরণ।
৩. জেলা স্তরে এবং রাজ্য স্তরে স্কুল শিক্ষার নিয়ন্ত্রক সংস্থা।
৪. গ্র্যাজুয়েটদের ক্ষেত্রে স্নাতক স্তরে নিজস্ব বিষয়ের প্রাথমিক জ্ঞান।
৫. প্রথম থেকে চতুর্থ শ্রেণীতে মৌলিক রাশি শেখানোর দক্ষতা।
৬. কারেন্ট অ্যাফেয়ার্সের জ্ঞান।
৭. প্রাথমিক শিক্ষায় গ্রাম পঞ্চায়েতের ভূমিকা।
৮. শিশুদের বিষয়ে খাদ্য ও পুষ্টি সম্পর্কে প্রাথমিক জ্ঞান।
৯. স্কুল শিক্ষার হিসাবে এখন পর্যন্ত কোন বয়সের গোষ্ঠীতে শিশু হিসাবে বিবেচনা করা হয়।
১০. শিক্ষার অধিকার আইন।
১১. শিক্ষণীয় উপকরণ অর্থাৎ সরঞ্জামের ব্যবহার সম্পর্কে জ্ঞান
১২. কেন আপনি আপনার বর্তমান চাকরি ছেড়ে দেবেন (যদি থাকে) ?
১৩. (অনার্স, স্নাতক বা স্নাতকোত্তর প্রার্থী) কেন আপনি প্রাথমিক শিক্ষক হতে পছন্দ করেন?
১৪. একজন আদর্শ শিক্ষকের মৌলিক গুণাবলী কী কী?
১৫. শিক্ষকের সংজ্ঞা দাও।
১৬. শিক্ষা কি?
১৭. একজন শিক্ষকের কোন আনুষ্ঠানিক যোগ্যতা নেই এমন উদাহরণ দাও।
১৮. মিড ডে মিলের বিবরণ।
১৯. প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষার জন্য আপনি কোন কমিটি বা কমিশনের সুপারিশ কার্যকর বলে মনে করেন?
২০. প্রাথমিক শিক্ষা কি শুধুমাত্র মাতৃভাষায় পরিচালিত হওয়া উচিত? যদি তাই হয়, কেন?
২১. প্রাথমিক পাঠ্য বিষয়গুলির সম্বন্ধে জ্ঞান এবং পাঠ্যক্রমের সঙ্গে পরিচয়
২২. বিদ্যালয়ে এবং শিশুমনে শিক্ষকের ভূমিকা
২৩. শ্রেণিকক্ষকে আনন্দময় অথচ সুনিয়ন্ত্রিত রাখার পথ
২৪. পড়ানোর বিষয়কে কার্যকর করে তোলার সহজ পদ্ধতি
২৫. শিশু মনস্তত্ত্ব সম্বন্ধে স্বচ্ছ ধারনা
২৬. ভাষাজ্ঞান (ইংরাজী ও বাংলা, ব্যাকরন সহ)
২৭. পারিপার্শ্বিক সম্বন্ধে সচেতনতা
২৮. শিক্ষার অধিকার আইন, সর্বশিক্ষা অভিযান, মধ্যাহ্ন কালীন আহার, জাতীয় শিক্ষানীতি, শিশু শ্রম আইন, স্কুল ছুট নিবোধ।
২৯. প্রথম শ্রেণীতে কি কি বই পড়ানো হয়?
৩০. দ্বিতীয় শ্রেণীতে কি কি বই পড়ানো হয়?
৩১. তৃতীয় শ্রেণীতে ও চতুর্থ শ্রেণীর বাংলা ও ইংরাজী বইয়ের নাম কী?
৩২. N.C.E.R.T. এর Full form কী?
৩৩. N.C.T.E. এর Full form কী?
৩৪. D.El.Ed. এর পুরো কথা কী?
৩৫. কোনো বিষয়ে ছাত্র দুর্বল থাকলে শিক্ষক হিসাবে করণীয় কী?
৩৬. পোশাক ও আচরণ, শিক্ষকের কেমন হওয়া উচিত?
৩৭. কয়েকজন ছাত্র ক্লাসে গোলমাল করলে কী করবেন?
৩৮. গান্ধীজি কি ধরনের শিক্ষার প্রবর্তন করেন?
৩৯. শিশুকেন্দ্রিক শিক্ষার জনক কে?
৪০. একজন শিক্ষক কার কাছ থেকে সবচেয়ে বেশি শেখে?
৪১. শিশুর প্রথম শিক্ষক কে?
৪২. কোনো বিষয়ে যদি কোনো ছাত্র/ছাত্রী দুর্বল হয় তার সঙ্গে কিরূপ ব্যবহার করতে হবে?
৪৩. প্রাচীন ভারতের দুটি শিক্ষাকেন্দ্রের নাম বলো।
৪৪. একজন আদর্শ শিক্ষকের কয়েকটি বৈশিষ্ট্য বলুন।
৪৫. জীবনের কোন স্তরকে ঝড়-ঝঞ্ঝার কাল বলে?
৪৬. যদি আপনি ক্লাসে পড়াতে পড়াতে কোনো ভুল করেন, এবং শিশুরা ধরে ফেলে, তাহলে কী করবেন?
৪৭. ক্লাসে শিশুরা বার বার প্রশ্ন করলে কী করবেন?
৪৮. শিশু মনোবিদ্যা বা Child Psychology এর সঙ্গে যুক্ত কয়েকজন মনীষীর নাম বলো!
৪৯. স্বাধীনতা পরবর্তী শিক্ষা সংক্রান্ত কয়েকটি কমিশনের নাম বলো।
৫০. জাতীয় শিক্ষানীতি কত সালে তৈরী হয়?
৫১. শিশুর শিক্ষাকে খেলাভিত্তিক করতে চেয়েছেন কে?
৫২. শিক্ষায় উপহারের প্রবর্তন করেছিলেন কে?
৫৩. বুদ্ধির দ্বি-উপাদান তত্ত্বটি কে দিয়েছেন?
৫৪. ক্লাসে গন্ডগোল হলে শিক্ষকের কি করা উচিত?
৫৫. SSA কবে চালু হয়েছিল?
৫৬. Operation Black board কী?
৫৭. কোনো ছাত্র যদি আপনাকে এমন প্রশ্ন করে যার উত্তর আপনার জানা নেই, তাহলে আপনি কী করবেন?
৫৮. কোন ছাত্র অসুস্থ হয়ে পড়লে কী করবেন?
৫৯. প্রাচীন অনুবর্তন (Classsical conditioning) কার তত্ত্ব?
৬০. সক্রিয় অনুবর্তন (Operant Conditioning) কার তত্ত্ব?
৬১. সামাজিক নির্মিতিবাদের প্রবক্তা কে?
৬২. TLM কী?
৬৩. প্রাক-প্রাথমিক শিক্ষার কয়েকটি প্রতিষ্ঠানের নাম বলো।
৬৪. শিক্ষায় প্রকৃতিবাদের প্রবক্তা কে?
৬৫. বুনিয়াদী শিক্ষার পরিকল্পনাকে কি বলা হয়?
৬৬. যদি কোনো শিক্ষার্থী বার বার অকৃতকার্য হয় তাহলে একজন শিক্ষকের কী করা উচিত?
৬৭. জীবনে সাফল্য লাভের জন্য ছাত্রদের আপনি কিভাবে অনুপ্রাণিত করবেন?
৬৮. একজন ছাত্র আপনার ক্লাসে দেরি করে এসেছে। আপনি কী করবেন?
৬৯. Right to Education সংবিধানের কোন ধারায় রয়েছে?
৭০. কোঠারী কমিশন কবে প্রবর্তিত হয়েছিল?
৭১. মন্তেসরি শিক্ষাব্যবস্থার প্রবর্তক কে?
৭২. দৃষ্টিহীনদের কোন পদ্ধতিতে পড়ানো হয়?
৭৩. পরীক্ষায় নকল করতে গিয়ে আপনার হাতে একটি ছাত্র/ছাত্রী ধরা পড়ল। আপনি কী করবেন?
৭৪. নিজের সম্পর্কে কিছু বলুন?
৭৫. আপনি কি গল্পের বই পড়েন?
৭৬. এবার বইমেলার থিম কি?
৭৭. সম্প্রতি কার লেখা পড়েছেন? রবীন্দ্রনাথ ও শরৎচন্দ্র লেখার তফাৎ কতটা?
৭৮. কোন খবরের কাগজ পড়েন? তার সম্পাদক কে?
৭৯. আপনার জীবনের আদর্শ কে?
৮০. মনীষীদের বাণী পড়ার কী উপযোগিতা রয়েছে বলে আপনার মনে হয়?
৮১. আপনি কার জীবনী পড়ে সবচেয়ে বেশি অনুপ্রাণিত হন?
৮২. তাঁর জীবনের দুটি ঘটনা বা বাণী বলুন যা আপনাকে অনুপ্রাণিত করেছে।
৮৩. 'পার্শ্বশিক্ষক' কথাটি কেন বলা হয়?
৮৪. ছাত্রসংখ্যা ও ছাত্রীসংখ্যার কাম্য আনুপাত কত?
৮৫. আপনার স্কুলে সমস্ত ছাত্রছাত্রীরাই কি সম্পূর্ণ সেশন পর্যন্ত পড়াশোনা করে?
৮৬. কেন মাঝপথে পড়াশোনা ছেড়ে দেয়? অর্থাৎ 'সমস্যাটি' কি বলে আপনার মনে হয়?
৮৭. 'সমস্যা লাঘবের' জন্য আপনারা কি কি পদক্ষেপ নিয়েছেন?
৮৮. 'RTE' অ্যাক্টের নাম শুনেছন?
৮৯. 'RTE' অ্যাক্টের মূল কথাটি কি?
৯০. শিক্ষার জন্য কি কি প্রকল্প আছে বলতে পারবেন?
৯১. বিশেষ করে শিশুদের জন্য এ পর্যন্ত কি কি উন্নয়ন কর্মসূচি নেওয়া হয়েছে?
৯২. শিক্ষক দিবস কবে? শিক্ষক দিবস আমরা কেন পালন করি?
৯৩. বর্তমানে শিক্ষক-শিক্ষার্থীর সম্পর্কের যে অবক্ষয় ঘটে চলেছে, আপনার কী মনে হয় এর কারণ কী?
৯৪. শিক্ষার জন্য মিড-ডে মিল কে কোন উপযুক্ত পদক্ষেপ রাখতে পেরেছে?
৯৫. মিড-ডে মিল শিক্ষার ক্ষেত্রে কি উপকার করেছে বলুন?
৯৬. 'সুলভ শৌচাগার' কি?
৯৭. কোন ধরনের নাগরিকরা এর দ্বারা উপকৃত হয়?
৯৮. পশ্চিমবঙ্গের সবচেয়ে বড় জেলা কোনটি?
৯৯. পশ্চিমবঙ্গের জনসংখ্যা ও জনঘনত্ব কোন জেলায় বেশি?
১০০. বর্তমানে ভারতের লোকসংখ্যা কত?
১০১. পশ্চিমবঙ্গে কতগুলি জেলা আছে?
১০২. পশ্চিমবঙ্গে কতগুলি বিভাগ আছে?
১০৩. আপনার জেলায় জনসংখ্যা কত?
১০৪. আপনার জেলায় কতগুলি মহকুমা আছে?
১০৫. ভারতের প্রথম শিক্ষামন্ত্রী কে ছিলেন?
১০৬. পশ্চিমবঙ্গে জনশিক্ষা (মাস এডুকেশন) মন্ত্রী কে?
১০৭. পশ্চিমবঙ্গে কারিগরী শিক্ষামন্ত্রী কে?
১০৮. কেন্দ্রীয় বিদ্যালয় বলতে কী বোঝেন?
১০৯. ক্লাসে আপনি ভারতের জাতীয় পতাকাটি কীভাবে বর্ণনা করবেন?
১১০. অশোকচক্রে ক'টি দণ্ড আছে? এর তাৎপর্য কী?
১১১. আমাদের জাতীয় সঙ্গীতটি কে লিখেছেন?
১১২. আমাদের জাতীয় সঙ্গীত ও জাতীয় স্তোত্র (অ্যান্থেম) দুটির দু'লাইন গেয়ে শোনান।
১১৩. পশ্চিমবঙ্গের শিক্ষার হার কীভাবে বাড়ানো সম্ভব বলে আপনার মনে হয়।
১১৪. সংখ্যালঘু সম্প্রদায়ের জন্য মাতৃভাষায় শিক্ষাদানের কথা সংবিধানের কোথায় উল্লেখ আছে?
১১৫. আপনি ক্ষীণবুদ্ধিসম্পন্ন ছাত্রদের কীভাবে শিক্ষাদান করবেন?
১১৬. আপনার ক্লাসে উন্নতবুদ্ধিসম্পন্ন ও ক্ষীণবুদ্ধিসম্পন্ন সবরকমের ছাত্রছাত্রী থাকবে। আপনি উন্নতবুদ্ধিসম্পন্ন ছাত্র-ছাত্রীদের চাহিদা কীভাবে পূরণ করবেন?
১১৭. শিক্ষক না হলে আপনি কী হতেন?
১১৮. 'সুলভ শৌচাগার'-এর সঙ্গে 'শিক্ষা'-র সম্পর্ক কি?
১১৯. আপনার হবি কি?
১২০. পশ্চিমবঙ্গের সীমানায় কোন কোন দেশ রয়েছে?
১২১. পশ্চিমবঙ্গে কটা মহকুমা, ব্লক ও গ্রাম পঞ্চায়েত আছে?
১২২. বর্তমানে রাষ্ট্রপতি কে আছেন? তিনি কততম রাষ্ট্রপতি?
১২৩. আপনি যদি বাড়ি থেকে দূরে চাকরি পান, তাহলে কি করবেন? বাড়ি থেকে যাতায়াত করবেন না স্কুলের কাছে থাকবেন?
১২৪. এখন অষ্টম শ্রেণি পর্যন্ত পাস-ফেল নেই। আপনার কি মতামত এই ব্যাপারে।

চাকরির পরীক্ষার সাহিত্য

# জেনারেল ইন্টেলিজেন্স

1. I bought a number of books one day, four times as many the next day and eight books the third day. In all I bought 38 books. How many books did I buy the second day?
(A) 16 (B) 25 (C) 24 (D) 8

2. If '1' is coded for 'R', '2' is coded for 'T' '3' is coded for 'Z', '4' is coded for 'B', '5' is the coded for 'O', '6' is the coded for 'L', '7' is the coded for 'C', '8' is the coded for 'J', '9' is the coded for 'V', then what does the following number stand for?
28147962
(A) TJRZCVLT (B) TJRBCLVT (C) TJRBCVLT (D) TJRCBVLT

3. If 'O' represents 'OFTEN' then which of the following words is represented by 'W' ?
(A)WATER (B) WOMAN (C) WALK (D) WISER

4. If $8\times4=42$, $6\times6=33$, $2\times2=11$ and $4\times8=24$ then what is the value of $2\times6$ ?
(A) 13 (B) 14 (C) 16 (D) 12

5. Four of the following five are alike in a certain way and so form a group. Which one does not belong to this group?
(A) July (B) May (C) January (D) August

6. Four of the following five are alike in a certain way and so form a group. Which is the one that does not belong to that group?
(A) 23 (B) 12 (C) 43 (D) 51

7. Sapling is related to Tree in the same way as
(A) Horse is related to More (B) River is related to Brook (C) Bud is related to Flower (D) Student is related to Teacher

8. A bus for Burdwan leaves every forty minutes from a bus stand. An enquiry clerk told a passenger that the bus already left ten minutes ago and the next bus will leave at 10.45 a.m. At what time did the enquiry clerk give this information to the passenger?
(A) 10.05 a.m. (B) 10.35 a.m. (C) 9.55 a.m. (D) 10.15 a.m.

Direction (Qs. 9 & 10 ) : *Find the missing letters of the series.*

9. _ o p _ m o _ n _ _ p n m o p _
(A) m n o m p n (B) m n p o m n (C) m p n m o p (D) n p m o n

10. d _ b d d _ _ d _ e b d _ e _ d
(A) e e b d d b (B) e b d e d b (C) e d e b d b (D) e e d b d

11. In the following four answers three have a relationship between them. Select the one which is different .
(A) AZD (B) FVE (C) KRF (D) UJI

12. If in a certain code language 239876 is written as ...3792, then what is the code language of 357642?
(A) 265743 (B) 265347 (C) 265374 (D) 265473

13. How many three lettered words can be formed from the letters of 'STOP'?
(A) 2 (B) 4 (C) 3 (D) 5

Directions (Qs. 14 & 15) : *Seven boys – P, Q, R, S, T, U and V are in row. P is on the right hand side of ... Two boys are between R and Two boys are between ... and V. Two boys are between S and Q. T is between ... and Q. Now answer the questions below.*

14. Which boy is third from left?
(A) P (B) U (C) S (D) Q

15. Which boy is at the extreme right?
(A) ... or R (B) U or P (C) S or P (D) Q or T

Directions (Qs. 16–19) : *In the following questions are based on these datas.*
*(i) The number of examinees – 10,500. (ii) Number of examinees passed in five subjects – 5,685. (iii) The number of examinees passed in three subjects – ... (iv) The number of examinees passed in two subjects – 1,250. (v) The number of examinees passed in one subject – 835. (vi) The number of examinees failed in Hindi – 78. (vii) The number of examinees failed in Mathematics – 275. (viii) The number of examinees failed in History – 149. (ix) The number of examinees failed in Geography – 147. (x) The number of examinees failed in Sanskrit – 221.*

16. How many examinees failed in all subject.
(A) 4518 (B) 2768 (C) 362 (D) 3713

17. How many examinees failed in four and less than four subjects?
(A) 2638 (B) 4453 (C) 4518 (D) 4543

18. How many examinees passed in more than four subjects?
(A) 6555 (B) 1507 (C) 5865 (D) 7840

19. How many examinees failed in one subject?
(A) 790 (B) 870 (C) 695 (D) 752

20. Ria ranks twenty-first from the top and thirteenth from the last in the class. How many girls are in that class?
(A) 49 (B) 51 (C) 50 (D) 33

21. If 'P+Q' means 'P is the mother of Q', P–Q' means 'P is the brother of Q', 'P÷Q', means 'P is the father of Q', 'P×Q', means 'P is the sister of 'Q', then which one of the following answer means 'X is the uncle of Y'?
(A) X – M + N ÷ Y (B) Y ÷ M + N × X (C) X + M – N × Y (D) None

22. Six girls are sitting in a circle facing towards the centre. Sumati is to the left of Poonam. Radha is between Sumati and Nayna. Amita is between Poonam and Kamini. Who is to the left of Nayna?
(A) Radha (B) Amita (C) Nayna (D) Kamini

Direction (Qs. 23–26) : *Answer the following questions on the basis of the following alphabet.*

A B C D E F G H I J K L M
N O P Q R S T U V W X Y Z

23. Which letter is 9th to the right of 15th letter from the left?
(A) Y (B) X (C) W (D) T

24. If the first and the second letters interchange their positions and so do the third and the fourth letters, the fifth and the sixth letters and so on. Which letter will be the 7th letter to the right of 11th letter form the left?
(A) Q (B) P (C) S (D) R

25. If the first half of the alphabet were written in the reverse order, which will be the 6th letter to the left of 10th letter from the left?
(A) J (B) K (C) D (D) I

26. Four of the following five are alike in regard to their positions in the alphabet and hence form a group. Which is the one that does not belong to that group?
(A) EA (B) MJ (C) OK (D) TP

27. In a certain code language 'pic vic nic' means 'Winter is cold', 'to nic re' means 'Summer is hot' and 'vic tho pa' means 'nights are cold'. Which of the following is the code for 'Summer'?
(A) to (B) re (C) pic (D) Can't be determined.

28. In a certain code language 628 means 'She had lost', 437 means 'She did care' and 173 means 'Care for Ram'. Which of the following represents 'Ram had lost' in that code language?
(A) 168 (B) 368 (C) 831 (D) Can't be determined

29. Four of the following five are alike in a certain way and so form a group. Which is the one that does not belong to that group?
(A) Fox (B) Dog (C) Camel (D) Cod

30. In the following series how many 7s are immediately followed by 2 but not immediately preceded by 4?
3 4 7 2 8 7 2 9 4 7 1 3 5
7 2 9 9 7 7 2 5 1 4 7 2 3
(A) 2 (B) 3 (C) 4 (D) 1

31. Satish starts from a point A and walks 3 km. North, then turns left and walks 4 km then turns left and walks 6 km upto the point B. What is his direction and how far is he from the point A ?
(A) 6 km East (B) 5 km South (C) 10 km East (D) None

32. Shoe is related to Man in the same way as____ is related to Horse.
(A) Mane (B) Rider (C) Hoof (D) Animal

33. Sanju is taller than Ramesh and Ajay. Mohan is taller than Ramesh but shorter than Rajesh. Who is the tallest among,these persons?
(A) Ramesh (B) Sanju (C) Ajay (D) Can't be determined

কর্মসংস্থান LIVE TM

## জেনেনিন উত্তরের কৌশল

1(C). এখানে প্রথমে, শেষে কেনা 8টি বই মোট 38টি বই থেকে বাদ দিলে হবে (38–8) = 30টি। এবার এর মধ্যে আছে প্রথম কেনা বইয়ের 4 গুণ দ্বিতীয় বার কিনেছে। তাহলে মোট 5 গুণ (4+1). বইয়ের সংখ্যা 30টি। প্রথম বই ছিল তাহলে 6টি ও দ্বিতীয়বার কিনেছি 6×4=24টি। 2(C). 2 = T, 8 = J, 1 = R, 4 = B, 7 = C, 9 = V, 6 = L, 2 = T. তাহলে অক্ষর দাঁড়াবে TJRBCVLT. 3(C). এখানে 'OFTEN' শব্দে একটি অক্ষর 'T' Silent (অনুচ্চারিত)। ঠিক একইভাবে 'WALK' শব্দে 'L' অক্ষরটি silent. অন্য কোনো উত্তরের কোনো অক্ষর silent নেই। 4(A). এখানে 'গুণ' চিহ্নের দু'পাশের সংখ্যার অর্ধেক পাশাপাশি বসে code হচ্ছে। তাই 8×4= 42, 6×6=33, 2×2= 11 ও 4×8 = 24 হয়েছে। একইভাবে 2×6 = 13 হবে। 5(D). January (A), March (C), May (5), July (7) সব ক'টি বিজোড় সংখ্যা। একমাত্র August (8) হল জোড় সংখ্যা। তাই এটি আলাদা। 6(D). 23 —>2+3 = 5, 12—>1+2 = 3, 43 —> 4+3 = 7, 51 —> 5+1 = 6, 63 —> 6 + 3 = 9. এখানে 5, 3, 7 ও 9 বিজোড় সংখ্যা। কিন্তু 6 হল জোড় সংখ্যা। 7(C). Sapling শব্দের অর্থ হল 'চারাগাছ'। চারাগাছ থেকে যেমন গাছ হয়, তেমন সম্পর্ক আছে একমাত্র 'কুঁড়ি' ও 'ফুলের'। 8(D). পরের বাসটি 10টা 45 মিনিটে ছাড়লে প্রতি 40 মিনিট অন্তর বাস ছাড়লে, আগের বাসটি ছেড়েছে 10টা 5মিনিটে ও এনকোয়ারি ক্লার্ক বলেছেন 10টা 15 মিনিটে। 9(D). 10(B). 11(D). AZD, FVE ও KRF-র মধ্যে প্রতিটির প্রথম অক্ষরটি 4 ঘর পরে, (A, F ও K), পরের অক্ষরটি 3 ঘর আগে (Z, V ও R) ও শেষ অক্ষরটি পরের অক্ষর (D, E ও F) নিয়ে তৈরি হয়েছে। এই সম্পর্ক কিন্তু UJI-এর সঙ্গে নেই। 12(D). এখানে 239876-এর পিছন দিক থেকে এক ঘর অন্তর একটি করে সংখ্যা পরপর বসিয়ে ও তারপর আবার পিছন দিক থেকে অন্য সংখ্যাগুলি এক ঘর অন্তর বসিয়ে code হচ্ছে। তাই 357642 হবে 265473. 13(C). তিনটি শব্দ হবে যথাক্রমে TOP লাট্টু POT পাত্র ও OPT পছন্দ করা। 14 ও 15 নং প্রশ্নের উত্তর চটপট দিতে হলে প্রথম 5টি বিবৃতিকে এইভাবে সাজিয়ে ফেলুন : (i) QP, (ii) R**T (iii) T**V (iv) S**Q (v) UTQ. এই সাজানো থেকে বুঝতে পারছেন সাতটি ছেলে একই পংক্তিতে থাকতে পারে এই দু'ভাবে RSUTQPV ও VSUTQPR. 14(B). 15(A). 16(C). সব বিষয়ে অনুত্তীর্ণ ছাত্রদের সংখ্যা 10500 – (5685 + 1498 + 1250 + 835 + 78 + 275 + 149 + 147 + 221) = 10500 – 10138 = 362. 17(B). 8টি বা চারের কম বিষয়ে অনুত্তীর্ণ ছাত্রের সংখ্যা : 1498 + 1250 + 835 + 78 + 275 + 149 + 147 + 221 = 4453. 18(A). চারটি বিষয়ে উত্তীর্ণ ছাত্রের সংখ্যা 5685 + 78 + 275 + 149 + 221 = 6555. 19(B). একটি বিষয়ে অনুত্তীর্ণ ছাত্রের সংখ্যা 78 + 275 + 149 + 147 + 221 = 870. 20(D). ওপর দিক থেকে রিয়ার ওপর আছে 20 জন ও নিচে আছে 12 জন। তাহলে রিয়া বাদে মোট ছাত্রী আছে 20+12 = 32 জন ও রিয়াকে নিয়ে 33 জন। 21(D). এখানে কোনোটিই সঠিক নয়। কারণ M ও N এর কথা প্রশ্নে নেই। 22(D). 23(B). বাঁ দিক থেকে 15তম সংখ্যার ডান দিকের নবম অক্ষর হল বাঁ দিক থেকে 24তম অক্ষর বা ডান দিক থেকে তৃতীয় অক্ষর, অর্থাৎ x. 24(A). বাঁ দিক থেকে 11তম অক্ষরের ডান দিকের সপ্তম অক্ষর হল, বাঁ দিক থেকে 18তম অক্ষর। 17 ও 18তম অক্ষর প্রশ্নানুযায়ী স্থান বদলালে Q হবে 18তম অক্ষর। 25(A). বর্ণমালার প্রথম অর্ধেক অর্থাৎ, M অক্ষরগুলি যদি উল্টোদিক থেকে সাজানো হয়, তবে হবে : M L K J I H G F E D C B A N O P Q R S T U V W X Y Z এবার বাঁ দিক থেকে 10তম অক্ষর হল D.এই D থেকে ডান দিকে ষষ্ঠ অক্ষর হল 'J' অর্থাৎ, বাঁ দিক থেকে চতুর্থ অক্ষর। 26(B). 27(D). এখানে 'is' শব্দের code 'nice' পাওয়া যাচ্ছে। কিন্তু summer ও hot - এর মধ্যে কোনটির code 'to' ও 're' তা বোঝা যাচ্ছে না। 28(D). এখানেও 'Ram' - এর code কোনটি তা বোঝা যাচ্ছে না। 29(D). এখানে 'code' বাদে অন্য সবগুলি স্থল প্রাণী। 30(B). 872, 572 ও 772 - এর আগে '4' নেই। কিন্তু পরে '2' আছে। 31(D). A, B-র দক্ষিণ পশ্চিম দিকে আছে। 32(C). জুতো'র সঙ্গে মানুষের যে সম্পর্ক, ক্ষুরের (hoof) সঙ্গে ঘোড়ার সেই সম্পর্ক আছে। 33(D). সঞ্জু ও মোহনের মধ্যে কে বেশি লম্বা তা প্রশ্নে নেই।

## নেতাজী সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয় স্বীকৃত কর্মমুখী কোর্সে ভরতি

সৈকত হালদার, কলকাতা : ভারত সেবাশ্রম সঙ্ঘের প্রণবানন্দ ইনস্টিটিউট অফ ম্যানেজমেন্ট অ্যান্ড টেকনোলজি (পি.আই.এম.টি) ও নেতাজী সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের যৌথ প্রয়াসে ডিপ্লোমা / অ্যাডভান্স / সার্টিফিকেট কোর্সে ভরতি নেওয়া হচ্ছে : (১) টেলারিং ও ড্রেস ডিজাইনিং। ১ বছরের সার্টিফিকেট কোর্স। যোগ্যতা : মাধ্যমিক। ডিপ্লোমা কোর্স ১ বছরের। যোগ্যতা : উচ্চমাধ্যমিক। অ্যাডভান্স ডিপ্লোমা ২ বছরের। যোগ্যতা : গ্র্যাজুয়েট। (২) ফায়ার সেফটি অ্যান্ড সিকিউরিটি ম্যানেজমেন্ট। ১ বছরের ডিপ্লোমা কোর্স। যোগ্যতা : উচ্চমাধ্যমিক। (৩) অ্যাডভান্স ডিপ্লোমা ইন ডিজাস্টার ম্যানেজমেন্ট। মেয়াদ : ১ বছর। যোগ্যতা : গ্র্যাজুয়েট। (৪) প্রি-প্রাইমারি টিচার্স মন্তেস্বরী। ১ বছরের ডিপ্লোমা কোর্স। যোগ্যতা : উচ্চমাধ্যমিক। (৫) যোগা থেরাপিস ও ন্যাচারোপ্যাথি। ১ বছরের ডিপ্লোমা কোর্স। যোগ্যতা : উচ্চমাধ্যমিক। ২ বছরের অ্যাডভান্স ডিপ্লোমা কোর্স। যোগ্যতা : গ্র্যাজুয়েট। (৬) ফিটনেস অ্যান্ড স্পোর্টস ম্যানেজমেন্ট। ১ বছরের ডিপ্লোমা কোর্স। যোগ্যতা : উচ্চমাধ্যমিক। (৭) বিউটিশিয়ান ও ওয়েলনেস। ১ বছরের ডিপ্লোমা কোর্স। যোগ্যতা : উচ্চমাধ্যমিক। এছাড়াও মাধ্যমিক যোগ্যতায় ৬ মাসের সার্টিফিকেট কোর্স পড়ানো হয়।

এছাড়াও ভরতি নেওয়া হচ্ছে বিজনেস অ্যাডমিনিস্ট্রেশনের পোস্ট-গ্র্যাজুয়েট অ্যাডভান্স ডিপ্লোমা কোর্সে। যে কোনো শাখার গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা ভরতির যোগ্য। এই কোর্সে স্পেশালাইজেশন হিসাবে পড়ানো হবে অফিস / রিটেল / হিউম্যান রিসোর্স / ট্রাভেল ট্যুরিজম / ইভেন্ট ম্যানেজমেন্ট / লজিস্টিক্স / ব্যাঙ্কিং ইন্সিওরেন্স / সেফটি সিকিউরিটি / ইনফর্মেশন টেকনোলজি — ডাটা ও ডিজিটাল মার্কেটিং। ওপরের কোর্সগুলি পড়ানো হবে এইসব স্টাডি সেন্টারে : ভারত সেবাশ্রম সঙ্ঘ — কলকাতা, ডায়মন্ডহারবার, বারাসাত-হৃদয়পুর, মালদহ, বর্ধমান, ফারাক্কা, খাতরা-বাঁকুড়া, রায়গঞ্জ, পুরুলিয়া। অনলাইনে ভরতির জন্য যোগাযোগ করতে হবে এইসব নম্বরে : ৯৩৩১২৫৬৯৩৪, ৯৮৩০২১৬০৫৬, ৯৪৭৭৮৪৬৫২০, (০৩৩) ৩৫৯০৯৯৫৬। ওয়েবসাইট : www.pimtonline.in

এছাড়াও বিস্তারিত তথ্য পাবেন ইউটিউব ও ফেসবুকে।

# এক নজরে সাম্প্রতিক ঘটনাপ্রবাহ

গত সপ্তাহের পর

**১৪ ডিসেম্বর :** গুজরাত বিধানসভার অধ্যক্ষ পদে নিযুক্ত হলেন শঙ্কর চৌধুরি।

❑ ২০২৩-'২৪ সালের জন্য, 'কার্ডিওলজিক্যাল সোসাইটি অফ ইন্ডিয়া'র প্রেসিডেন্ট হিসাবে নিযুক্ত হলেন ড. প্রতাপ চন্দ্র রথ।

❑ অসমের সংস্কৃতি ও পরিচয়ের প্রতীক 'গামছা' (আঞ্চলিক ভাষায় 'গামোসা' নামে পরিচিত) জিওগ্রাফিক্যাল ইন্ডিকেশন ট্যাগ পেল। এই তকমাটি পাওয়ার অর্থ হল, কোনো জিনিসের ভৌগোলিক স্বত্ব সুরক্ষিত করে রাখা। এই ধরনের গামছা লাল পাড় সাদা জমির ওপর সুতোর ফোঁড়ের কাজ সহযোগে তৈরি। 'বিহু' বা বিয়ের কোনো অনুষ্ঠানে এই গামছা বা 'গামোসা'কে সম্মানের প্রতীক হিসাবে ব্যবহার করা হয়।

❑ বিশ্বের প্রথম দেশ হিসাবে, ভবিষ্যৎ প্রজন্মের জন্য সিগারেট নিষিদ্ধ করে আইন পাস করল নিউজিল্যান্ড। ফলে, ২০২৩ সাল থেকে তামাক প্রায় নিষিদ্ধ হচ্ছে এই দেশটিতে। পাস হওয়া আইন অনুযায়ী, ২০০৮ সালের পর জন্ম নেওয়া কোনো ব্যক্তি সিগারেট বা তামাকজাত পণ্য কিনতে পারবেন না।'২০৫০ সাল নাগাদ ৪০ বছরের কম বয়সি কেউ সিগারেট কিনতে পারবেন না। ফলে, হাজার হাজার মানুষ দীর্ঘায়ু পাবে ও স্বাস্থ্যকর জীবনযাপন করবে।

❑ আর্জেন্তিনার কিংবদন্তি ফুটবলার গ্যাব্রিয়েল বাতিস্তুতাকে টপকে, ১১ তম গোল করে আর্জেন্তিনা ফুটবল বিশ্বকাপের ইতিহাসে সর্বোচ্চ গোলদাতার শিরোপা পেলেন লিওনেল মেসি। কাতার ফুটবল বিশ্বকাপে, সেমিফাইনালে ক্রোয়েশিয়াকে ৩-০ ব্যবধানে হারিয়ে, বিশ্বকাপের ফাইনালে ওঠার পথে এই নজির গড়লেন তিনি। বিশ্বকাপে এতদিন আর্জেন্তিনার হয়ে সবথেকে বেশি গোল করেছিলেন গ্যাব্রিয়েল বাতিস্তুতা (১০)। একনজরে আর্জেন্তিনার হয়ে বিশ্বকাপে সেরা ৫ গোলদাতা : (১) লিওনেল মেসি-১১, (২) গ্যাব্রিয়েল বাতিস্তুতা-১০, (৩) গুইলারমো স্টাবিলে-৮, (৪) দিয়েগো মারাদোনা-৮, (৫) মারিও কেম্পেস-৬।

❑ ২০২৩ সালে ওড়িশায় হতে চলা 'এফআইএইচ পুরুষদের হকি বিশ্বকাপ'এর অফিশিয়াল পার্টনার হতে চলেছে 'টাটা স্টিল লিমিটেড'। এজন্য 'হকি ইন্ডিয়া'র সঙ্গে সমঝোতা চুক্তি স্বাক্ষর করেছে তারা।

**১৫ ডিসেম্বর :** ফ্রান্স থেকে ভারতে এল শেষতম তথা ৩৬ তম রাফাল যুদ্ধবিমান। যা রাখা হয়েছে পশ্চিমবঙ্গের আলিপুরদুয়ার জেলার হাসিমারা এয়ারবেসে। ২০১৬ সালের সেপ্টেম্বরে, ফ্রান্সের 'দাসাউ অ্যাভিয়েশন' থেকে ৫৯ হাজার কোটি টাকা দিয়ে ৩৬টি রাফাল জেট কেনার চুক্তি করেছিল ভারত। যার মধ্যে ৩৫টি আগেই সরবরাহ করেছিল ফ্রান্স। এবার বাকি বিমানটিও পাঠিয়েছে তারা। প্রসঙ্গত উল্লেখ্য, রাফাল হল একটি ৪.৫ জেনারেশনের বিমান, যাতে দূরপাল্লার বাতাস থেকে বাতাস ও ভূমি থেকে বাতাস মিসাইলের পাশাপাশি উন্নত রাডার ও ইলেক্ট্রনিক যুদ্ধের ক্ষমতা রয়েছে।

❑ 'রক্তসি কার্পো এপ্রিকেট'এর জন্য প্রথম জিওগ্রাফিক্যাল ইন্ডিকেশন ট্যাগ পেল লাদাখ। ২০ বছরের জন্য এই ট্যাগ পেল তারা। লাদাখে প্রায় ৩০টিরও বেশি প্রজাতির এপ্রিকট জন্মায়, যার মধ্যে অন্যতম হল স্বাদে মিষ্টি এই 'রক্তসি কার্পো' প্রজাতিটি।

❑ ওড়িশা উপকূলের কাছে আব্দুল কালাম দ্বীপের এক সামরিক ঘাঁটি থেকে, রাতের অন্ধকারে সফলভাবে ওয়ারহেড বহনে সক্ষম 'অগ্নি-৫' ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্রের পরীক্ষা করল ভারত। এই অগ্নি-৫ মিসাইল নির্ভুলভাবে ৫,০০০ কিলোমিটার দূরত্ব পর্যন্ত লক্ষ্যবস্তুতে আঘাত হানতে সক্ষম। এই ক্ষেপণাস্ত্রটি তৈরি করেছে 'ডিআরডিও'। কিছু নতুন প্রযুক্তি ও উপকরণের কার্যকারিতা পরীক্ষা করার জন্যই এদিন এই ক্ষেপণাস্ত্রটি পরীক্ষা করা হয়।

❑ রাষ্ট্রসঙ্ঘ বাণিজ্য ও উন্নয়ন সম্মেলনে প্রকাশিত 'বিশ্ব বাণিজ্য আপডেট' প্রতিবেদনে বলা হয়েছে, এবছর বিশ্ব বাণিজ্যের পরিমাণ ৩২ ট্রিলিয়ন মার্কিন ডলার হবে, যা নতুন রেকর্ড তৈরি করতে পারে। পণ্য বাণিজ্যের পরিমাণ প্রায় ২৫ ট্রিলিয়ন মার্কিন ডলার হবে, যা আগের বছরের থেকে ১০% বেশি। পরিষেবা বাণিজ্যের পরিমাণ প্রায় ৭ ট্রিলিয়ন মার্কিন-ডলার হবে, যা আগে বছরের থেকে ১৫% বাড়বে।

❑ ২০২৫ সালের এপ্রিলের পর তৈরি হওয়া প্রতিটি বাড়িতে সোলার প্যানেল বসানো বাধ্যতামূলক করল জাপানের রাজধানী শহর টোকিও। বিদ্যুৎ ঘাটতি দূর করতে ও কার্বন নিঃসরণ কমাতে এই উদ্যোগ নিয়েছে তারা। প্রসঙ্গত উল্লেখ্য, বিশ্বের বৃহত্তম কার্বন নিঃসরণকারী দেশের তালিকায় এখন পঞ্চম স্থানে রয়েছে জাপান।

❑ হিংসাত্মক বিক্ষোভ দমন করতে, ৩০ দিনের জাতীয় জরুরি অবস্থা ঘোষণা করল দক্ষিণ আমেরিকার দেশ পেরু। যার মধ্যে রয়েছে স্বাধীনভাবে চলাফেরা ও সমাবেশের ওপর স্থগিতাদেশ-সহ কারফিউ জারির মতো অবস্থা ও সড়কে প্রতিবন্ধকতা তৈরির মতো ব্যবস্থা। প্রাক্তন প্রেসিডেন্ট পেদ্রো ক্যাসটিলোকে ক্ষমতাচ্যুত ও আটকের পর এক সপ্তাহের প্রতিবাদ ও রাজনৈতিক অভ্যুত্থান পরিস্থিতি সামাল দিতে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

❑ রাষ্ট্রসঙ্ঘের নারী অধিকার সংস্থা থেকে ইরানকে বহিষ্কার করা হল। দেশ জুড়ে চলমান বিক্ষোভে ইরান সরকার দমন-পীড়ন অব্যাহত রাখার কারণে, মার্কিন যুক্তরাষ্ট্রের উদ্যোগে ভোটাভুটির পর দেশটিকে ওই সংস্থা থেকে সরিয়ে দেয় রাষ্ট্রসঙ্ঘ। প্রসঙ্গত উল্লেখ্য, সেপ্টেম্বর থেকেই বিক্ষোভে টালমাটাল ইরান। হিজাব পড়ার বিধান লঙ্ঘনের দায়ে সেপ্টেম্বরের মাঝের দিকে ইরানের ২২ বছর বয়সি কুর্দি ইরানি তরুণী মাহসা আমিনিকে গ্রেফতার করে পুলিশ। গ্রেফতারের পর পুলিশি হেফাজত থেকে কোমায় নেওয়া হয় ওই তরুণীকে। পরে, চিকিৎসাধীন অবস্থায় মারা যান তিনি। তাঁর মৃত্যুর পর থেকেই ইরান জুড়ে চলছে ব্যাপক প্রতিবাদ-বিক্ষোভ।




**পাক-ই-স্তানের বিরুদ্ধে করাচি টেস্টের প্রথম একাদশে নির্বাচিত হয়ে এক নতুন নজির গড়লেন ইংল্যান্ডের ক্রিকেটার রেহান আহমেদ। ইংল্যান্ডের সবথেকে কম বয়সি টেস্ট ক্রিকেটারে পরিণত হলেন তিনি। রেহানের বয়স এখন ১৮ বছর ১২৬ দিন। এতদিন এই নজির ছিল প্রয়াত ব্রায়ান ক্লোজের নামে। ১৯৪৯ সালে নিউজিল্যান্ড বনাম ইংল্যান্ড ম্যাচে খেলতে নামার সময় তাঁর বয়স ছিল ১৮ বছর ১৪৯ দিন। শুধু তাই নয়, এই ম্যাচে খেলতে নেমেও নজির গড়লেন রেহান। কনিষ্ঠতম ক্রিকেটার হিসাবে অভিষেক টেস্টে ইনিংসে ৫ উইকেট নেওয়ার নজির গড়েছেন তিনি। রেহানের শিকারের তালিকায় রয়েছেন পাক-ই-স্তানের বাবর আজম (৫৪), সাউদ শাকিল (৫৩), মহম্মদ রিজওয়ান (৭), আঘা সলমন (২১) ও মহম্মদ ওয়াসিম (২)। সেইসঙ্গে, অস্ট্রেলিয়ার প্যাট কামিন্সের নজির ভাঙলেন তিনি। কামিন্স অভিষেক টেস্টে ৫ উইকেট নিয়েছিলেন ১৮ বছর ১৯৬ দিন বয়সে। ২০১১ সালের নভেম্বরে জোহানেসবার্গে দক্ষিণ আফ্রিকার বিরুদ্ধে এই নজির গড়েছিলেন কামিন্স।**

## বিশেষ বিজ্ঞপ্তি

**কর্মসংস্থান** পত্রিকায় প্রকাশিত যে কোনো বিতর্কিত আলোচনা বা, নিবন্ধের যাবতীয় দায়িত্ব লেখকের। কর্মসংস্থান কর্তৃপক্ষ কোনোভাবেই এজন্য দায়ী থাকবে না। ওই মতামত কারো পছন্দসই না হলে, প্রতিবাদ জানাতে পারেন। সেক্ষেত্রে তাও যথাযোগ্য মর্যাদায় ছাপা হবে। কারণ, এটি গণমাধ্যম।

**১৬ ডিসেম্বর :** ব্রিসবেন ২০৩২ অলিম্পিক ও প্যারালিম্পিক গেমস অর্গানাইজিং কমিটি'র চিফ এক্সিকিউটিভ অফিসার হলেন মার্কিনি এক্সিকিউটিভ সিন্ডি হুক।



**এবছর পুরুষদের বিভাগে 'আন্তর্জাতিক টেনিস ফেডারেশন' বিশ্ব চ্যাম্পিয়নের পুরস্কার পেলেন স্প্যানিশ টেনিস তারকা রাফায়েল নাদাল। এই নিয়ে মোট ৫ বার (২০০৮, ২০১০, ২০১৭, ২০১৯ ও ২০২২) এই পুরস্কার পেলেন তিনি। অন্যদিকে, মহিলাদের বিভাগে এই পুরস্কার পেলেন পোলিশ টেনিস তারকা ইগা সুইয়াটেক।**

❑ কেন্দ্রীয় সংখ্যালঘু বিষয়ক মন্ত্রী স্মৃতি জুবিন ইরানি লোকসভায় এক প্রশ্নের লিখিত উত্তরে জানিয়েছেন, 'প্রধানমন্ত্রী কৌশল কো কাম কার্যক্রম'এর নাম বদল করে নতুন নাম রাখা হয়েছে 'প্রধানমন্ত্রী বিরসাত কা সম্বর্ধন' প্রকল্প। কেন্দ্রীয় মন্ত্রকের ৫টি ('শিখো অউর কামাও', 'উস্তাদ', 'হামারি ধরোহর', 'নয়ি রোশনি' ও 'নয়ি মঞ্জিল') প্রকল্পকে একত্রিত করেছে এই প্রকল্পটি।

❑ 'তামাকমুক্ত অঞ্চল' হিসাবে ঘোষিত হল 'অল ইন্ডিয়া ইনস্টিটিউট অফ মেডিক্যাল সায়েন্সেস' নয়াদিল্লি। হাসপাতাল চত্বরে ধূমপান বা তামাক সেবন করলে চিকিৎসক, স্থায়ী বা চুক্তিভিত্তিক কর্মচারী ও নিরাপত্তা কর্মী, রোগী, রোগীর বাড়ির লোক-সহ যেকোনো লোকের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে ও ২০০ টাকা জরিমানা করা হবে বলে জানানো হয়েছে।

❑ 'রাষ্ট্রসঙ্ঘ'এর বিচারে, প্রাকৃতিক বিশ্বকে পুনরুজ্জীবিত করার জন্য, বিশ্বের শীর্ষ ১০টি পুনরুদ্ধার প্রকল্পগুলির মধ্যে একটি হিসাবে স্থান পেল ভারতের 'নমামি গঙ্গে' প্রকল্প। কানাডার মন্ট্রিলে, ১৫ তম 'কনফারেন্স অফ দ্য কনভেনশন অন বায়োডাইভার্সিটি'তে এই পুরস্কারটি নেন 'নমামি গঙ্গে' প্রকল্পের ডিরেক্টর জেনারেল জি.অশোক কুমার। সারা বিশ্বের ৭০টি দেশ থেকে ১৫০টিরও বেশি পুনরুজ্জীবন উদ্যোগের মধ্যে থেকে 'নমামি গঙ্গে' প্রকল্পকে এই পুরস্কারের জন্য নির্বাচন করা হয়েছে। প্রসঙ্গত উল্লেখ্য, গঙ্গা নদীর দূষণ কমানোর পাশাপাশি নদীর তীর সংরক্ষণ ও পুনরুজ্জীবনের লক্ষ্যে, ২০১৪ সালে 'নমামি গঙ্গে' প্রকল্প চালু করা হয়।

❑ ২০৩১ সালের মধ্যে মোট ২০টি নতুন পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র চালু করার পরিকল্পনা নিল ভারত। এর মধ্যে প্রথমটি একটি ৭০০ মেগাওয়াট ইউনিট, যা ২০২৩ সালে গুজরাতের কাকরাপারে চালু হবে বলে আশা করা হচ্ছে, যেখানে এরমধ্যেই ৩টি পারমাণবিক শক্তি উৎপাদনকারী ইউনিট চালু আছে।

❑ 'বিশ্ব অ্যাথলেটিক্স'এর মতে, এবছর ট্র্যাক অ্যান্ড ফিল্ড অ্যাথলিটদের মধ্যে সবথেকে বেশি লেখালেখি হয়েছে 'টোকিও অলিম্পিক'এ জ্যাভলিন থ্রোয়ে সোনার পদকজয়ী তারকা নীরজ চোপড়ার সম্পর্কে। দীর্ঘদিন ধরে এই তালিকায় শীর্ষ স্থান ধরে রাখা জামাইকান কিংবদন্তি উসেইন বোল্টকে পিছনে ফেলে দিয়েছেন তিনি। মিডিয়া বিশ্লেষক কোম্পানি 'ইউনিসেন্টার'এর রিপোর্ট থেকে তথ্য নিয়ে বিশ্ব অ্যাথলেটিক্স জানিয়েছে, এবছর নীরজ চোপড়াকে নিয়ে ৮১২টি প্রতিবেদন লেখা হয়েছে। অন্যদিকে, বোল্টকে নিয়ে লেখা হয়েছে ৫৭৪টি প্রতিবেদন।

**১৭ ডিসেম্বর :** ডেনমার্কের প্রধানমন্ত্রী পদে আবার নিযুক্ত হলেন মেট ফ্রেডেরিকসেন।

❑ আয়ারল্যান্ড প্রজাতন্ত্রের প্রধানমন্ত্রী হিসাবে আবার নিযুক্ত হলেন ভারতীয় বংশোদ্ভূত আইরিশ নেতা লিও ভারাদকর।

❑ ২১ বছর পর, ২০২২ সালে 'মিসেস ওয়ার্ল্ড' খেতাব জিতলেন ভারতের সরগম কৌশল। ৬৩টি দেশের প্রতিযোগীকে হারিয়ে, লাস ভেগাসে এই খেতাব জিতলেন জম্মু ও কাশ্মীরের (এখন মুম্বইয়ে থাকেন) ৩২ বছর বয়সি সরগম। দ্বিতীয় ভারতীয় হিসাবে এই শিরোপা পেলেন তিনি। ২০০১ সালে প্রথম ভারতীয় হিসাবে 'মিসেস ওয়ার্ল্ড'এর খেতাব জিতেছিলেন অদিতি গোবিত্রিকর।

❑ রূপান্তরকামীদের লড়াইকে স্বীকৃতি দিতে, অভিনব পদক্ষেপ নিল 'কেমব্রিজ অভিধান'। 'উওম্যান' ও 'ম্যান' শব্দের সংজ্ঞায় নতুন সংযোজন আনল তারা। নতুন সংজ্ঞা অনুযায়ী, 'উওম্যান' শব্দের অর্থ হল - 'এমন একজন প্রাপ্তবয়স্ক, যিনি অন্য লিঙ্গের পরিচয় নিয়ে জন্মেও নিজেকে মহিলা ভাবেন ও মহিলার মতোই বাঁচেন'। অন্যদিকে, 'ম্যান' শব্দের অর্থ হল - 'এমন একজন প্রাপ্তবয়স্ক, যিনি অন্য লিঙ্গের পরিচয় নিয়ে জন্মেও নিজেকে পুরুষ ভাবেন ও পুরুষের মতোই বাঁচেন'।

❑ মার্কিন যুক্তরাষ্ট্রের 'ন্যাশনাল সায়েন্স ফাউন্ডেশন'এর তরফ থেকে প্রকাশিত এক রিপোর্ট অনুযায়ী, বৈজ্ঞানিক গবেষণাপত্র প্রকাশের নিরিখে বিশ্বে তৃতীয় স্থান পেল ভারত। ২০১০ সালে বিজ্ঞান ও প্রযুক্তিবিষয়ক গবেষণাপত্র প্রকাশের নিরিখে সপ্তম স্থানে ছিল ভারত। সেখান থেকেই '৪ ধাপ উঠে নতুন নজির গড়ল ভারত। রিপোর্ট অনুযায়ী, ২০১০ সালে সারা দেশে মোট ৬০,৫৫৫টি বিজ্ঞানবিষয়ক গবেষণাপত্র প্রকাশিত হয়। ২০২০ সালে সেটি দাঁড়িয়েছে ১,৪৯,২১৩। প্রসঙ্গত উল্লেখ্য, ফাউন্ডেশনের সায়েন্স ও ইঞ্জিনিয়ারিং নির্দেশকের সাহায্যে এটি মাপা হয়।

❑ উৎপাদনশীলতা বাড়ানোর লক্ষ্যে, দেশীয় বদ্রী গরুর জিনগত উন্নতি ঘটানোর সিদ্ধান্ত নিল উত্তরাখণ্ড সরকার। এই বদ্রী জাতের নামটি এসেছে বদ্রীনাথের চারধামের পবিত্র মন্দির থেকে। এই গরু শুধুমাত্র উত্তরাখণ্ডের পার্বত্য জেলাগুলিতে দেখতে পাওয়া যায়, যা আগে 'পাহাড়ি গরু' নামে পরিচিত ছিল। এই বদ্রী গরুর উৎপাদনশীলতা বাড়াতে সেক্স-সর্টেড সিমেন টেকনোলজি ব্যবহার করার সিদ্ধান্ত নিয়েছে রাজ্যের পশুপালন দফতর।

❑ উত্তর প্রদেশের ৪টি জেলায় গোন্ড সম্প্রদায়কে তপশিলি উপজাতি তালিকার অন্তর্ভুক্ত করতে বিধেয়ক পাস করল রাজ্যসভা। সংবিধান (তপশিলি জাতি ও তপশিলি উপজাতি) আদেশ (দ্বিতীয় সংশোধন) বিধেয়ক, ২০২২ অনুযায়ী, উত্তর প্রদেশের ৪টি জেলার (চান্দৌলি, কুশীনগর, সন্ত কবির নগর ও সন্ত রবিদাস নগর) গোন্ড সম্প্রদায়কে তপশিলি উপজাতি তালিকার অন্তর্ভুক্ত করা হবে।

❑ বাংলাদেশকে ১২০ রানে হারিয়ে, এবছর অন্ধদের জন্য টোয়েন্টি-২০ বিশ্বকাপ জিতল ভারত।

❑ স্পেনকে ১-০ ব্যবধানে হারিয়ে, ভ্যালেন্সিয়ায় উদ্বোধনী এফআইএইচ নেশনস কাপ জিতল ভারতীয় মহিলা হকি দল।

❑ পুনেরি পল্টনকে ৩৩-২৯ ব্যবধানে হারিয়ে, এবছর নবম 'প্রো কবাডি লিগ' জিতল জয়পুর পিঙ্ক প্যান্থার্স। এই নিয়ে দ্বিতীয়বার এই লিগে চ্যাম্পিয়ন হল তারা। এর আগে, ২০১৪ সালে এই প্রতিযোগিতা জিতেছিল জয়পুর দল।

**১৮ ডিসেম্বর :** 'হার্ভার্ড বিশ্ববিদ্যালয়'এর প্রথম কৃষ্ণাঙ্গ প্রেসিডেন্ট হলেন ক্লাউডিন গে।




**এবছর 'পেটা ইন্ডিয়া'র তরফ থেকে, 'বর্ষসেরা ব্যক্তিত্ব'র খেতাব পেলেন বলিউড অভিনেত্রী সোনাক্ষী সিনহা। কুকুর ও বিড়ালের অধিকারের জন্য তাঁর দৃঢ় সমর্থন তাঁকে এই পুরস্কার জিততে সহায়তা করেছে। তিনি সক্রিয়ভাবে প্রাণী কল্যাণমূলক কর্মকাণ্ডে জড়িত ও নিয়মিত পশু সুরক্ষা আইনের প্রয়োজনীয়তার বিষয়ে কথা বলেন।**

❑ ভাদোদরায়, 'গতি শক্তি বিশ্ববিদ্যালয়'এর প্রথম চ্যান্সেলর হলেন কেন্দ্রীয় রেল মন্ত্রী অশ্বিনী বৈষ্ণব।

❑ জম্মু-কাশ্মীরে, ভারতের দীর্ঘতম এসকেপ টানেল চালু করল 'ভারতীয় রেলওয়ে'। উধমপুর শ্রীনগর বারামুল্লা রেল

লিঙ্কের অধীনে, বানিহাল-কাটরা সেকশনে ১১১ কিলোমিটার দীর্ঘ এই টানেল তৈরি করা হয়েছে। হিমালয়ের রামবান অঞ্চলের ওপর দিয়ে এই টানেল তৈরি করা হয়েছে, যার পাশ দিয়ে বয়ে চলেছে 'চেনাব' নদী। যেকোনো জরুরি অবস্থা বা বিপর্যয়ের সময় উদ্ধারকাজে সাহায্য করার জন্যই এই টানেল তৈরি করা হয়েছে। ঘোড়ার নালের মতো আকৃতিবিশিষ্ট এই টানেলটি দক্ষিণ দিকে সাম্বার স্টেশন ইয়ার্ডের সঙ্গে খোদা গ্রামের খোদা নাল্লার ৪ নম্বর সেতু অতিক্রম করার পর উত্তর দিকে টি-৫০ টানেলের সঙ্গে সংযুক্ত করেছে। টি-৪৯ টানেলটি মূলত জোড়া টিউব টানেল, যা মূল টানেল ও এসকেপ টানেলের অন্তর্ভুক্ত। মোট ৩৩টি ক্রস-প্যাসেজের সঙ্গে সংযুক্ত রয়েছে এই টানেল। প্রসঙ্গত উল্লেখ্য, এর আগেও ২০২২ সালের জানুয়ারিতে ১২.৭৫ কিলোমিটার দীর্ঘ টানেল টি-৪৯ তৈরি করা হয়েছিল। তারপর, বানিহাল-কাটরা লাইনের চতুর্থ টানেল এটি।

❑ ২,৫০০ বছরের পুরনো সংস্কৃত ব্যাকরণের জটিল সূত্র সমাধান করে নজির গড়লেন ভারতীয় গবেষক তথা ছাত্র ঋষি রাজপোপাট। 'কেমব্রিজ বিশ্ববিদ্যালয়'এ গবেষণা করছেন তিনি। সম্প্রতি তাঁর গবেষণাপত্র প্রকাশিত হয়েছে। সেখানেই রয়েছে ব্যাকরণের সেই জটিল সমাধান সূত্র। পাণিনির ব্যাকরণে ছিল সেই সূত্র। যিশু খ্রিস্টের জন্মেরও ৫০০ বছর আগে এই ব্যাকরণ লিখেছিলেন পাণিনি। বিশেষজ্ঞরা জানিয়েছেন, এর ফলে পাণিনির ব্যাকরণ কম্পিউটারকেও শেখানো যাবে। অর্থাৎ, কম্পিউটারের মধ্যে প্রোগ্রাম হিসাবে ভরা যাবে। এই সূত্রের সমাধানের ফলে, একটি সংস্কৃত শব্দ থেকে হাজার হাজার সঠিক শব্দ তৈরি করা যাবে।

# ফুটবল বিশ্বকাপ - ২০২২



❑ বিজয়ী দল : আর্জেন্তিনা। ❑ রানার্স আপ : ফ্রান্স।
❑ তৃতীয় স্থান : ক্রোয়েশিয়া। ❑ চতুর্থ স্থান : মরক্কো।
❑ আয়োজক দেশ : কাতার। ❑ সংস্করণ : ২২ তম।
❑ সময়কাল : ২০ নভেম্বর থেকে ১৮ ডিসেম্বর। ❑ ম্যাসকট : লে'ইব।
❑ অফিসিয়াল বল : ২টি (বিশ্বকাপে প্রথমবারের মতো)। 'আল রিহলা' (গ্রুপ পর্ব থেকে কোয়ার্টার ফাইনাল) ও 'আল হিলম' (সেমিফাইনাল থেকে ফাইনাল)।
❑ অফিসিয়াল বল প্রস্তুতকারী প্রতিষ্ঠান : অ্যাডিডাস।
❑ থিম সং : ৫টি। (১) হায়া হায়া (বেটার টুগেদার), (২) আরহবো, (৩) উলায়েহ, (৪) ভামোস এ কাতার, (৫) অ্যারোপুয়েের্তো।
❑ অংশগ্রহণকারী দল : ৩২টি। ❑ ম্যাচ : ৬৪টি।
❑ উদ্বোধনী ম্যাচ : ২০ নভেম্বর (কাতার বনাম ইকুয়েডর)।
❑ ফাইনাল ম্যাচ : ১৮ ডিসেম্বর (আর্জেন্তিনা বনাম ফ্রান্স)।
❑ ফাইনাল ম্যাচ অনুষ্ঠিত হয় : লুসাইল স্টেডিয়াম। ❑ মোট গোল : ১৭২ (ম্যাচ প্রতি ২.৬৯টি)।
❑ দর্শক সংখ্যা : ৩৪,০৪,২৫২ (ম্যাচ প্রতি ৫৩,১৯১)।
❑ সোনার বুট : ফ্রান্সের কিলিয়ান এমবাপ্পে। ❑ সোনার বল : আর্জেন্তিনার লিওনেল মেসি।
❑ সোনার গ্লাভস : আর্জেন্তিনার গোলরক্ষক এমিলিয়ানো মার্টিনেজ।
❑ রুপোর বল : আর্জেন্তিনার এনজো ফার্নান্দেজ। ❑ ফেয়ার প্লে পুরস্কার : ইংল্যান্ড।
❑ বিশ্বকাপে প্রথম মহিলা রেফারি : স্তেফানি ফ্রাপার্ট (কোস্টারিকা বনাম জার্মানি)।
❑ সর্বোচ্চ গোলদাতা : ফ্রান্সের কিলিয়ান এমবাপ্পে (৮টি গোল)।
❑ সর্বকনিষ্ঠ খেলোয়াড় হিসাবে গোল করেছেন : স্পেনের পাবলো মার্টিন পেজ গাভিরা (১৮ বছর ১১০ দিন বয়সে)।
❑ ফাইনাল ম্যাচে হ্যাটট্রিক করেছেন : ফ্রান্সের কিলিয়ান এমবাপ্পে।
❑ টানা ৫টি বিশ্বকাপে গোল করা প্রথম খেলোয়াড় : পর্তুগালের ক্রিশ্চিয়ানো রোনাল্ডো।



## সাম্প্রতিক ঘটনাপ্রবাহ এক নজরে

❑ রাজ্যের সব প্রকল্পগুলির সুবিধা পেতে, আধার কার্ড থাকা বাধ্যতামূলক (অপ্রাপ্তবয়স্ক শিশু ছাড়া) করল তামিলনাড়ু সরকার। এই নির্দেশ অনুসারে, সরকারি কর্মচারী, সরকারি পেনশনভোগী ও রাজ্যের বিভিন্ন প্রকল্পের সুবিধাভোগীদের বাধ্যতামূলকভাবে আধার কার্ড নম্বর দিতে হবে।

❑ এবছর 'গ্লোবাল ফুড সিকিউরিটি ইনডেক্স' রিপোর্ট প্রকাশ করল ব্রিটিশ সাপ্তাহিক পত্রিকা 'দ্য ইকোনমিস্ট'। এই রিপোর্ট অনুযায়ী, তিউনিশিয়াকে অতিক্রম করে আফ্রিকার সবথেকে খাদ্য সুরক্ষিত দেশের তকমা পেল দক্ষিণ আফ্রিকা। অন্যদিকে, এই রিপোর্টে ৫৮.৯ স্কোর করে আলজেরিয়ার সঙ্গে ৬৮ তম স্থান পেয়েছে ভারত।

❑ ২০২৩ সালের ফেব্রুয়ারিতে, ফিফা ক্লাব বিশ্বকাপ আয়োজন করবে মরক্কো।

**১৯ ডিসেম্বর** : ৩ বছরের জন্য, 'অ্যাটমিক এনার্জি রেগুলেটরি বোর্ড'এর চেয়ারপার্সন হলেন দীনেশ কুমার শুক্লা।

❑ 'কাউন্টার ইনসারজেন্সি ফোর্স কিলো'র জেনারেল অফিসার কম্যান্ডিং হলেন মেজর জেনারেল মোহিত শেঠ।

❑ দারিদ্রসীমার নীচে থাকা মানুষদের ৫০০ টাকায় গ্যাস সিলিন্ডার দেওয়ার সিদ্ধান্ত নিল রাজস্থান সরকার। যেসব পরিবারের বিপিএল কার্ড আছে ও যাঁরা 'উজ্জ্বলা যোজনা'য় রান্নার গ্যাস পান, শুধুমাত্র তাঁরাই এই সুবিধা পাবেন। ২০২৩ সালের ১ এপ্রিল থেকে এই নতুন দাম কার্যকর হবে।

❑ ভারতের একমাত্র বিশ্ববিদ্যালয় হিসাবে, 'ন্যাশনাল অ্যাসেসমেন্ট অ্যান্ড অ্যাক্রিডিটেশন কাউন্সিল'এর গ্রেডিংয়ে 'এ' গ্রেড পেল পঞ্জাবের অমৃতসরের 'গুরু নানক দেব বিশ্ববিদ্যালয়'। ভারতের একমাত্র রাজ্য/কেন্দ্রীয়/ বিশ্ববিদ্যালয় হিসাবে, ৩.৮৫ স্কোর করে এই গ্রেড পেল তারা। এছাড়াও, 'বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন'এর তরফ থেকে 'উৎকর্ষের জন্য সম্ভাবনার বিশ্ববিদ্যালয়'এর মর্যাদাও পেয়েছে এই বিশ্ববিদ্যালয়।

❑ আর কিছুদিনের মধ্যেই 'প্রলয়' নামে ভূমি থেকে ভূমি ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র পাচ্ছে ভারতীয় সেনাবাহিনী। এই ক্ষেপণাস্ত্র অন্তত ১৫০-৫০০ কিলোমিটার দূরে শত্রুঘাঁটিতে আঘাত হানতে সক্ষম, যা মাঝ আকাশে একটি নির্দিষ্ট দূরত্ব যাওয়ার পর নিজের রুট বদলেও ফেলতে পারে। ২০২১ সালের আগস্টে, ওড়িশার চাঁদিপুর উপকূলে 'প্রলয়'এর চূড়ান্ত দফার পরীক্ষা হয়েছিল। ডিআরডিও'র বিজ্ঞানীদের তৈরি কঠিন জ্বালানি চালিত এই ক্ষেপণাস্ত্রের পাল্লা ২০০ থেকে ৫০০ কিলোমিটার।

❑ মধ্য প্রদেশের ইন্দোরের এমহাউ'তে, সাধারণ মানুষের জন্য খুলে দেওয়া হল ভারতের প্রথম তথা বিশ্বের দ্বিতীয় পদাতিক জাদুঘর। বিশ্বে প্রথম মার্কিন যুক্তরাষ্ট্রে এই ধরনের জাদুঘর চালু রয়েছে। দেশের পদাতিক বাহিনীর কৃতিত্ব সাধারণ মানুষের কাছে তুলে ধরতেই বিশ্বমানের জাদুঘর তৈরি করা হয়েছে। ১৭৪৭ থেকে ২০২০ সাল পর্যন্ত পদাতিক বাহিনীর ইতিহাস এই জাদুঘরে স্থান পেয়েছে।

❑ আন্তর্জাতিক ফুটবল থেকে অবসর নিলেন ফরাসি ফুটবল তারকা করিম বেঞ্জেমা।

☛ এরপর আগামী সপ্তাহে

সঙ্কলক : পল্লবী দেওয়ান

## কেন্দ্রীয় সংস্থায় ১৮২ চাকরি

**নিজস্ব সংবাদদাতা, মুম্বই** : কেন্দ্রীয় সরকারের ন্যাশনাল টেকনিক্যাল রিসার্চ অর্গানাইজেশন 'অ্যাভিয়েটর-II' ও 'টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট' পদে ১৮২ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

**অ্যাভিয়েটর -II** : ইলেক্ট্রনিক্স, কমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, টেলিকমিউনিকেশন, অ্যাপ্লায়েড ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স (মাইক্রোওয়েভ), পাওয়ার ইলেক্ট্রনিক্স, অ্যাপ্লায়েড ইলেক্ট্রনিক্স, ইন্সট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল, কম্পিউটার সায়েন্স, কম্পিউটার, ইনফর্মেশন টেকনোলজি, অ্যারোনটিক্যাল, এয়ারক্র্যাফ্ট মেন্টেন্যান্স, মেকানিক্যাল, মেকানিক্যাল অ্যান্ড অটোমেশন, ইন্সট্রুমেন্টেশন, অ্যাপ্লায়েড ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন, মেকাট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স, অ্যাপ্লায়েড ইলেক্ট্রনিক্স, পাওয়ার ইলেক্ট্রনিক্স, অঙ্ক, অ্যাপ্লায়েড ম্যাথমেটিক্স, ম্যাথমেটিক্স অ্যান্ড কম্পিউটিং, ইনফরমেটিক্স, ফিজিক্স, অ্যাপ্লায়েড ফিজিক্সের মাস্টার ডিগ্রি কোর্স পাশরাও যোগ্য। বয়স হতে হবে ৩৫ বছরের মধ্যে। শরীরের মাপজোখ হতে হবে ছেলেদের বেলায় লম্বায় অন্তত ১৫৫ সেমি ও মেয়েদের বেলায় লম্বায় অন্তত ১৫০ সেমি। ওজন হতে হবে উচ্চতার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ। দৃষ্টিশক্তি হতে হবে ৬/৬ ও ৬/৯। শূন্যপদ : ২২টি (জেনাঃ ১১, ই.ডব্লু.এস. ২, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৫)।

**টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট** : টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট নেওয়া এই দুই শাখায় : কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইনফর্মেশন টেকনোলজি ও ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন।

কম্পিউটার সায়েন্স, কম্পিউটার্স, ইনফর্মেশন টেকনোলজি, ডাটা সায়েন্স, আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স, মেশিন লার্নিং, ইনফর্মেশন সায়েন্স, বিগ ডাটা অ্যানালিটিক্স, সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং, জিওইনফর্মেটিক্স, সাইবার সিকিউরিটি, জিওম্যাটিক্স, জিওস্পেশিয়াল ইনফর্মেশন সিস্টেম, ইনফর্মেশন সিকিউরিটি, মেকানিক্যাল, রিমোট সেন্সিং, ডিপলার্নিং, রোবোটিক্স ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা 'কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইনফর্মেশন টেকনোলজি' শাখার জন্য যোগ্য। শূন্যপদ : ৮১টি (জেনাঃ ৩৪, ই.ডব্লু.এস. ৮, তঃজাঃ ১২, তঃউঃজাঃ ৫, ও.বি.সি. ২২)।

ইলেক্ট্রনিক্স, কমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন (অ্যাভোনিক্স), টেলিকমিউনিকেশন, অ্যাপ্লায়েড ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কম্পিউটার, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স (মাইক্রোওয়েভ), পাওয়ার ইলেক্ট্রনিক্স, অ্যাপ্লায়েড ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স ইন্সট্রুমেন্ট অ্যান্ড কন্ট্রোল, ইন্সট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল মেকাট্রনিক্স, ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড কম্পিউটার ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা 'ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন' শাখার জন্য যোগ্য। বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। শূন্যপদ : ৭৯টি (জেনাঃ ৩৩, ই.ডব্লু.এস. ৮, তঃজাঃ ১১, তঃউঃজাঃ ৫, ও.বি.সি. ২২)।

প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। ২০০ নম্বরের পরীক্ষায় ৮০টি প্রশ্ন হবে সংশ্লিষ্ট বিষয়ের ওপর আর ২০টি প্রশ্ন হবে মেন্টাল এবিলিটি ও রিজনিং বিষয়ে। প্রতিটি প্রশ্নে থাকবে ২ নম্বর। সময় থাকবে ১৫০ মিনিট। নেগেটিভ মার্কিং আছে। এরপর হবে ৫০ নম্বরের ইন্টারভিউ।

দরখাস্ত করবেন অনলাইনে, ২১ জানুয়ারির মধ্যে। এই ওয়েবসাইটে : https://recruit-ndl.neilit.gov.in এজন্য বৈধ ই-মেল আই.ডি. থাকতে হবে। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ৫০০ টাকা অনলাইনে জমা দেবেন। তপশিলী, প্রতিবন্ধী ও মহিলাদের ফী লাগবে না। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

কর্মসংস্থান LIVE TM

সাম্প্রতিক তথ্যে ভরা

# জিজ্ঞাসা

**চা**করির পরীক্ষার কোনো প্রশ্ন আছে? দরখাস্ত করেও কোনো খবর পাচ্ছেন না, নাকি পরীক্ষা দিয়েও ফল কবে বেরোবে জানতে পারছেন না? দরখাস্ত বাতিল হয়ে যাবে কিনা ভাবছেন? কবে, কোথায় পরীক্ষা হবে? কী কী বিষয় থাকবে? অ্যাডমিট কার্ড এখনো পাননি, কবে পাবেন বুঝতে পারছেন না? বিজ্ঞপ্তি কবে বেরোবে? কোথায় যোগাযোগ করবেন? এইসব প্রশ্নের উত্তর জানতে এইসব সাত-সতেরো প্রশ্নের উত্তর ধারাবাহিকভাবে দিচ্ছেন রঞ্জিৎ ঘোষ।

এই বিভাগে উত্তর পেতে হলে E-mail করুন এইনম্বরে : karmajiggasa@gmail.com ই-মেলে নিজের নাম, পুরো ঠিকানা, ফোন নম্বর উল্লেখ করবেন।

## সি-টেট-এর

■ *সি-টেট পাশ করলে পশ্চিমবঙ্গের প্রাইমারি টিচার পদের জন্য সরাসরি ইন্টারভিউয়ে অংশ নিতে পারব কি? — রতন দাস, কোন্নগর, হুগলি।*

■■ হ্যাঁ, পারবেন। কলকাতা হাই কোর্টের বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায় ২২ ডিসেম্বর এক নির্দেশে জানান, 'সি-টেট' পাশ প্রার্থীরা প্রাথমিক শিক্ষক নিয়োগে অংশগ্রহণ করতে পারবেন। তবে তাঁদের চাকরির সুপারিশপত্র দেওয়া হবে কিনা, সে বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নেবে আদালত। ভারতের বেশিরভাগ রাজ্যের শিক্ষক নিয়োগ প্রক্রিয়ায় কেন্দ্রীয় টেট (সি-টেট) উত্তীর্ণ প্রার্থীরা অংশ নিতে পারতেন। পশ্চিমবঙ্গে এতদিন পর্যন্ত 'সি-টেট' পাশ প্রার্থীরা অংশগ্রহণ করতে পারছিলেন না। 'সি-টেট' পাশ একজন প্রার্থী কলকাতা হাই কোর্টে চ্যালেঞ্জ করে মামলা করেন। মামলার আইনজীবী ফিরদৌস শামিম ওই শুনানিতে দাবি করেন, কেন্দ্রীয় 'সি-টেট' পাশরা কেন রাজ্যের শিক্ষক নিয়োগ প্রক্রিয়ায় অংশগ্রহণ করতে পারবে না? আদালত মামলাকারীর বক্তব্য শুনে নিয়োগ প্রক্রিয়ায় অংশগ্রহণের ছাড়পত্র দেয়।

■ *কর্মরত সরকারি স্কুলের প্রাথমিক শিক্ষক। এন.আই.ও.এস. থেকে ডি.এল.এড. করেছি। 'সি-টেট' পরীক্ষা দিতে পারব কি? — কৌশিক দে, বাড়ুই পাড়া, কুমারগ্রাম, আলিপুরদুয়ার।*

■■ হ্যাঁ, পারবেন।

■ *প্রতি বছরই কি 'সি-টেট' পরীক্ষা নেওয়া হয়? — নয়ন ঘোষ, কৃষ্ণনগর, নদিয়া।*

■■ হ্যাঁ, প্রতি বছরই সি-টেট পরীক্ষা নেওয়া হয়।

■ *সি-টেট পরীক্ষার সিলেবাস জানাবেন। এই পরীক্ষা বছরে ক'বার হয়? — আকবর আলি, করণদীঘি, উত্তর দিনাজপুর।*

■■ 'সি-টেট' পরীক্ষা হয় সাধারণত বছরে দু'বার - জানুয়ারি ও জুলাইয়ে। 'সি-টেট' পরীক্ষা নেয় সেন্ট্রাল বোর্ড অফ সেকেন্ডারি এডুকেশন। 'Central Teacher Eligibility Test (CTET)' পরীক্ষার মাধ্যমে। প্রথমে কম্পিউটার বেসড টেস্ট (সি.বি.টি.) পরীক্ষা হয় কলকাতা-সহ বিভিন্ন কেন্দ্রে। প্রশ্ন হয় বাংলা, ইংরিজি, হিন্দি, অসমীয়া, সংস্কৃত-সহ দেশের ২০টি আঞ্চলিক ভাষায়। যে কোনো দু'টি ভাষায় পরীক্ষা দেওয়ার সুযোগ পাবেন।

প্রথম পেপারে আড়াই ঘন্টার পরীক্ষা হয় বেলা সাড়ে ৯টা থেকে ১২টা পর্যন্ত। দ্বিতীয় পেপারের আড়াই ঘন্টার পরীক্ষা হবে আড়াইটা থেকে ৫টা পর্যন্ত। দুই পেপারেই প্রশ্ন হয় অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের। নেগেটিভ মার্কিং নেই। যাঁরা ক্লাস ওয়ান থেকে ক্লাস ফাইভ ও ক্লাস সিক্স থেকে ক্লাস এইট পর্যন্ত — দুই ক্ষেত্রেই পরীক্ষা দেবেন, তাঁদের বেলায় দু'টি পেপারেই পরীক্ষা দিতে হবে। পরীক্ষা সংক্রান্ত বিস্তারিত সিলেবাস পাবেন ওয়েবসাইট থেকে।

প্রথম থেকে পঞ্চম শ্রেণি পর্যন্ত স্কুলের বেলায় ১৫০ নম্বরের ১৫০টি মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এই সব বিষয়ে : (১) চাইল্ড ডেভেলপমেন্ট অ্যান্ড পেডাগগি - ৩০ নম্বরের ৩০টি প্রশ্ন, (২) প্রথম ল্যাঙ্গোয়েজ পেপার - ৩০ নম্বরের ৩০টি প্রশ্ন, (৩) দ্বিতীয় ল্যাঙ্গোয়েজ পেপার - ৩০ নম্বরের ৩০টি প্রশ্ন, (৪) অঙ্ক - ৩০ নম্বরের ৩০টি প্রশ্ন, (৫) এনভায়রণমেন্টাল স্টাডিজ - ৩০ নম্বরের ৩০টি প্রশ্ন।

ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণি পর্যন্ত স্কুলের বেলায় ১৫০ নম্বরের ১৫০টি মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এই সব বিষয়ে : (১) চাইল্ড ডেভেলপমেন্ট অ্যান্ড পেডাগগি - ৩০ নম্বরের ৩০টি প্রশ্ন, (২) প্রথম ল্যাঙ্গোয়েজ পেপার - ৩০ নম্বরের ৩০টি প্রশ্ন, (৩) দ্বিতীয় ল্যাঙ্গোয়েজ পেপার - ৩০ নম্বরের ৩০টি প্রশ্ন, (৪) অঙ্ক ও বিজ্ঞান (অঙ্ক ও বিজ্ঞান বিষয়ের শিক্ষক হতে হলে) - ৬০ নম্বরের ৬০টি প্রশ্ন, / (৫) সোশ্যাল স্টাডিজ /সোশ্যাল সায়েন্স (সোশ্যাল স্টাডিজ বা, সোশ্যাল সায়েন্সের শিক্ষক হতে হলে) - ৬০ নম্বরের ৬০টি প্রশ্ন। ন্যূনতম ৬০% নম্বর পেলে কোয়ালিফাই করতে পারবেন। বিজ্ঞপ্তি বেরোলে দরখাস্ত করবেন অনলাইনে, এই ওয়েবসাইটে : www.ctet.nic.in

## পি.এস.সি'র

■ *আই.সি.ডি.এস. সুপারভাইজর পদের জন্য শিক্ষাগত যোগ্যতা, বয়স, প্রার্থী বাছাই পদ্ধতি জানাবেন। এই পরীক্ষার বিজ্ঞপ্তি কি প্রতি বছরই বেরোয়? আগামী বছর কি বিজ্ঞপ্তি বেরোবে? — প্রিয়াঙ্কা চক্রবর্তী, বারাসাত, নবপল্লী, উত্তর ২৪ পরগনা। মিতালী দাস, মুর্শিদাবাদ।*

■■ যে কোনো শাখার গ্র্যাজুয়েট তরুণীরা ৩৯ বছরের মধ্যে বয়স হলে আবেদন করতে পারেন। পশ্চিমবঙ্গের তপশিলী সম্প্রদায়ের প্রার্থীরা ৫ বছর, ও.বি.সি. সম্প্রদায়ের প্রার্থীরা ৩ বছর ও দৈহিক প্রতিবন্ধীরা ৬ বছর বয়সে ছাড় পাবেন। অন্য রাজ্যের ছেলেমেয়েরা 'সাধারণ প্রার্থী' হিসাবে আবেদন করার যোগ্য। মূল মাইনে : ৭,১০০-৩৭,৬০০ টাকা। গ্রেড পে ৩,৬০০ টাকা। প্রার্থী বাছাই করবে পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশন। এর্জন্য প্রথমে প্রিলিমিনারি স্ক্রিনিং টেস্ট হবে, তারপর লিখিত পরীক্ষা হবে। তারপর ইন্টারভিউ হবে। প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে ১০০ নম্বরের প্রিলিমিনারি পরীক্ষা হবে। এই পরীক্ষায় কোয়ালিফাইং নম্বর পেলে ৪০০ নম্বরের মেন পরীক্ষা। তারপর হবে ৫০ নম্বরের ইন্টারভিউ। ১০০ নম্বরের প্রিলিমিনারি পরীক্ষায় ১০০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (ক) জেনারেল নলেজ, (খ) অ্যারিথমেটিক, (গ) টেস্ট অফ রিজনিং (ভার্বাল ও নন-ভার্বাল)। প্রতিটি প্রশ্নে থাকবে ১ নম্বর। সময় থাকবে ১ ঘন্টা। নেগেটিভ মার্কিং আছে। মেন পরীক্ষায় ৪০০ নম্বরের ডেসক্রিপ্টিভ টাইপের এই ৪টি পেপার থাকবে : (ক) ইংরিজি - ১০০ নম্বর। সময় ৯০ মিনিট। (খ) বাংলা - ১০০ নম্বর। সময় ৯০ মিনিট। (গ) জেনারেল স্টাডিজ ও কারেন্ট অ্যাফেয়ার্স - ১০০ নম্বর। সময় ৯০ মিনিট। (ঘ) অ্যারিথমেটিক - ১০০ নম্বর। সময় ৯০ মিনিট। ইংরিজি বিষয়ে প্রশ্ন হবে উচ্চমাধ্যমিক মানের। এইসব বিষয়ে : রিপোর্ট ড্রাফটিং, বাংলা থেকে ইংরিজিতে অনুবাদ, সামারি / প্রেসি লেখা, ইংরিজি গ্রামার (শব্দের সঠিক ব্যবহার, ভয়েস চেঞ্জ, ন্যারেশন, বাক্য গঠন, বাক্য সংশোধন, কমন ফ্রেজ, সিনোনিম ও অ্যান্টনিম)। বাংলা বিষয়ে থাকবে রিপোর্ট লেখা, ইংরিজি থেকে বাংলায় অনুবাদ, সামারি / প্রেসি লেখা, গ্রামার। জেনারেল স্টাডিজ ও কারেন্ট অ্যাফেয়ার্স বিষয়ে থাকবে জীবনবিজ্ঞান (নিউট্রিশন ও হেলথ-সহ), উইমেন এমপাওয়ারমেন্ট, জেনারেল নলেজ (ইতিহাস, ভূগোল, পরিবেশ বিজ্ঞান, ভৌতবিজ্ঞান), কারেন্ট অ্যাফেয়ার্স, ভার্বাল ও নন-ভার্বাল রিজনিং। অ্যারিথমেটিকে থাকবে মাধ্যমিক মানের অঙ্ক। জেনারেল স্টাডিজ ও কারেন্ট অ্যাফেয়ার্স আর অ্যারিথমেটিকের উত্তর বাংলায় লিখতে পারবেন। প্রিলি. পরীক্ষায় সফল হলে মেন পরীক্ষা। মেন পরীক্ষার তারিখ পরে জানানো হবে। চূড়ান্ত তালিকা তৈরির সময় মেন পরীক্ষায় পাওয়া নম্বর ও ইন্টারভিউয়ের নম্বর দেখা হবে। এই পরীক্ষার বিজ্ঞপ্তি প্রতি বছরই বেরোয়না। গত বারের পরীক্ষার ইন্টারভিউ হয়েছে। নতুন বছরেই চূড়ান্ত ফল বেরোবে। তবে ২০২৩ সালে এই পদে লোক নেওয়া হতে পারে।

■ *আই.সি.ডি.এস. সুপারভাইজর পদের যে ইন্টারভিউ সেপ্টেম্বরে হল, তার চূড়ান্ত ফল কবে বেরোবে? — চন্দনা বনিক, বসিরহাট, উত্তর ২৪ পরগনা। দিপালী সাহা, হুগলি।*

■■ পি.এস.সি. সূত্রে খবর, আই.সি.ডি.এস. সুপারভাইজর পদের চূড়ান্ত ফল বেরোবে জানুয়ারির মাঝামাঝি নাগাদ।

■ *আই.সি.ডি.এস.-এর সুপারভাইজর পদের প্রোমোশনাল পদের যে লিখিত পরীক্ষা হয়েছিল, তার ফল কবে বেরোবে? — অর্পিতা দত্ত, ব্যারাকপুর, উত্তর ২৪ পরগনা।*

■■ জানুয়ারি-ফেব্রুয়ারিতে ফল বেরোনোর সম্ভাবনা আছে।

■ *২০২২ সালের ডব্লু.বি.সি.এস. প্রিলি. পরীক্ষার ফল কবে বেরোবে? — মনোজিৎ ঘোষ, বারাসাত, উত্তর ২৪ পরগনা।*

■■ ফল বেরোবে জানুয়ারিতে।

■ *২০২৩ সালের ডব্লু.বি.সি.এস. প্রিলি. পরীক্ষার বিজ্ঞপ্তি কবে বেরোবে? প্রিলি. পরীক্ষা কবে হবে? — প্রিতম মন্ডল, মধ্যমগ্রাম, উত্তর ২৪ পরগনা।*

■■ ২০২৩ সালের ডব্লু.বি.সি.এস. প্রিলি. পরীক্ষার বিজ্ঞপ্তি বেরোবে জানুয়ারিতে। প্রিলি. পরীক্ষা হবে সম্ভবত এপ্রিলের প্রথম সপ্তাহে।

## প্রাইমারি টিচারের

■ *প্রাইমারি টিচারের ইন্টারভিউ কবে থেকে শুরু হবে? উত্তর ২৪ পরগনা জেলায় ইন্টারভিউ কবে থেকে শুরু হবে? — বিকাশ দাস, বসিরহাট, উত্তর ২৪ পরগনা। বিপাসা নাথ, বেথায়াডহরী, নদিয়া।*

■■ প্রথম পর্যায়ে কলকাতা জেলার প্রার্থীদের ইন্টারভিউ শুরু হয়েছে ২৭ ডিসেম্বর থেকে। প্রথম পর্যায়ে ২০০ জন প্রার্থীকে ইন্টারভিউয়ে ডাকা হয়েছে। কবে, কাদের ইন্টারভিউ হবে তা ওয়েবসাইটে পাবেন। অন্যান্য জেলার প্রার্থীদের ইন্টারভিউয়ের তারিখ এখনো ঠিক হয়নি। তবে কলকাতা জেলার প্রার্থীদের ইন্টারভিউ শেষ হওয়ার পর অন্যান্য জেলার ইন্টারভিউ হবে।

■ *প্রাইমারি 'টেট'এর উত্তরপত্র (অ্যানসর কী) কবে প্রকাশিত হবে? ফল কবে বেরোবে? — সন্দীপ ঘরামী, রামনগর, বাগদা, উত্তর ২৪ পরগনা।*

■■ 'টেট'এর অ্যানসার কী এ সপ্তাহেই প্রকাশিত হবে। ফল বেরোবে জানুয়ারিতে।

## কলেজ সার্ভিসের

■ *কলেজ সার্ভিস কমিশনের 'সেট' পরীক্ষা কবে হবে? এবার কত জন প্রার্থী পরীক্ষা দেবেন? শূন্যপদ কত? অ্যাডমিট কার্ড কি ছাড়া হচ্ছে? — তপন বিশ্বাস, ঠাকুরনগর, বনগাঁও, উত্তর ২৪ পরগনা।*

■■ 'পশ্চিমবঙ্গ কলেজ সার্ভিস কমিশন'এর ২০২৩ সালের স্টেট এলিজিবিলিটি টেস্ট বা, 'সেট' পরীক্ষা হবে ৮ জানুয়ারি। এবার পরীক্ষার্থীর সংখ্যা ৮৫ হাজার ৭১২ জন। পশ্চিমবঙ্গে ১০৮ পরীক্ষা কেন্দ্রে (কলেজ ও বিশ্ববিদ্যালয় মিলিয়ে) এই পরীক্ষা নেওয়া হবে। মোট ২টি পেপারের পরীক্ষা হবে। প্রথম পেপারের পরীক্ষা হবে সাড়ে ১০টা থেকে সাড়ে ১১টা পর্যন্ত। দ্বিতীয় পেপারের পরীক্ষা হবে ১২টা থেকে ২ টো পর্যন্ত। ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন এই ওয়েবসাইট থেকে : www.wbcsc.ac.in

## পশ্চিমবঙ্গ পুলিশে

■ *২০২৩ সালের পশ্চিমবঙ্গ পুলিশের কনস্টেবল ও সাব-ইন্সপেক্টর পদের বিজ্ঞপ্তি বেরোবে কি? — শুভজিৎ দত্ত, অশোকনগর, উত্তর ২৪ পরগনা।*

■■ হ্যাঁ, বেরোবে।

## রেলে চাকরির

■ *রেলের গ্রুপ-ডি পদের যে সি.বি.টি. টেস্ট হয়েছিল, তার ফল কি বেরিয়েছে? শারীরিক সক্ষমতার পরীক্ষা কবে হবে? — পিয়ুস কান্তি ঘোষ, বারুইপুর, দক্ষিণ ২৪ পরগনা।*

■■ ভারতীয় রেলের বিভিন্ন রেলওয়ে রিক্রুটমেন্ট সেলের মাধ্যমে গ্রুপ-ডি পদের (বিজ্ঞপ্তি নং আর.আর.সি. ০১/২০১৯ - লেভেল-।)'এর যে কম্পিউটার বেসড টেস্ট (সিবিটি) ১৭ আগস্ট থেকে ১১ অক্টোবর পর্যন্ত বিভিন্ন ফেজে হয়েছিল, তার ফল বেরিয়েছে ২২ ডিসেম্বর। রেল বোর্ড আগেই জানিয়েছিল ফল বেরোবে ২৪ ডিসেম্বর। ২ দিন আগে ফল প্রকাশিত হয়। সফলদের রোল নম্বরের তালিকা সংশ্লিষ্ট রেলওয়ে রিক্রুটমেন্ট সেলের ওয়েবসাইটে পাবেন। সি.বি.টি. টেস্টে সফলদের এরপর শারীরিক সক্ষমতার (PFT) পরীক্ষা হবে জানুয়ারি থেকে, বিভিন্ন রেলওয়ে রিক্রুটমেন্ট সেলের অধীনে। এই পরীক্ষায় থাকবে ছেলেদের বেলায় — (ক) ৩৫ কেজি ওজনের বস্তুকে নিয়ে ২ মিনিটে ১০০ মিটার দূরত্ব লিফট ও বহন করা (এক বার সুযোগ পাবেন), (খ) ৪ মিনিট ১৫ সেকেন্ডে ১,০০০ মিটার দৌড়তে হবে (এক সুযোগে)। মেয়েদের বেলায় — (ক) ২০ কেজি ওজনের বস্তুকে নিয়ে ২ মিনিটে ১০০ মিটার দূরত্ব লিফট ও বহন করা (এক বার সুযোগ পাবেন), (খ) ৫ মিনিট ৪০ সেকেন্ডে ১,০০০ মিটার দৌড়তে হবে (এক সুযোগে)। এরপর হবে সার্টিফিকেট ভেরিফিকেশন।

## রাজ্য ও কেন্দ্রীয় সরকারের যেসব পদে এখনো দরখাস্ত করতে পারবেন

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন দফতরে লোক নেওয়ার খবর বেরোলেই তা যথাসময়ে 'কর্মসংস্থান'এ দেওয়া হয়। অনেক ক্ষেত্রে দেখা যায়, প্রার্থী সেই সংখ্যা সংগ্রহ করতে না পারার জন্য দরখাস্ত করতে পারেন না। তাই প্রার্থীদের সুবিধার জন্য এখনো কোন কোন পদে দরখাস্ত করার সুযোগ আছে, তা এক নজরে দেওয়া শুরু হল।

| পদ | যোগ্যতা | শূন্যপদ | শেষ তারিখ | ওয়েবসাইট |
|---|---|---|---|---|
| পি.এস.সি. মাধ্যমে অডিট অ্যান্ড অ্যাকাউন্টস অফিসার | কমার্স শাখার গ্র্যাজুয়েট | ২৫ | ৪-১-২৩ | www.pscwbapplication.in |
| বিনা খরচে ইঞ্জিনিয়ারিং পড়ে সেনাবাহিনীতে চাকরি | উচ্চমাধ্যমিক | ৯০ | ৩০-১২-২২ | www.joinindianarmy.nic.in |
| ন্যাভাল ডকইয়ার্ডে অ্যাপ্রেন্টিস | ITI পাশ | ২৭৫ | ২-১-২৩ | www.apprenticeshipindia.gov.in |
| দুর্গাপুর স্টিল প্ল্যান্টে টেকনিশিয়ান | ITI ও ডিপ্লোমা | ৫৯ | ৭-১-২৩ | www.sail.co.in |
| এয়ারফোর্সে অফিসার | গ্র্যাজুয়েট | ২৫৮ | ৩০-১২-২২ | www.careerindianairforce.cdac.in |
| এয়ারফোর্সে অ্যাপ্রেন্টিস | আই.টি.আই. | ১০৮ | ৫-১-২৩ | http://apprenticeshipindia.gov.in |
| পাওয়ার ডিগ্রি ডিপ্লোমা ট্রেনি | ডিপ্লোমা পাশ | ২১১ | ৩১-১২-২২ | www.powergrid.in |
| দামোদর ভ্যালি কর্পোরেশনে ইঞ্জিনিয়ার | গ্র্যাজুয়েট | ১০০ | ৩১-১২-২২ | www.dvc.gov.in |
| স্টাফ সিলেকশন কমিশনের মাধ্যমে কম্বাইন্ড হায়ার সেকেন্ডারি লেভেল পরীক্ষা | উচ্চমাধ্যমিক পাশ | ৪৫০০ | ৪-১-২৩ | www.ssconline.nic.in |
| এয়ারপোর্টস অথরিটিতে জুনিয়র এক্সিকিউটিভ | গ্র্যাজুয়েট | ৫৯৬ | ১১-১-২৩ | www.airportsindia.org.in |
| নিউক্লিয়ার পাওয়ার কর্পোঃ স্টাইপেন্ডিয়ারি ট্রেনি | ডিপ্লোমা, গ্র্যাজুয়েট | ২৪৩ | ৫-১-২৩ | www.npcilcareers.co.in |
| কোলফিল্ডে সার্ভেয়র | ডিপ্লোমা | ২৯৫ | ২৩-১-২৩ | www.mahanadicoal.in |
| মধ্য রেলে অ্যাপ্রেন্টিস | মাধ্যমিক, ITI | ১৩৫ | ১৫-১-২৩ | www.rrccr.com |
| নিউক্লিয়ার পাওয়ার কর্পোঃ অ্যাসিস্ট্যান্ট, স্টেনো | ডিপ্লোমা, আই.টি.আই. | ৮৬ | ৬-১-২৩ | www.npcilcareers.co.in |
| ইন্ডিয়ান অয়েলে অ্যাপ্রেন্টিস অ্যাসিস্ট্যান্ট, স্টেনো | ডিপ্লোমা, HS আই.টি.আই. | ১৭৪০ | ৩-১-২৩ | http://apprenticeshipindia.org |
| ব্যাঙ্কে অফিসার | গ্র্যাজুয়েট | ১০০ | ৩-১-২৩ | www.sidbi.in |
| আই.আই.টি. কানপুরে জুনিয়র টেকনিশিয়ান | ডিগ্রি ও ডিপ্লোমা | ১০০ | ৯-১-২৩ | www.iitk.ac.in/infocell/recruitment |

# ৮ কেন্দ্রীয় বাহিনীর কনস্টেবল



কেন্দ্রীয় সরকারের স্বরাষ্ট্র মন্ত্রকের অধীন বর্ডার সিকিউরিটি ফোর্স, সেন্ট্রাল ইন্ডাস্ট্রিয়াল সিকিউরিটি ফোর্স, ইন্দো-তিব্বত সীমান্ত পুলিশ, সশস্ত্র সীমা বল ও সেক্রেটারিয়েট সিকিউরিটি ফোর্স (এস.এস.এফ.)'এ 'কনস্টেবল (জেনারেল ডিউটি)' পদে আর অসম রাইফেলসে 'রাইফেলম্যান (জেনারেল ডিউটি)' আর 'নারকোটিক্স কন্ট্রোল ব্যুরোতে (সেপাই)' পদে ৪৫২৮৪ জন ছেলেমেয়ে নেওয়া হচ্ছে। প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে 'কম্পিউটার বেসড পরীক্ষা (সি.বি.ই.)' হবে ১০ জানুয়ারি থেকে ১৪ ফেব্রুয়ারি। এই পরীক্ষায় ১৬০ নম্বরের ৮০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) পার্ট-এ : জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং - ৪০ নম্বরের ২০টি প্রশ্ন, (২) পার্ট-বি : জেনারেল নলেজ অ্যান্ড জেনারেল অ্যাওয়ারনেস - ৪০ নম্বরের ২০টি প্রশ্ন, (৩) পার্ট-সি : এলিমেন্টারি ম্যাথমেটিক্স - ৪০ নম্বরের ২০টি প্রশ্ন, (৪) পার্ট-ডি : ইংরিজি /হিন্দি - ৪০ নম্বরের ২০টি প্রশ্ন। সময় থাকবে ১ ঘণ্টা। পরীক্ষায় প্রশ্ন হবে ইংরিজি, হিন্দিতে। প্রশ্ন হবে মাধ্যমিক মানের। এই পরীক্ষায় যেমন ধরনের প্রশ্ন এবার আসার সম্ভাবনা তেমনই ১'সেট প্রশ্নোত্তর নিয়ে আলোচনা করছেন চাকরির পরীক্ষায় বিশেষজ্ঞ অমিয় দে (শংকর দা)।

## ENGLISH

1. Select the most appropriate ANTONYM of the given word.

**Ample**

(a) Enough (b) Plenty (c) Spare (d) Scarce

2. Select the option that can be used as a one-word substitute for the given group of words.

**Handwritten book**

(A) Draft (b) Edition (c) Manuscript (d) Outline

3. Select the most appropriate option to fill in the blank.

Hill stations like Darjeeling and Nainital offer ______ to weary tourists during summer.

